আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

২৬ বছরে

# বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

বর্ষ ২৭ || সংখ্যা ২৫ || সোমবার || চৈত্র ৫ || ১৪২৯ || শাবান ২৪ || ১৪৪৪ || Vol. 27 || Issue 25 || 20 March || 2023 || USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৩ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

র‌্যাবের প্রতি প্রধানমন্ত্রী

## যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞা নিয়ে ঘাবড়ানোর কিছু নেই

**বাসস:** যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞা প্রসঙ্গে র‌্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নের (র‌্যাব) সদস্যদের প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, এ ব্যাপারে আমি বলব, **(বাকি অংশ ২০ পাতায়)**

মানবতার কল্যানে কাজ করার আহ্বান-উদ্বোধনী অনুষ্ঠানে মেয়র এরিক এডাম

# ইস্ট এলমহার্স্টে সর্ববৃহৎ বাংলাদেশী মসজিদের উদ্বোধন




আবু হুরায়রা মসজিদের উদ্বোধন করছেন মেয়র এরিক এডাম

**বিশেষ প্রতিনিধি:** আধুনিক স্থাপত্য শৈলিতে নির্মিত আবু হুরায়রা জামে মসজিদের দ্বার খুলে দেয়া হলো। শনিবার (১৮ মার্চ) নিউয়র্ক সিটির মেয়র এরিক এডাম আনুষ্ঠানিকভাবে এর উদ্বোধন করেন। এসময় শত শত মুসল্লির সামনে বক্তব্য দিতে গিয়ে মেয়র বলেছেন, আমেরিকা কোন নির্দিষ্ট ধর্মের মানুষের নয়, আমেরিকা সবার। ধর্ম চর্চার সুযোগ ও অধিকার সবার জন্য সমান। এসময় ধর্মপ্রাণ মুসলমানরা মেয়র এডামসকে প্রবল উচ্ছাসে মোবারকবাদ জানান। শনিবার দুপুর ১২টায় ইস্ট এলমাস্ট এর নবনির্মিত আবু হুরায়রা জামে মসজিদ উদ্বোধন করতে আসেন নিউয়র্ক সিটি মেয়র এরিক এডাম। মুসলিম সম্প্রদায়ের ধর্মীয় আবেগের প্রতি সম্মান জানিয়ে মাথায় সাদা রংয়ের একটি টুপি পরে আসেন মেয়র। এসময় আবেগ, উচ্ছাসের সাথে মেয়রকে স্বাগত জানান মুসল্লিরা। এরপর ফিতা কেটে মসজিদ উদ্বোধনের পর উপস্থিত মুসল্লিদের উদ্দেশ্যে বক্তব্য রাখেন মেয়র এডাম। তিনি বলেন, **(বাকি অংশ ২০ পাতায়)**

### নিউইয়র্কের সেহরি ও ইফতার সময়

| | | সেহরি শেষ | ইফতার |
|---|---|---|---|
| ১ রমাদান | ২৩ মার্চ | ৫.৩৫ | ৭.১০ |
| ২ রমাদান | ২৪ মার্চ | ৫.৩৩ | ৭.১১ |
| ৩ রমাদান | ২৫ মার্চ | ৫.৩১ | ৭.১২ |
| ৪ রমাদান | ২৬ মার্চ | ৫.২৯ | ৭.১৪ |



## মঙ্গলবার গ্রেফতার হতে পারেন ট্রাম্প!

**বাংলা পত্রিকা ডেস্ক:** যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, 'আগামী মঙ্গলবার আমাকে গ্রেফতার করা হবে।' শনিবার সকালে ট্রাম্প তার সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে ইঙ্গিত দিয়ে এ কথা বলেন। ২০১৬ সালে প্রেসিডেন্ট প্রার্থী হওয়ার সময় একটি ঘুষের বিষয় সামনে আসার পর তিনি এ কথা বলেছেন। খালিজ টাইমসের এক প্রতিবেদনে বলা হয়েছে, পর্ন তারকা স্টোরমি **(বাকি অংশ ২০ পাতায়)**

## দুবাইয়ে আরাভের অলৌকিক উত্থান

**মাহমুদুল হাসান নয়ন:** পুলিশ পরিদর্শক মামুন হত্যা মামলার চার্জশিটভুক্ত আসামি আরাভ খানের অলৌকিক উত্থান মাত্র তিন **(বাকি অংশ ১৮ পাতায়)**

APOLLO INSURANCE BROKERAGE INC.
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

## যুক্তরাষ্ট্রে ব্যাংক বিপর্যয়ে সরব ওয়ারেন বাফেট

**বাংলা পত্রিকা ডেস্ক:** আমেরিকান ব্যবসায়ী ও বার্কশায়ার হ্যাথাওয়ে কোম্পানির প্রধান নির্বাহী ওয়ারেন বাফেট ব্যাংকিং খাতে বিপর্যয় নিয়ে সরব হয়েছেন। তিনি এ বিষয়ে প্রেসিডেন্ট জো বাইডেন প্রশাসনের শীর্ষ কর্মকর্তাদের সঙ্গে কথা বলেছেন। যুক্তরাষ্ট্রের **(বাকি অংশ ২০ পাতায়)**



## অতিরিক্ত সচিব জেবুন্নেছাকে অবসরে পাঠাল সরকার

**ঢাকা ডেস্ক:** রাষ্ট্রীয় গোপন নথি 'চুরির চেষ্টার' অভিযোগ এনে সাংবাদিক রোজিনা ইসলামকে সচিবালয়ে আটকে রাখার ঘটনায় আলোচনায় আসা স্বাস্থ্য মন্ত্রণালয়ের **(বাকি অংশ ২০ পাতায়)**



সংবাদ সম্মেলন মোহাম্মদ ইয়াসীনের দাবী

## আমার বিরুদ্ধে আনীত অভিযোগ মিথ্যা ও ভিত্তিহীন

**নিউইয়র্ক (ইউএনএ):** নিউইয়র্কের একটি পত্রিকায় প্রকাশিত একটি প্রতিবেদনের প্রতিবাদ করেছেন **(বাকি অংশ ২০ পাতায়)**

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
প্রাইভেট অকশনের বাড়ি
পাবলিক অকশনের বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Great Neck, NY 11021
nurulazim67@gmail.com
Nurul Azim

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
TAX Liens Charge-Offs • Inquiries • Collections • Garnishment • Bankruptcy • Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আই আর এস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আহাদ আলী, সিপিএ
Tel: (929)371-9915 info@ahadandco.com
2153 Westchester Ave Suite 200, Bronx, NY 10462
47-01 Van Dam Street Long Island City, NY 11101

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

WIN ZONE REALTY INC
Licensed Real Estate Broker
বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-899-7000
F: 718-899-2000
khanf04@yahoo.com
Ferdous Khan
Licensed Real Estate Sales Associate
Zillow
81-15 Queens Blvd. 2Fl
Elmhurst, NY 11373

CHISHTI CPA PC
Mohammed Chishti
CPA, MBA
চিশতী একাউন্টিং এন্ড ট্যাক্স সার্ভিসেস
Income Tax · Sales Tax · Payroll · Notary Public · Bookkeeping · Business Formation · Financial Statement · Immigration Forms
73-19 BROADWAY, JACKSON HEIGHTS, NY 11372
917-832-7785, 347-515-3858
chishti@chishtiaccounting.com
www.chishtiaccounting.com

সব ধরনের Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
KABIR CHOWDHURY
Crescent Insurance Brokerage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury


www.banglapatrikausa.com

# ২৩ জানুয়ারি ২০২৩ থেকে ট্যাক্স ফাইলিং শুরু হচ্ছে

## কোনো প্রফেশনালকে দিয়ে ট্যাক্স ফাইল করান তাহলে সর্বাধিক রিফাণ্ড পাবেন এবং ভবিষ্যৎ জটিলতা থেকেও রক্ষা পাবেন।

We are Top 500 intuit Company

AUTHORIZED IRS e-file PROVIDER






Steven M. Levy, CPA

আপনাদের ট্যাক্স ফাইলিং সুষ্ঠু ও নিখুঁতভাবে সম্পন্নের জন্য আমাদের সাথে রয়েছেন সার্টিফাইড পাবলিক একাউন্টেন্ট।

# Southeast USA Income Tax Services

**জ্যাকসন হাইটস**
74-09 37th Avenue, Suite # 206
Jackson Heights, NY 11372
**Phone: 718-639-6207**
**Cell: 917-566-1612**

**জ্যামাইকা**
168-16, Hillside Avenue
Jamaica, NY 11432
**Phone: 646-464-5944**
**718-487-4507**

**ব্রংক্স**
1445 Unionport Roa, Bronx, NY
পার্কচেষ্টার ফ্যামিলি ফার্মেসির ভিতরে
**Phone: 347-621-0378**
**718-427-5919**

**email: usa.bd54@gmail.com**

বাংলা পত্রিকা
৩-এর পৃষ্ঠা
The Weekly Bangla Patrika

# পুতিনের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা ন্যায্য : বাইডেন

**বাংলা পত্রিকা ডেস্ক:** যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন বলেছেন, রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন স্পষ্টতই যুদ্ধাপরাধ করেছেন এবং আন্তর্জাতিক অপরাধ আদালত (আইসিসি) তার বিরুদ্ধে যে গ্রেফতারি পরোয়ানা জারি করেছে তা ন্যায্য। গত ১৭ মার্চ শুক্রবার আইসিসির এক বিচারক ইউক্রেইনে যুদ্ধাপরাধ এবং শিশুদের ইউক্রেইন থেকে অবৈধভাবে রাশিয়ায় নিয়ে যাওয়ার অভিযোগে পুতিনকে দায়ী করে তাকে গ্রেফতারে পরোয়ানা জারি করেন। ওইদিনই বাইডেন এ মন্তব্য করেন। পরোয়ানায় বলা হয়, ২০২২ সালের ২৪ ফেব্রুয়ারী রশিয়া ইউক্রেনে আক্রমণ শুরুর পর থেকে এসব অপরাধ সংঘটিত হয়েছে। এটা বিশ্বাস করার ‘যৌক্তিক কারণ’ আদালতের আছে যে, পুতিন সরাসরি নিজে এবং অন্যদের সাথে মিলে এসব অপরাধে সম্পৃক্ত ছিলেন। যারা ওই শিশুদের রাশিয়ায় নেয়ার সাথে জড়িত ছিল, তিনি তাদের থামাননি। রুশ প্রেসিডেন্টের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি হলেও রাশিয়া আইসিসিকে স্বীকৃতি দেয়নি, যে কারণে পুতিনের বিরুদ্ধে ওই আদেশ পালনে মস্কোর কোনো বাধ্যবাধকতা নেই।



## যুক্তরাষ্ট্র ও ইউরোপের আর্থিক খাতে সংকট

# বিটকয়েনে আগ্রাসী বিনিয়োগে ব্যাংকের সম্পদে ধস

**বাংলা পত্রিকা ডেস্ক:** বিটকয়েনসহ ডিজিটাল মুদ্রা বা ক্রিপ্টোকারেন্সিতে যুক্তরাষ্ট্র ও ইউরোপের ব্যাংকগুলোর আগ্রাসীভাবে বিনিয়োগ করেছে। এসব মুদ্রার দাম আগে বাড়লেও করোনা ও বৈশ্বিক মন্দার কারণে ধারাবাহিকভাবে কমে যাচ্ছে। গত এক বছরে বিটকয়েনের দাম কমেছে সাড়ে তিন গুণ। প্রতিটি বিটকয়েনের দাম ৬৪ হাজার ডলার থেকে কমে ১৯ হাজার ডলারে নেমেছে। এতে বিটকয়েনে বিনিয়োগ করা ব্যাংকগুলোর সম্পদ কমে গেছে ভয়াবহভাবে। কোনো কোনো ব্যাংকের সম্পদ কমেছে ৫০ শতাংশ। এ ছাড়া হাউজিং খাতে আগ্রাসী বিনিয়োগ ও যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় ব্যাংকের সুদের হার বাড়ানোর কারণে ব্যাংকগুলো তারল্য সংকটে পড়ে। এসব মিলে যুক্তরাষ্ট্রের দুটি ব্যাংক দেউলিয়ার পথে বসেছে। সংকট যাতে ছড়িয়ে না পড়ে সেজন্য দুটি ব্যাংক বন্ধ করা হয়েছে। আরও কয়েকটি ব্যাংক বড় সংকটে আছে। ইউরোপের কয়েকটি ব্যাংকও সংকটের মুখোমুখি হয়েছে। এগুলোকে উদ্ধার করতে অন্যান্য ব্যাংকসহ কেন্দ্রীয় ব্যাংকগুলোও এগিয়ে এসেছে।

জানা গেছে, এখন পর্যন্ত আমেরিকার সিলিকন ভ্যালি ও সিগনেচার ব্যাংক বন্ধ করা হয়েছে। এ দুটি ব্যাংকের আমানতকারীদের অর্থ ফেরত দেওয়ার বিষয়ে নিয়ন্ত্রক কর্তৃপক্ষ রিসিভার নিয়োগ করেছে। ফার্স্ট রিপাবলিক ব্যাংকও তারল্য সংকটে পড়েছে।

একে উদ্ধার করতে সে দেশের ১১টি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান মিলে ৩ হাজার কোটি ডলার আমানতের জোগান দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছে, যা দিয়ে ব্যাংকটি আপাতত রক্ষা পেয়েছে। এদিকে সুইজারল্যান্ডের বাণিজ্যিক ব্যাংক ক্রেডিট সুইচও আর্থিক সংকটে পড়েছে। একে উদ্ধার করতে সে দেশের কেন্দ্রীয় ব্যাংক ইতোমধ্যে তাদেরকে সাড়ে ৫ হাজার কোটি ডলার ঋণ দিয়েছে।

জানা গেছে, ইউরোপ ও আমেরিকার দেশগুলোতে ডিজিটাল মুদ্রা বিটকয়েনে বিনিয়োগের ব্যাপারে কোনো নিষেধাজ্ঞা নেই। এর দাম লাগামহীন গতিতে বাড়ছে বলে ওইসব দেশের গ্রাহকদের কাছে এর চাহিদা বেড়েছে। ফলে ব্যাংকগুলো এসব মুদ্রায় বিনিয়োগ করেছে। অনেক বড় বড় লেনদেন এখন বিটকয়েনের মাধ্যমে সম্পাদিত হচ্ছে। অথচ বিটকয়েনের কোনো নিয়ন্ত্রক কর্তৃপক্ষ নেই। কোনো দেশ বা কেন্দ্রীয় ব্যাংক দ্বারা এর কোনো গ্যারান্টিও নেই। বৈশ্বিক মন্দার প্রভাবে এর দাম কমতে শুরু করলে ব্যাংকগুলোর সম্পদও দ্রুত কমে যায়।




২০০৯ সালের জুলাইয়ে বিটকয়েনের দাম ছিল ১ ডলার। ২০১৩ সালের একই মাসে তা বেড়ে দাঁড়ায় ৯৯ ডলার। ২০১৬ সালের ডিসেম্বরে আরও বেড়ে হয় ৭৩৫ ডলার। ২০১৯ সালের নভেম্বরে হয় ১১ হাজার ৩৭০ ডলার। করোনার কারণে ২০২০ সালের মার্চে তা কমে ৫ হাজার ডলারে নেমে আসে। ওই বছরের নভেম্বরে আবার বেড়ে ১৯ হাজার ডলারে ওঠে। ২০২১ সালের নভেম্বরে এর দাম আরও বেড়ে সর্বোচ্চ ৬৪ হাজার ৪০০ ডলারে। বিটকয়েনের দাম লাগামহীনভাবে বাড়তে থাকায় ব্যক্তি ও করপোরেট বিনিয়োগকারীরাও এর প্রতি ঝুঁকে পড়ে। তারা বিটকয়েনে বিনিয়োগ করতে থাকে। পাশাপাশি গ্রাহকদের চাহিদা মেটাতে ব্যাংকগুলো এতে আগ্রাসী বিনিয়োগ করে। প্রথম থেকে ২০২১ সালের নভেম্বর পর্যন্ত বিটকয়েনের দাম যখন তুঙ্গে ছিল তখন ব্যাংকগুলোও ব্যবসা করে ফুলেফেঁপে ওঠে। কিন্তু এরপর থেকেই এর দাম কমতে থাকে। গত বছরের জুনে এর দাম ১৯ হাজার ডলারে নেমে যায়। ডিসেম্বরে সাড়ে ১৬ হাজার ডলারে নামে। তবে চলতি বছরের শুরু থেকে সামান্য বাড়তে থাকে। গত ১৭ মার্চ তা বেড়ে ২৩ হাজার ডলারে উঠেছে।

বিটকয়েনের দাম কমার কারণে যেসব ব্যাংক এতে আগ্রাসী বিনিয়োগ করেছে তারা বড় সংকটে পড়েছে। একই সঙ্গে অন্যান্য ব্যক্তি ও প্রতিষ্ঠানগুলোও সংকটে পড়েছে।

এদিকে আন্তর্জাতিক অর্থ তহবিলের (আইএমএফ) প্রকাশিত গ্লোবাল ফাইন্যান্সিয়াল স্ট্যাবিলিটি রিপোর্ট বা বিশ্ব আর্থিক স্থিতিশীলতা প্রতিবেদনে বলা হয়েছে, বিটকয়েন বা ডিজিটাল মুদ্রার দাম যেভাবে কমছে এতে আর্থিক খাতে ঝুঁকির মাত্রা আরও বেড়ে গেছে। কেননা বিশ্বের অনেক দেশে আন্তর্জাতিক লেনদেনে বিটকয়েন ব্যবহৃত হচ্ছে। এছাড়া সঞ্চয়ের ক্ষেত্রে বিটকয়েন অন্যতম একটি উপকরণ হয়ে দাঁড়িয়েছে। ব্যবসায়ী-রাও আন্তর্জাতিক লেনদেন করার জন্য বিটকয়েনে আগাম বুকিং দিয়ে রাখছেন। এ পরিস্থিতিতে বিটকয়েনের দরপতন আরও বাড়লে সংশ্লিষ্ট বিনিয়োগকারীরা আর্থিকভাবে বড় বিপর্যয়ের মুখে পড়বেন। ইতোমধ্যে এর দাম কমার কারণে অনেকে বিপর্যয়ের মুখে পড়েছেন।

এদিকে বাংলাদেশ ব্যাংক বিটকয়েন বা যে কোনো ডিজিটাল মুদ্রায় সব ধরনের লেনদেন বন্ধের নির্দেশ দিয়েছে বাণিজ্যিক ব্যাংকগুলোকে। একই সঙ্গে এসব মুদ্রায় ডিজিটাল সম্পদ স্থানান্তর বা হস্তান্তর করা থেকে বিরত থাকার নির্দেশ দিয়েছে। কেননা বাংলাদেশে বিটকয়েন বা ডিজিটাল মুদ্রা সম্পূর্ণ নিষিদ্ধ।







Khalil Biryani House
পবিত্র মাহে রমজানের
ইফতার ও সেহেরি পার্টি
বুকিং চলছে
জ্যামাইকা
১৬৭-২০ হিলসাইড এভিনিউ,
জ্যামাইকা, নিউইয়র্ক ১১৪৩২
(৯২৯) ৬০৮-০২২১
ব্রঙ্কস
২০৬২ ম্যাকগ্র এভিনিউ,
ব্রঙ্কস, নিউইয়র্ক ১০৪৬২
(৬৪৬) ৭৬৩-৫০৭৩
সুস্বাদু খাবার
স্বাস্থ্যসম্মত খাবার
সার্টিফাইড শেফ
khalilsfood.com
+1 646-763-5073

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
Editor : Abu Taher
Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

## সম্পাদকীয়

### সুপ্রিমকোর্ট বার নির্বাচনে তান্ডব এমন ঘটনা অনাকাঙ্ক্ষিত

বাংলাদেশ সুপ্রিমকোর্ট বার নির্বাচনকে কেন্দ্র করে গত ১৫ মার্চ বুধবার আইনজীবী সমিতি মিলনায়তনে তথা আদালত চত্বরে যে ঘটনা ঘটেছে, তা এককথায় নজিরবিহীন। দিনভর হট্টগোল, হইচই, ভাঙচুর, ধাক্কাধাক্কি এবং বিএনপিপন্থিদের বের করে দেওয়ার মধ্য দিয়ে যেভাবে প্রথম দিনের ভোটগ্রহণ সম্পন্ন হয়েছে, তাকে কোনোভাবেই সুষ্ঠু নির্বাচন বলা যায় না।

নির্বাচন হয়েছে একতরফা। জানা যায়, নির্বাচন পরিচালনাসংক্রান্ত কমিটি নিয়ে আওয়ামী লীগ ও বিএনপি সমর্থিত আইনজীবীদের মধ্যে দ্বন্দ্বের জেরে এ হট্টগোল শুরু হয়। হট্টগোলের কারণে ভোটগ্রহণ শুরু হয় নির্ধারিত সময়ের প্রায় দুই ঘণ্টা পর। তবে উদ্ভূত পরিস্থিতিতে বিএনপিপন্থি আইনজীবীরা ভোট দেননি বলে জানিয়েছেন।

এ হট্টগোলের মাঝে পুলিশের হামলায় আইনজীবী ও সাংবাদিকসহ বেশ কয়েকজন আহত হয়েছেন। তাদের বেধড়ক প্রহার করেছে পুলিশ। জানা যায়, বৃহস্পতিবারও আওয়ামী লীগ ও বিএনপিপন্থি আইনজীবীদের মধ্যে ধাক্কাধাক্কির ঘটনা ঘটেছে। বার নির্বাচনকে কেন্দ্র করে সর্বোচ্চ বিচারালয় চত্বরে এ ধরনের ঘটনা অত্যন্ত উদ্বেগজনক। ব্যালট ছিনতাই ও হট্টগোলের অভিযোগে বুধবার রাতে ১১২ জনের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে বলেও জানা গেছে।

সুপ্রিমকোর্ট আইনজীবী সমিতি দেশের অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি সংগঠন। এ সংগঠনের সদস্যরা দলমতনির্বিশেষে সুপ্রিমকোর্ট বার নির্বাচনের বিষয়ে ঐক্যবদ্ধ থাকবেন, এটাই সবাই আশা করে। বস্তুত সুপ্রিমকোর্ট বার নির্বাচন অতীতে সব সময় সুশৃঙ্খলভাবেই সম্পন্ন হয়েছে। তবে গত দুই বছর ধরে নির্বাচনের আয়োজন বা পরিচালনা নিয়ে দেখা যাচ্ছে অনৈক্য। এটি অনাকাঙ্ক্ষিত।

সুপ্রিমকোর্টের আইনজীবীদের কাছে মানুষ সব সময় দায়িত্বশীল আচরণ আশা করে। তারাই যদি নিজেদের মধ্যে মারামারি-হাতাহাতিতে লিপ্ত হন, তাহলে তাদের পেশাগত মর্যাদা সমুন্নত থাকবে কীভাবে? তারা ভিন্ন ভিন্ন মতাদর্শে বিশ্বাসী হতে পারেন, ভিন্ন ভিন্ন দলের সমর্থক হতে পারেন; কিন্তু পেশাগতভাবে তাদের ঐক্যবদ্ধ থাকা উচিত। একই সঙ্গে সুপ্রিমকোর্ট আইনজীবী সমিতির নির্বাচনকে সব ধরনের রাজনৈতিক প্রভাবমুক্ত রাখা উচিত বলে মনে করি আমরা।

বুধবারের নির্বাচনে দায়িত্ব পালনরত সাংবাদিকদের ওপর পুলিশ যেভাবে হামলা চালিয়েছে, তা অত্যন্ত নিন্দনীয়। ভুক্তভোগী সাংবাদিকরা অভিযোগ করেছেন, পুলিশ তাদের ওপর কেবল লাঠিচার্জই করেনি, বুট দিয়ে লাথি মেরে মাটিতে ফেলে দিয়েছে; কিল-ঘুসি মেরেছে।

এ হামলায় আহত একজন সাংবাদিককে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করতে হয়েছে বলেও জানা গেছে। আশার কথা, নির্বাচনের সময় দায়িত্ব পালনরত সাংবাদিকদের ওপর পুলিশের লাঠিচার্জ ও মারধরের ঘটনায় উদ্বেগ ও দুঃখপ্রকাশ করেছেন প্রধান বিচারপতি।

তিনি অভিযুক্ত পুলিশ সদস্যদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ারও আশ্বাস দিয়েছেন। আমরা আশা করব, হামলাকারী পুলিশ সদস্যদের শনাক্ত করে অবিলম্বে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। সেই সঙ্গে সুপ্রিমকোর্ট আইনজীবী সমিতির নির্বাচন যাতে প্রশ্নবিদ্ধ না হয়, সেজন্য নিতে হবে যথাযথ পদক্ষেপ।

# পুতিনের বিরুদ্ধে পরোয়ানার তাৎপর্য

॥ সেভেৎলানা একিমেনকো ॥

আন্তর্জাতিক অপরাধ আদালতের (আইসিসি) প্রসিকিউটর করিম আসাদ আহমেদ খান কেসি রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ও শিশু অধিকার কমিশনার মারিয়া লভোভা-বেলোভার বিরুদ্ধে 'গ্রেপ্তারি পরোয়ানা' জারি করার কথা জানিয়েছেন। ১৭ মার্চ জনসমক্ষে প্রকাশিত আইসিসির এ পরোয়ানা যেমন অবাস্তব, তেমনি যে অভিযোগের ভিত্তিতে তা জারি হয়েছে—সেটাও কাল্পনিক।

অভিযোগে বলা হয়েছে, পুতিন ও লভোভা-বেলোভা ২০২২ সাল থেকে 'ইউক্রেনের দখলকৃত এলাকা থেকে রুশ ফেডারেশনে' শিশুদের অবৈধভাবে সরিয়ে নিয়েছেন। সত্যটা হলো, ওই বছরের ফেব্রুয়ারি থেকে ইউক্রেনে মস্কোর বিশেষ সামরিক অভিযান শুরু হয়; দোনবাসসহ প্রধানত রুশ ভাষাভাষী কিছু অঞ্চল রাশিয়ার সঙ্গে যোগ দেয়; অন্যদিকে ইউক্রেনীয় বাহিনী বিভিন্ন বেসামরিক স্থাপনায় নির্বিচারে গোলাগুলি ও আক্রমণ চালাচ্ছিল; ওই পরিস্থিতিতে ওই অঞ্চল থেকে শিশুসহ বেসামরিক নাগরিকদের মস্কো সরিয়ে নেয়। মস্কোর রুশ কর্মকর্তা ও কূটনীতিকরা বারবার এসব বিষয় বিশেষভাবে তুলে ধরেছেন। কিন্তু আইসিসি এসবের কোনো কিছুই কানে তোলেনি। শুধু তা-ই নয়, যুদ্ধাপরাধ ও আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ে ২০ বছরের অভিজ্ঞ আইনজীবী ক্রিস্টোফার সি ব্ল্যাক স্পুটনিককে যেমনটা বলেছেন, আইসিসি প্রসিকিউটর অফিস 'শিশুদের বিষয়ে উত্থাপিত ইস্যুতে কোনো স্বাধীন তদন্ত করেনি'; এমনকি 'তিনি পরিস্থিতি নিয়ে রাশিয়া বা দোনবাসের কারও সাক্ষাৎকারও নেননি...।' এ কারণেই ক্রিস্টোফার সি ব্ল্যাক বেশ জোর দিয়ে বলেছেন, 'অবশ্যই তারা শিশুদের বিষয় বেছে নিয়েছে, কারণ জনমতের ওপর এটির সবচেয়ে বেশি প্রভাব রয়েছে।'


রুশ কর্মকর্তাদের দেওয়া বিবৃতিগুলোতেও বেশ জোর দিয়ে বলা হয়েছে যে দ্য হেগ–আইসিসির সদরদপ্তর যেখানে অবস্থিত–দ্বারা জারি করা তথাকথিত 'গ্রেপ্তারি পরোয়ানা'র কোনো আইনি ওজন নেই।

উল্লেখ্য, আইসিসির রাশিয়া বা তার কর্মকর্তাদের ওপর কোনো এখতিয়ার নেই। রাশিয়া রোম চুক্তির কোনো পক্ষ নয়, যেমন নয় মার্কিন যুক্তরাষ্ট্র ও চীন। এটা ঠিক, যে ১২৩টি দেশ আইসিসির সদস্যপদ বরণ করেছে, সেসব দেশে আইসিসির পরোয়ানাভুক্ত কেউ সফরে গেলে তাকে আইসিসির কাছে হস্তান্তরের জন্য সংশ্লিষ্ট সরকারের ওপর সংস্থাটি চাপ প্রয়োগ করতে পারে। তবে ক্ষমতাসীন কাউকে এভাবে গ্রেপ্তার বা হস্তান্তর যে কোনো দেশের পক্ষেই অসম্ভব। কারণ, এর জন্য কূটনৈতিকসহ অন্যভাবেও তাকে বিপুল খেসারত দিতে হতে পারে।

এদিকে, ইউক্রেন নিজেও কিন্তু আইসিসির সদস্য নয়। অতএব, আইসিসি এমন একটি অভিযোগের ভিত্তিতে পরোয়ানা জারি করেছে, যেখানে অভিযোগকারী নিজেই ওই আদালতকে মানে না। হয়তো যুক্তি দেওয়া হবে যে ইউক্রেন ২০১৪ সালের এপ্রিলে আইসিসিকে একটি চিঠি পাঠিয়েছিল, যেখানে তারা আইসিসির এখতিয়ারভুক্ত হওয়ার কথা জানিয়েছিল। কিন্তু সেই চিঠির বৈধতা প্রশ্নবিদ্ধ, যেহেতু এটি পাঠানো হয়েছিল ইউক্রেনে ২০১৪ সালের অভ্যুত্থানের পরপর; ন্যাটো কর্তৃক আরোপিত যে অভ্যুত্থানের মাধ্যমে ইউক্রেনের তৎকালীন নির্বাচিত সরকারকে উৎখাত করে ক্ষমতায় বসেছিল একটি পুতুল সরকার।

স্মর্তব্য, ওই অভ্যুত্থানের পর দোনবাসে পুরোনো দ্বন্দ্ব জেগে ওঠে; কিয়েভ কর্তৃপক্ষ দোনেৎস্ক ও লুহানস্কের বিচ্ছিন্ন অঞ্চলগুলোর বিরুদ্ধে একটি সামরিক অভিযান শুরু করে, কারণ 'বিপ্লবের' পরে ক্ষমতায় আসা নতুন কেন্দ্রীয় সরকারকে ওরা স্বীকৃতি দিতে অস্বীকার করে। এই ঘটনাগুলোই শেষ পর্যন্ত রাশিয়াকে গত বছরের ২৪ ফেব্রুয়ারিতে ইউক্রেনে তার সামরিক অভিযান শুরু করতে প্ররোচিত করেছিল।

পুতিনের বিরুদ্ধে পরোয়ানা জারির পর উল্লাস প্রকাশ করলেও আইসিসির সঙ্গে যুক্তরাষ্ট্রের সম্পর্ক মাঝেমধ্যেই তিক্ত হয়। ২০০২ সালে তৎকালীন



মার্কিন প্রেসিডেন্ট জর্জ ডব্লিউ বুশ আমেরিকান সার্ভিস-মেম্বারস প্রটেকশন অ্যাক্ট (আসমা) স্বাক্ষর করেছিলেন, যা অনানুষ্ঠানিকভাবে 'হেগ আক্রমণ আইন' নামে পরিচিত। এটি মার্কিন প্রেসিডেন্টকে আন্তর্জাতিক অপরাধ আদালতের পক্ষ থেকে বা অনুরোধে যে কোনো মার্কিন বা সহযোগী কর্মীদের আটক বা কারারুদ্ধ করা হয়েছে এমন কারও 'মুক্তির জন্য প্রয়োজনীয় এবং উপযুক্ত সমস্ত উপায় ব্যবহার করার অনুমতি দেয়।' আইনটির কারণে যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্পর্ক আছে এমন যে কোনো দেশ আইসিসির সদস্য হলেও মার্কিন নাগরিকের ক্ষেত্রে আইসিসির বিধান মানতে পারবে না। আইনটি আইসিসির পক্ষভুক্ত দেশগুলোতে মার্কিন সামরিক সহায়তাকেও নিষিদ্ধ করে, যদিও ন্যাটো সদস্যদের পাশাপাশি অ-ন্যাটো মিত্রদের বেলায় এতে কিছুটা ছাড় আছে। ২০২০ সালের জুনে তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসন তো এমনও ঘোষণা করেছিল যে তারা আইসিসি কর্মকর্তাদের এবং তাদের পরিবারের ওপর ভিসা নিষেধাজ্ঞাসহ অবরোধ দেবে এবং কথিত দুর্নীতির জন্য আইসিসির বিরুদ্ধে পাল্টা তদন্ত শুরু করবে। অনেকেরই মনে থাকার কথা, আফগানিস্তানে মার্কিন যুক্তরাষ্ট্রের ২০ বছরের দখলদারিত্বমূলক যুদ্ধে যুদ্ধাপরাধের তদন্ত করার উদ্দেশ্যে আইসিসি তখন ঘোষণা করেছিল। এর পরিপ্রেক্ষিতে ট্রাম্পের সেক্রেটারি অব স্টেট মাইক পম্পেও আইসিসিকে 'ক্যাঙারু কোর্ট' বলে উপহাসও করেছিলেন।

তবে ব্ল্যাকের বক্তব্য হলো, আইসিসি কোনো স্বাধীন সংস্থা নয়, কারণ 'আইসিসির ভেতরে বিভিন্ন স্তরে ওয়াশিংটনের সম্পদ রয়েছে'। তিনি স্পুটনিককে বলেন, 'গ্রেপ্তারি পরোয়ানা স্পষ্টভাবে মার্কিন যুক্তরাষ্ট্রের তত্ত্বাবধানে জারি করা হয়েছে', কারণ এর মূল উদ্দেশ্য হলো 'শান্তি প্রতিষ্ঠার জন্য যে কোনো আলোচনাকে প্রতিরোধ করা।' এ আন্তর্জাতিক ফৌজদারি আইনজীবী মনে করেন, 'তারা এখন প্রেসিডেন্ট পুতিন ও তার সহযোগীদের অপরাধী হিসেবে চিহ্নিত করেছে। যুগোস্লাভিয়ার প্রেসিডেন্ট মিলোসেভিক ও ইরাকের সাদ্দাম হোসেনের সঙ্গে তারা একই কাজ করেছে। তাদের দু'জনকেই আমেরিকানরা ফাঁসি দিয়েছিল, হোসেনের ফাঁসি হয়েছিল, মিলোসেভিককে গাদ্দাফির মতোই হত্যা করা হয়েছিল।'

তিনি বলেন, আইসিসির বর্তমান পদক্ষেপটি এমন এক সময়ে এলো, যখন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ও চীনা প্রেসিডেন্ট শি জিনপিংয়ের মধ্যে বৈঠক হতে চলেছে। ২০-২২ মার্চ উভয় নেতার মধ্যে যে বৈঠক নির্ধারিত আছে, তাকে ব্যাহত করার চেষ্টা হিসেবেই পদক্ষেপটা এসেছে বলে মনে হচ্ছে। তিনি আরও বলেন, 'এটি নিয়ে পশ্চিমের এখন আর পিছু হটার সুযোগ নেই। আমেরিকানরা এখন রাশিয়ার সঙ্গে সমর্থন বা আলোচনার যে কোনো প্রচেষ্টা সম্পর্কে বলবে যে অপরাধীদের সহায়তা করা হচ্ছে এবং এর পরিণতি হবে খারাপ। সব মিলিয়ে এটা বলা যায় যে রাশিয়া একটি অদম্য শত্রুর মুখোমুখি হয়েছে; তাকে অবশ্যই পরাজিত করতে হবে। এর কোনো বিকল্প এখন রাশিয়ারও নেই।

*লেখক: স্পুটনিক সংবাদদাতা; স্পুটনিক নিউজ ডটকম থেকে ভাষান্তর সাইফুর রহমান তপন*

## নামাজের সময়-সূচী

| মার্চ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ |
|---|---|---|---|---|---|---|---|
| ফজর | ৫.৪৫ | ৫.৪৩ | ৫.৪২ | ৫.৪০ | ৫.৩৮ | ৫.৩৬ | ৫.৩৪ |
| সূর্যোদয় | ৭.০১ | ৬.৫৯ | ৬.৫৭ | ৬.৫৬ | ৬.৫৪ | ৬.৫২ | ৬.৫১ |
| জোহর | ১.০৪ | ১.০৪ | ১.০৩ | ১.০৩ | ১.০৩ | ১.০৩ | ১.০২ |
| আসর | ৫.২০ | ৫.২১ | ৫.২২ | ৫.২২ | ৫.২৩ | ৫.২৪ | ৫.২৫ |
| মাগরিব | ৭.০৭ | ৭.০৮ | ৭.০৯ | ৭.১০ | ৭.১১ | ৭.১২ | ৭.১৪ |
| এশা | ৮.২৩ | ৮.২৪ | ৮.২৫ | ৮.২৭ | ৮.২৮ | ৮.২৯ | ৮.৩০ |

## বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৫ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৬ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদের-কে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

# রাশিয়া বন্ধুত্ব লুটের চুক্তি করেছে

॥ ড. রেজোয়ান সিদ্দিকী ॥

আমরা অবিরাম কপচাই, রাশিয়া আমাদের দীর্ঘদিনের পরীক্ষিত বন্ধু। রাশিয়াও সেভাবে চলে। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় ভারত-রাশিয়া চুক্তির ফলে আন্তর্জাতিক পরিমন্ডলে আমরা এমন ভেটো পাওয়ারের অধিকারী একটি মিত্রদেশকে পাশে পেয়েছিলাম। তখন যুক্তরাষ্ট্র পাকিস্তানের পক্ষে ছিল এবং পাকিস্তানের অখন্ডত্ব রক্ষায় প্রতিশ্রুতি বদ্ধ ছিল। সেখানে ভেটো পাওয়ারের ক্ষমতা সম্পন্ন রাশিয়া বাংলাদেশের পাশে দাঁড়ানোয় মুক্তিযোদ্ধাদের মনোবল অনেক প্রবল হয়েছিল। ভারত-রাশিয়া চুক্তির আগ পর্যন্ত ইন্দিরা গান্ধীও পাকিস্তানের বিরুদ্ধে সরাসরি যুদ্ধে অংশগ্রহণ করেনি। ফলে স্বাধীনতার পর থেকে বাংলাদেশের সরকারগুলো রাশিয়ার প্রতি কৃতজ্ঞ থেকেছে। ভারতের প্রতি কৃতজ্ঞতার ঋণ শোধ করতে গিয়ে বাংলাদেশের সার্বভৌমত্ব প্রায় বিপন্ন হয়ে পড়েছে। বাংলাদেশের কাছে ভারতের আর চাওয়ার কিছু নেই। তারা ট্রানজিট পেয়েছে, করিডোর পেয়েছে, ব্যবহারের জন্য রেলপথ, সড়কপথ পেয়েছে। নদীবন্দরগুলো কার্যত বিনামূল্যে ব্যবহার করেছে। এর এসব চুক্তি এমনভাবে করা হয়েছে যে, এক সাথে যদি বাংলাদেশের ১০টি জাহাজও বন্দরে দাঁড়িয়ে থাকে তাহলেও ভারতের জাহাজকে খালাস করতে অগ্রাধিকার দিতে হবে। ভারত তিস্তার পানি না দিলেও আমরা ভারতকে কৌশলগত ফেনী নদীর পানি ব্যবহার করতে দিচ্ছি। ফেনী নদী সম্পূর্ণ বাংলাদেশের। এটি কোনো আন্তর্জাতিক নদী নয়। এ নদীর পানি ব্যবহার করতে দিয়েছি। তেমনিভাবে এ নদীর উপরে তথাকথিত মৈত্রী সেতু নির্মাণ করতে দিয়ে বাংলাদেশের অখন্ডতা প্রশ্নবিদ্ধ করেছি। যুক্তি হিসেবে বলা হয়েছে, ভারতীয়দের খাবার পানি সংকট, ফেনী নদীর পানি নিয়ে তারা পান করতে চায়। কেউ পানি খেতে চাইলে তাকে না করি কিভাবে?

কিন্তু ভারত না করতে পারে; বাংলাদেশ থেকে নেপাল ও ভুটানে সরাসরি পণ্য পরিবহনে মাত্র ১২ মাইলের একটি ভারতীয় এলাকা ব্যবহার করতে হয়। কিন্তু এটুকুও ব্যবহার করার সুবিধা বাংলাদেশকে ভারত কখনো দেয়নি যদিও তারা অনেক মধুর মধুর কথা শুনিয়েছে। বাংলাদেশ ভুটান নেপাল সড়ক যোগাযোগের চুক্তির মুলা আমাদের সামনে ঝুলিয়ে দিয়েছে। সেপথ ধরে ভারত বাংলাদেশে আসছে যাচ্ছে ঠিকই। কিন্তু বাংলাদেশ নেপাল-ভুটানে যেতে পারছে না। এই অনুমোদন না দেয়ার পক্ষে ভারত একেক সময় একেক যুক্তি দেখায়। কখনো বলে, ভুটান অন্য দেশের যান চলাচল তাদের দেশে চায় না। কিন্তু ভুটানের যাবতীয় পণ্য আমদানি হয় ভারত থেকে, এমনকি দিয়াশলাই পর্যন্ত। সেখানে ছোট হলেও বাংলাদেশের একটি বাজার আছে। নেপালে তো আছেই। ভারত যখন খুশি তখন নেপালের ওপর তার কর্তৃত্ব প্রতিষ্ঠা করে। সে পথে কয়েক বছর আগে ভারতীয় বন্দর থেকে নেপালে জ্বালানি তেলের সরবরাহ এবং রান্নার সিলিন্ডার গ্যাসের সরবরাহ বন্ধ করে দেয় ভারত। বন্ধ করে দেয় ওষুধ সরবরাহও। ফলে নেপাল এক চরম বিপর্যয়ের মধ্যে পড়ে। কিন্তু নেপালিরা তাদের আত্মমর্যাদায় বলীয়ান হয়ে সিলিন্ডারের গ্যাসের পরিবর্তে জ্বালানি হিসেবে কাঠ ব্যবহার করতে শুরু করে। চীন লাখ লাখ গ্যাস সিলিন্ডার উপহার হিসেবে নেপালকে দেয়। ওষুধও পাঠায়। ভারত সরকার তখন বলে, আমরা তো বন্ধ করিনি। ট্রাকড্রাইভাররা নেপালে পণ্য নিয়ে যেতে অস্বীকার করছে; ফলে জ্বালানি তেল ও সিলিন্ডার গ্যাস ও ওষুধ সরবরাহ করা যাচ্ছে না।' এমনই মিত্র ভারত।

রাশিয়া থেকে আমরা প্রধানত আমদানি করি গম ও সার। ইউক্রেন থেকে আমরা গম আমদানি করি। সে আমদানি রাশিয়ার ওপর মার্কিন নিষেধাজ্ঞার পর আপতত বন্ধ রয়েছে। বাংলাদেশে রাশিয়ার সবচেয়ে বড় প্রকল্প রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প। ২৪০০ মেগাওয়াট ক্ষমতার এই বিদ্যুৎ প্রকল্পে রাশিয়ার ঋণ দেয়ার কথা ১১৩৮ কোটি মার্কিন ডলার(১১.৩৮ বিলিয়ন) যা বাংলাদেশী মুদ্রায় এক লাখ ১৯ হাজার কোটি টাকার বেশি। এটি বাংলাদেশের সবচেয়ে বড় অবকাঠামো প্রকল্প। প্রকল্পটিতে রাশিয়ার দেয়া ঋণের সুদের হার পৃথিবীতে সর্বোচ্চ, ৪ শতাংশ। বিশ্বব্যাংক, এশীয় উন্নয়ন ব্যাংক ও জাপানের উন্নয়ন সহযোগী সংস্থা জাইকার দেয়া ঋণের চেয়ে রূপপুরের দেয়া রাশিয়ান ঋণের সুদের হার দ্বিগুণ। এ ঋণ পরিশোধের সময়সীমা এবং গ্রেস পিরিয়ড (ঋণ নেয়ার পর কিস্তু দেয়ার মাঝে বিরতি) কম। বিপুল টাকা ঋণ নিয়ে রূপপুর বিদ্যুৎকেন্দ্র প্রতিষ্ঠা ও বাড়তি সুদ নিয়ে দেশে যেমন সমালোচনা রয়েছে তেমনি উদ্বেগ রয়েছে পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের ঝুঁকি নিয়ে। এর মধ্যে সামনে এলো চুক্তির সেই ভয়াবহ শর্ত। চুক্তির শর্ত অনুযায়ী এই বিদ্যুৎকেন্দ্রের যাবতীয় কাজ করবে রাশিয়ার কোম্পানি। কিন্তু রাশিয়ার ঠিকাদার যথাসময়ে কাজ শেষ করতে না পারলে জরিমানা দিতে হবে বাংলাদেশকে। বাংলাদেশ টাকাও দেয়নি নির্মাণ কাজও করেনি। রাশিয়ান ঠিকাদাররা নির্মাণকাজ ঢিলে করে দিয়ে যদি কাজে বিলম্ব করে তাহলে বাংলাদেশ কেন জরিমানা দিতে যাবে? এর কোনো সদুত্তর কারো কাছে নেই। আসলে আদানির সঙ্গেই বলি আর রাশিয়ার সঙ্গেই বলি, চুক্তিগুলোর ভেতরে এরকম দুস্তর ফাঁক রয়েছে। আর সে কারণে সরকার এ চুক্তিগুলো করার আগে একটি দায়মুক্তির আইন করেছে। সে আইন হলো, বিদ্যুৎ খাতে সম্পাদিত কোনো চুক্তির কোনো বিষয় নিয়ে বাংলাদেশের কোনো আদালতে প্রশ্ন তোলা যাবে না। সেজন্য ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির যাবতীয় অপকর্মের দক্ষিণ হস্ত বলে কুখ্যাত গ্রুপ আদানির কাছ থেকে যে বিদ্যুৎ কেনা হচ্ছে তা বাংলাদেশের স্বাভাবিক দামের তিনগুণ মূল্যে এবং এই চুক্তি ২৫ বছর মেয়াদি। এই ২৫ বছরের মধ্যে যদি কোথাও কয়লার দাম বাড়ে, পরিবহন ভাড়া বাড়ে সে অনুযায়ী বাংলাদেশকে তার দায় বহন করতে হবে। কার্যত আদানির সঙ্গে ২৫ বছর মেয়াদি এই চুক্তিটি একটি দাসখত লিখে দেয়ার শামিল। একে '২৫ বছরের বিদ্যুতের গোলামি চুক্তি' হিসেবেও অভিহিত করা যায়। তাছাড়া এই চুক্তি সংশোধনের কোনো কায়দা নেই। বাংলাদেশ নাকি চুক্তি পর্যালোচনার প্রস্তাব দিয়েছিল, আদানি গ্রুপ তা সরাসরি প্রত্যাখ্যান করেছে। এ ছাড়া বিদ্যুৎ আসুক বা না আসুক, বাংলাদেশকে প্রতি বছর আদানিকে ৪৫ কোটি ডলার করে ক্যাপাসিটি চার্য দিতে হবে। এদিকে প্রধানমন্ত্রীর জ্বালানি উপদেষ্টা তৌফিক এলাহীকে ভারতীয় সংবাদপত্র প্রশ্ন করেছিল যে, আদানির সঙ্গে বাংলাদেশের বিদ্যুৎ চুক্তির শর্তগুলো কী? জবাবে তিনি বলেছেন, 'এটা অত্যন্ত গোপন, প্রকাশ করা যাবে না।' গত ১০ বছরে শেয়ার জালিয়াতি ও নানা ধরনের প্রতারণার মাধ্যমেও মোদির মদদে আদানি গ্রুপ ভারতের সেরা ধনী হিসেবে উঠে এসেছিল। কিন্তু আন্তর্জাতিক মিডিয়া ও জ্বালানি বিশেষজ্ঞরা খুঁজে বের করেন, এই চুক্তিতে কী ভয়াবহ শর্তাবলি রয়েছে। এটি তো শুধু আদানির সঙ্গে চুক্তি। ভারতের সাথে আরো যেসব গোপন চুক্তি করা হয়েছে তার বিস্তারিত আমরা জানতে পারিনি। নিশ্চয় সেখানেও এভাবে বাংলাদেশের স্বার্থবিরোধী শর্তাবলী রয়েছে।

> **রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের কাজটি করছে রাশিয়ার ঠিকাদারি প্রতিষ্ঠান অ্যাটমস্ট্রয়এক্সপোর্ট। রাশিয়ার সরকারই এই প্রতিষ্ঠানকে নিয়োগ করেছে। বাংলাদেশ সরকারের একটি নথিতে বলা হয়েছে একটি বছরে কী পরিমাণ অর্থ ব্যয় হবে তা ঠিক করা হয় রাশিয়ান ঠিকাদারের চাহিদার পরিপ্রেক্ষিতে। গত কয়েক বছরের অভিজ্ঞতায় দেখা গেছে, রাশিয়ার অর্থ মন্ত্রণালয় যে পরিমাণ অর্থ ছাড়ের অনুমোদন দেয়, রাশিয়ান ঠিকাদাররা সময় মতো কাজ শেষ করতে পারে না বলে তা পুরোটা ব্যয় হয় না। তারা সময়মতো কাজ শেষ না করলে বাংলাদেশ শুধু তাগিদ দিতে পারে। এর বেশি কিছু চুক্তি অনুযায়ী করার কিছু নেই।**

রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র প্রতিষ্ঠার জন্য রাশিয়ার সাথে দুটি চুক্তি সই করেছে বাংলাদেশ। একটি হলো আন্তঃসরকার চুক্তি। অন্যটি আন্তঃসরকার ঋণ চুক্তি। ঋণ চুক্তির একটি দফায় বলা হয়েছে নতুন একটি পঞ্জিকা বছর শুরুর অন্তত ছয় মাস আগেই বাংলাদেশ ও রাশিয়া নতুন বছরে রূপপুরে কত টাকা ব্যয় হবে তা ঠিক করবে। যদি নির্ধারিত অর্থ ব্যয় না হয় তাহলে অঙ্গীকার ফি দিতে হবে। এই অর্থ দুই দেশের সম্মতির ভিত্তিতে মার্কিন ডলার অথবা অন্য মুদ্রায় পরিশোধ করা যাবে। সে টাকা বাংলাদেশকে দিতে হবে বছরের তিন মাসের মধ্যে। বিদ্যুৎকেন্দ্রের জন্য দুই দফা রাশিয়ার সাথে ঋণ চুক্তি সই করে সরকার। প্রথম দফায় ঋণ চুক্তি হয় ২০১৩ সালে; পরিমাণ ৫০ কোটি ডলার। এই ঋণ দিয়ে রূপপুর বিদ্যুৎ প্রকল্পের বিস্তারিত সমীক্ষাসহ প্রাথমিক কাজ করা হয়। এই ঋণের সুদ পরিশোধ শুরু হয় ২০১৮ সাল থেকে। মূল বিদ্যুৎকেন্দ্র নির্মাণে আরেকটি চুক্তি সই হয় ২০১৬ সালে। এর আওতায় বাংলাদেশকে রাশিয়া ১১৩৮ কোটি ডলার ঋণ দিচ্ছে। এ ঋণের কিস্তি শোধ করা শুরু হবে ২০২৭ সাল থেকে। ইআরডির তথ্যে বলা হয়েছে, ২০১৭ সাল থেকে ২০২২ সাল পর্যন্ত সময়ে রূপপুর প্রকল্পে শুধু এক বছর (২০১৮) নির্ধারিত অর্থের পুরোটা ব্যয় হয়েছিল। ২০১৯ সাল থেকে ব্যয়ের হার কম। ওই বছর ৪৯ শতাংশ, ২০২০ সালে ৬৮ শতাংশ, ২০২১ সালে ৭৩ শতাংশ ও ২০২২ সালে ৩৯ শতাংশ অর্থ ব্যয় করা সম্ভব হয়েছে। এই সময়ে ৮৪১ কোটি ডলার ব্যয়ের বিষয়ে সম্মত হয়েছিল বাংলাদেশ ও রাশিয়া। ব্যয় হয়েছে ৫৪৬ কোটি ডলার যা নির্ধারিত অংকের ৬৫ শতাংশ। যেহেতু পুরো অর্থ ব্যয় হয়নি সেহেতু জরিমানা দিতে হয়েছে বাংলাদেশকে। নথিপত্রে দেখা যায়, বাংলাদেশ ২০১৮ সালের ৩০ মার্চ, ২০২০ সালের ১৫ মার্চ, ২০২১ সালের ২৯ মার্চ তিন দফায় রাশিয়াকে ৭৪ লাখ ২১ হাজার ৪০৮ ডলার জরিমানা করেছে যা বাংলাদেশী মুদ্রায় প্রায় ৭৮ কোটি টাকা। ২০২১ সালের জন্য নির্ধারিত ২৯ লাখ ২১ হাজার ডলার (৩১ কোটি টাকা), যা ২০২২ সালের মার্চে পরিশোধ করার কথা ছিল; তবে রাশিয়ার অনুরোধে এখনো পরিশোধ করা হয়নি। উল্লেখ্য, পশ্চিমা দেশগুলোর নিষেধাজ্ঞার কারণে গত বছর মার্চে রাশিয়ার সাথে লেনদেনের অনিশ্চয়তা সৃষ্টি হয়। সে কারণে ২০২১ সালের জরিমানার অর্থ পরিশোধ স্থগিত রাখতে বলেছে রাশিয়া।

রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের কাজটি করছে রাশিয়ার ঠিকাদারি প্রতিষ্ঠান অ্যাটমস্ট্রয়এক্সপোর্ট। রাশিয়ার সরকারই এই প্রতিষ্ঠানকে নিয়োগ করেছে। বাংলাদেশ সরকারের একটি নথিতে বলা হয়েছে একটি বছরে কী পরিমাণ অর্থ ব্যয় হবে তা ঠিক করা হয় রাশিয়ান ঠিকাদারের চাহিদার পরিপ্রেক্ষিতে। গত কয়েক বছরের অভিজ্ঞতায় দেখা গেছে, রাশিয়ার অর্থ মন্ত্রণালয় যে পরিমাণ অর্থ ছাড়ের অনুমোদন দেয়, রাশিয়ান ঠিকাদাররা সময় মতো কাজ শেষ করতে পারে না বলে তা পুরোটা ব্যয় হয় না। তারা সময়মতো কাজ শেষ না করলে বাংলাদেশ শুধু তাগিদ দিতে পারে। এর বেশি কিছু চুক্তি অনুযায়ী করার কিছু নেই। তাই ঠিকাদার কাজে দেরি করলে বাংলাদেশের কাছ থেকে জরিমানা আদায় অযৌক্তিক। ২০২০ ও ২০২১ সালে জরিমানা পরিশোধের দায় থেকে বাংলাদেশের অব্যাহতির বিষয়ে আশ্বাস দিয়েছিল রাশিয়া। বাংলাদেশ চায় ওই বছরগুলোর জরিমানা অব্যাহতি দেয়া হোক এবং চুক্তির সংশোধনী আনা হোক। বাংলাদেশে মনে করে, নানা কারণে রূপপুরের কাজে দেরি হতে পারে। তাই ২০২০ সাল থেকে বাংলাদেশ জরিমানা অব্যাহতির বিষয়ে দর কষাকষি করেছে। পাত্তা দেয়নি রাশিয়া।

২০১৭ সালের ৩০ নভেম্বর রূপপুর পারমাণবিক নির্মাণকাজ শুরু হয়। প্রকল্পের বিভাগীয় প্রধান অলক চক্রবর্তী বলেছেন, রূপপুরের প্রথম ইউনিট ২০২৪ সালে এবং দ্বিতীয় ইউনিটটি ২০২৫ সালে কার্যক্রমে আসার কথা। এ সময়ের মধ্যে যাতে প্রকল্পটির কাজ শেষ হয়। অবশ্য এ ধারণা করা হয়েছে এই সময়ের মধ্যে কাজ শেষ হবে না এবং ব্যয়ও বাড়বে। আর সেজন্য বাংলাদেশকে কোটি কোটি টাকা জরিমানার মধ্যে পড়তে হবে। একইভাবে আদানিকেও বছরে ২০ হাজার কোটি টাকা ক্যাপাসিটি চার্জ দিতে হচ্ছে। এ বিষয়ে সাবেক বিদ্যুৎ সচিব মুহাম্মদ ফাওজুল কবির খান বলেছেন, রূপপুর প্রকল্পে অঙ্গীকার ফি থাকারই কথা নয়। কারণ রাশিয়ার ঋণ তো বাণিজ্যিক ঋণ। এ ধরনের ফি থাকে বিশেষ ছাড়ে, স্বল্প সুদের ঋণে। যে ঋণ বিশ্বব্যাংক, এডিবির মতো প্রতিষ্ঠান দেয়। তিনি বলেন, রাশিয়ার সঙ্গে ঋণ চুক্তির সময় বাংলাদেশ অঙ্গীকার ফি'র বিষয়ে রাজি হয়েছে কেনো, সেটাই প্রশ্ন। যারা চুক্তির শর্তগুলোর পর্যালোচনার দায়িত্বে ছিলেন তাদের জবাবদিহিতার বিষয়ে প্রশ্ন করা হলে জনাব খান বলেন, তাদের তো দায়মুক্তি দেয়া হয়েছে এবং এগুলো নিয়ে আদালতে যাওয়া যাবে না।

শেষ কথা, সবচেয়ে ভয়ঙ্কর বাংলাদেশে যে প্রকল্প রাশিয়া ১১.৩৮ বিলিয়ন ডলারে করছে একই ধরনের প্রকল্প তারা করেছে ভারতে মাত্র ৩ বিলিয়ন ডলারে। এমন ভালোবাসার নজির দুনিয়ায় খুব কমই আছে।

লেখক: সাংবাদিক ও সাহিত্যিক



# ব্যাংকে আস্থা ধরে রাখাটাই চ্যালেঞ্জ

সম্প্রতি আমেরিকার দুটি ব্যাংক বন্ধ হওয়ার খবর জানা গেল। মাত্র তিন দিনের ব্যবধানে দেশটির সিলিকন ভ্যালি ও সিগনেচার ব্যাংক নামের দুটি প্রতিষ্ঠান বন্ধ হওয়ার খবরে আমাদের দেশেও ব্যাংকিং খাতের ঝুঁকি নিয়ে আলোচনা দেখা দিয়েছে। এই আলোচনা একেবারে অযৌক্তিক নয়। বিশেষ করে, এখানে ব্যাংক খাতের নানা অনিয়মের খবরের বিপরীতে নতুন করে আমেরিকার এমন সংবাদ অনেককেই ভাবিয়ে তুলেছে। ২০০৮ সালের আর্থিক সংকটের পর এই প্রথম আমেরিকায় এমন ঘটনা দেখা গেল। ওই বছরও যুক্তরাষ্ট্রে বেশ বড় কয়েকটা ব্যাংক ধসে পড়েছিল; যেখানে শেষ পর্যন্ত সরকারকে বেইল আউট কর্মসূচি নিয়ে এগিয়ে আসতে হয়েছিল।

এ পরিস্থিতিতে বাংলাদেশের ব্যাংক খাত কী শিক্ষা নিতে পারে, সে বিষয়ে আমাদের নজর দেওয়া দরকার। আমেরিকার দুটি ব্যাংক বন্ধের ঘোষণার পর গ্রাহকের আমানত তারা যেভাবে সুরক্ষিত রাখল, সেটিই বাংলাদেশের জন্য বড় শিক্ষা হতে পারে। সেখানে ব্যাংক বন্ধ হলেও গ্রাহকের আমানতের নিশ্চয়তা রাখা হয়েছে। দেশে আমানতকারীদের চেয়ে বিভিন্ন গোষ্ঠী ও সংস্থার স্বার্থ বেশি দেখা হয়। তাই এখানে গ্রাহকরা সবসময়ই আস্থাহীনতায় ভোগেন।

২০০৮ সালের আর্থিক সংকটের পর যুক্তরাষ্ট্রের আর্থিক খাত শক্তিশালী করতে অনেক পদক্ষেপ নেওয়া হয়েছিল। গ্রাহকদের আমানত সুরক্ষায় আড়াই লাখ ডলার পর্যন্ত আমানতের বীমা দেওয়া হয়েছিল। দেশটির ফেডারেল ডিপোজিট ইন্স্যুরেন্স করপোরেশন গঠন করা হয়েছে ঠিক এ লক্ষ্যেই। বিপরীতে বাংলাদেশে মাত্র ২ লাখ টাকা পর্যন্ত বীমা দেওয়া আছে। এবারের সংকটে সবচেয়ে উল্লেখযোগ্য বিষয় হলো, সংকটগ্রস্ত ব্যাংকগুলোকে বেইল আউট করা বা নানাভাবে টিকিয়ে রাখার চেষ্টা করা হয়নি। যেটা ২০০৮ সালে করা হয়েছিল। এবার সংকট গুরুতর হওয়ার আগে নিয়ন্ত্রক সংস্থা তার নিয়ন্ত্রণ হাতে নিয়েছে। সিলিকন ভ্যালি ব্যাংক ও সিগনেচার ব্যাংক উভয় ক্ষেত্রেই এ ঘটনা দেখা গেল এবং সঙ্গে সঙ্গে ব্যাংকের পরিচালনা কর্তৃপক্ষকে সরিয়ে দেওয়া হয়েছে। সরকার তাদের রক্ষা করার চেষ্টা করেনি। মালিকপক্ষকে বাঁচানোর চেয়ে গ্রাহকদের কীভাবে সুবিধা হবে, তা নিশ্চিত করতেই মার্কিন সরকার ব্যস্ত। আমরা আমেরিকার ব্যাংক বন্ধ হওয়ার পরে প্রকাশিত সংবাদ থেকে জানতে পেরেছি, সিগনেচার ব্যাংক বন্ধ ঘোষণার পর দেশটির রাজস্ব বিভাগ ও ফেডারেল রিজার্ভের যৌথ ঘোষণায় বলা হয়েছে, মার্কিন অর্থনীতি সুরক্ষিত ও মানুষের আস্থা ধরে রাখতে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সেখানে আমানতকারীদের স্বার্থ সুরক্ষায় সিগনেচার ব্যাংকের সব হিসাব আরেকটি ব্যাংকে, যেটির নাম ‘ফিফথ থার্ড ব্যাংক’, স্থানান্তর করেছে। তাতে গ্রাহকদেরও সমস্যা নেই। ঘটনার পর থেকেই গ্রাহকরা তাঁদের হিসাব ব্যবহার করে স্বাভাবিক লেনদেন করতে পারছেন। অর্থাৎ সে দেশের সরকার আমানতকারীদের সুরক্ষা দিতে জোর তৎপরতা চালাচ্ছে। এমনকি বীমার বাইরেও আমানতের সুরক্ষা তারা দিচ্ছে। কিন্তু শেয়ারহোল্ডার ও বন্ডহোল্ডারদের সুরক্ষা দেয়নি। ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে ছাঁটাই করা হয়েছে। বলা হচ্ছে, তদন্তসাপেক্ষে তাদের বিরুদ্ধে মামলা করা হবে।



এ ঘটনার পরিপ্রেক্ষিতে আমাদের দেশের দিকে তাকালে বলতে হয়–আমানতকারীদের সুরক্ষা দেওয়া বা তাঁদের আস্থায় আনা সবচেয়ে জরুরি বিষয়। দেশের অনেক আমানতকারী অর্থ ফেরত পাচ্ছেন না, ব্যাংক সম্পর্কে মানুষের ধারণা খারাপ হচ্ছে। এতে করে শেষ বিচারে ব্যাংক খাতের জন্য ভালো হচ্ছে না। কারণ, এক ব্যাংকের অবস্থা খারাপ হলে আরেক ব্যাংকেও তার প্রভাব পড়ছে। কেন্দ্রীয় ব্যাংককে এ ক্ষেত্রে শক্তিশালী ভূমিকা পালন করতে হবে। মনে রাখতে হবে, বিশেষ সময়ে বিশেষ ব্যবস্থা নেওয়া উচিত। গতানুগতিক ব্যবস্থা নিলে চলবে না। এখানে ব্যাংক খাতে বড় ধরনের ঘাটতি রয়েছে। এর মধ্যে সবচেয়ে বেশি সুশাসনের ঘাটতি। ব্যাংক পরিচালনায় পরিচালকদের মাত্রাতিরিক্ত হস্তক্ষেপ। এসব কারণে ব্যাংকগুলোর সার্বিক অবস্থা ঝুঁকিতে রয়েছে। কিন্তু সংকট যতই হোক, বাংলাদেশে ইমেজ রক্ষার্থে কেন্দ্রীয় ব্যাংক কোনো ব্যাংকই বন্ধ হতে দেয় না। নীতিসহায়তা দিয়ে সচল রাখে। কিন্তু এভাবে ফুয়েল না দিয়ে ব্যাংকগুলোকে ভালো রাখতে সুশাসন নিশ্চিত করতে হবে; সব খাতে নিশ্চিত করতে হবে আইনের যথাযথ প্রয়োগ। বড় অঙ্কের ঋণের তদারকি বাড়াতে হবে। কমাতে হবে খেলাপি ঋণ। ব্যাংকের সূচকের হিসাব করতে হবে সঠিকভাবে। পাশাপাশি যুক্তরাষ্ট্রের মতো অবস্থা যাতে না হয়, সে জন্য আমানত সুরক্ষা বীমা আরও বাড়াতে হবে। বড় বড় গ্রাহককে ছাড় না দিয়ে কেন্দ্রীয় ব্যাংককে স্বাধীনভাবে পদক্ষেপ নেওয়ার সুযোগ দিতে হবে। আমেরিকা সামাল দিতে পারলেও আমরা সামাল দিতে পারব না–এটা মনে রাখা উচিত।

**শেষ কথা হচ্ছে, মূলত আস্থাহীনতার কারণেই আমেরিকার ব্যাংক দুটি ধসে পড়েছে। তাই আমাদের দেশের ব্যাংক খাতের জন্য বড় শিক্ষণীয় দিক হচ্ছে, গ্রাহকের আস্থা ধরে রাখা। কেননা, আমাদের দেশেও বেশ কয়েকটি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে গ্রাহকের আস্থাহীনতার নজির তৈরি হয়েছে, যা কোনোভাবেই বাড়তে দেওয়া যাবে না। আমাদের দেশে ব্যাংকধসের আশঙ্কা এ মুহূর্তে না থাকলেও গ্রাহকের আস্থা অর্জনে আরও বেশি মনোযোগী হতে হবে। এ জন্য ব্যাংকগুলোকে সঠিকভাবে মনিটর করতে হবে।**

যুক্তরাষ্ট্রে ব্যাংক বন্ধের ঘটনা থেকে বাংলাদেশের দুটি বিষয় শিক্ষণীয় আছে। একটি হচ্ছে, আগ্রাসী ব্যাংকিং বন্ধ করা এবং অন্যটি আমানতের বিপরীতে বীমা সুবিধা বাড়ানো। এ বিষয়ে অচিরেই পদক্ষেপ নিতে হবে। ব্যাংকের হিসাবে কারসাজি করে সম্পদ ভালো দেখানো হচ্ছে। একটি পর্যায়ে তা প্রকাশ হলে সংকটে পড়ে ব্যাংক। এগুলো ঠেকাতে বাংলাদেশ ব্যাংকের তদারকি বাড়াতে হবে। আমানতকারীদের আস্থা ফেরাতে হবে। আমরা জানি, দেশে বেশ কিছু ব্যাংক ভালো নেই। এতে সার্বিক অর্থনীতি ও ব্যবসা ক্ষতিগ্রস্ত হচ্ছে। অর্থনীতিতে রিটার্ন কমে যাচ্ছে। সরকারের পাশাপাশি কেন্দ্রীয় ব্যাংকের বীমা কাভারেজ বাড়াতে হবে। প্রিমিয়াম আরও বাড়াতে হবে।

শেষ কথা হচ্ছে, মূলত আস্থাহীনতার কারণেই আমেরিকার ব্যাংক দুটি ধসে পড়েছে। তাই আমাদের দেশের ব্যাংক খাতের জন্য বড় শিক্ষণীয় দিক হচ্ছে, গ্রাহকের আস্থা ধরে রাখা। কেননা, আমাদের দেশেও বেশ কয়েকটি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে গ্রাহকের আস্থাহীনতার নজির তৈরি হয়েছে, যা কোনোভাবেই বাড়তে দেওয়া যাবে না। আমাদের দেশে ব্যাংকধসের আশঙ্কা এ মুহূর্তে না থাকলেও গ্রাহকের আস্থা অর্জনে আরও বেশি মনোযোগী হতে হবে। এ জন্য ব্যাংকগুলোকে সঠিকভাবে মনিটর করতে হবে। নিয়ন্ত্রক সংস্থা হিসেবে বাংলাদেশ ব্যাংককে আরও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে।

***লেখক: অর্থনীতিবিদ; সাবেক গভর্নর, বাংলাদেশ ব্যাংক***

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী

● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ল্যান্ডলর্ড-টেনেন্ট
● ব্যাংক্রাপসি ● ডিভোর্স সহ বিভিন্ন
সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।
মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, Email: azizbbu@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ অফিসের অধীনে শেভেনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।

অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'
আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?
Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

بِسْمِ اللّٰهِ الرَّحْمَنِ الرَّحِيم

**মাহে রমজান ২০২৩-এ টাইম টেলিভিশন এর বিশেষ আয়োজন**

QIRAAT COMPETITION 2023
LIGHT OF QURAN

পবিত্র মাহে রমজান উপলক্ষে টাইম টেলিভিশন নিউ ইয়র্কে অবস্থিত বাংলাদেশী পরিচালিত সকল মসজিদ/মাদ্রাসা থেকে নতুন প্রজন্মের অংশগ্রহণে আয়োজন করেছে ক্বিরাত প্রতিযোগীতার। অংশগ্রহণে আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে আগামী ১৫ মার্চ ২০২৩ এর মধ্যে নাম রেজিস্ট্রেশন করার আহ্বান জানানো হচ্ছে। বয়সসীমাঃ ন্যূনতম ৮ বছর থেকে অনুর্ধ ১৬ বছর। অংশগ্রহণে আগ্রহী প্রতিযোগীর নাম, জন্মতারিখ ও ঠিকানা সংশিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক জমা দেওয়ার অনুরোধ করা যাচ্ছে। প্রতিটি প্রতিষ্ঠান হতে সর্বোচ্চ ৩ জন প্রতিযোগী রেজিস্ট্রেশন করতে পারবে।

- প্রথম পুরস্কারঃ ২০০০ ডলার
- দ্বিতীয় পুরস্কারঃ ১৫০০ ডলার
- তৃতীয় পুরস্কারঃ ১০০০ ডলার
- চতুর্থ পুরস্কারঃ ৭৫০ ডলার
- পঞ্চম পুরস্কারঃ ৫০০ ডলার

*এছাড়াও সকল প্রতিযোগিকে বিশেষ পুরস্কার ও সনদ প্রদান করা হবে।*


**রেজিস্ট্রেশন এর জন্য যোগাযোগঃ**
**ফোন/এসএমএসঃ** +1(718) 482-9923
+1 (718) 482-1169
**ই-মেইলঃ** timetvusa@gmail.com
**চিঠি পাঠাবার ঠিকানাঃ**
Time Television 36-50 38th St,
Long Island City, NY 11101

**আয়োজনে**
TiME television

**পৃষ্ঠপোষকতায়**

প্রতিযোগিতাটির সবগুলো পর্ব
টাইম টেলিভিশন -এ সম্প্রচারিত হবে।

# MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

## IF YOU ARE SICK, YOU CAN GET $500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

**Citizenship Without Exam** N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration

Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* স্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।

এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।

ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।


**40-19 73rd St. Woodside, NY 11372**
**Tel: 718-701-2666**

# রুমী ডেন্টাল ল্যাব



আবু হক
(সার্টিফাইড ডেন্টাল টেকনোলজিষ্ট)
২৫ বছরের অধিক অভিজ্ঞতা সম্পন্ন

কোন প্রকার মেটাল বা মেটালিক তার ছাড়া আরামদায়ক ও উন্নতমানের দাঁত(Unbreakable, Flexi,Soft & Latest Denture) তৈরী করা হয়।



**Princeton Court Building**
**35-06, 73rd St. #3H, Jackson Heights, NY 11372**
**(Bet. 35th & 37th Avenue)**

**Tel: 718-672-0209, 718-414-4760**

# DR. SADI ALAM, DPM

## Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218

Alam Podiatry, P.C.

Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

# দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়








NEW YORK LOTTERY
নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

# PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ **(347) 851-2688**

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

# ইমিগ্রেশন ও আপনি



এটর্নী শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য, আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহের আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

**নিউইয়র্ক থেকে একম চৌধুরীর প্রশ্নঃ**
আমি একজন ইউএস সিটিজেন। আমার স্ত্রী একজন গ্রিনকার্ডধারী। আমার স্ত্রী ফুলটাইম কাজ করে আর আমি একজন ব্যবসায়ী। আমাদের উপার্জন ভালো এবং এদেশের সরকারকে ৫০ হাজার ডলারের বেশি ট্যাক্স দিয়ে থাকি। আমাদের একজন স্কুল পড়ুয়া সন্তান আছে। সে কারণে আমরা ইচ্ছা থাকলেও বাংলাদেশে যেতে পারিনা।

আমি শুনেছি আমার পরিবারের সদস্য অর্থাৎ বাবা এবং আমার স্ত্রীর মাকে কয়েক মাসের জন্য আমেরিকা ভ্রমণে স্পন্সর করতে পারি। আমার বাবা একজন অবসরপ্রাপ্ত সরকারী কর্মকর্তা। আমার বাবা সরকার থেকে খুব ভালো পেনশন পান। এছাড়াও তিনি ঢাকায় একটি বসতবাড়ি এবং কমার্শিয়াল ভবনের মালিক।

এ ব্যাপারে অনুগ্রহ করে আমাকে জানাবেন যে আমি তাদের জন্য স্পন্নসরশীপের ফরম পূরণ করতে পারি কিনা। যদি হ্যা বাচক উত্তর হয় তবে একজন্য আমার পক্ষে ও তাদের পক্ষে কী কী ডকুমেন্টে লাগবে। এ ব্যাপারে আপনার পরামর্শ পেলে উপকৃত হবো ও কৃতজ্ঞ থাকবো।

**এম চৌধুরীর প্রশ্নের উত্তরঃ**
সাধারণতঃ কোন বিদেশি নাগরিককে ইউএস ঢুকতে হলে তাকে প্রথেমে ভিসা পেতে হবে। সে ভিসা সাময়িক অবস্থানের জন্য নন ইমিগ্র্যান্ট ভিসা অথবা পার্মানেন্ট রেসিডেন্টের জন্য ইমিগ্র্যান্ট ভিসা। সাময়িক অবস্থান হলে বিজনেসের জন্য (ভিসা ক্যাট-াগরি বি-১), ভ্রমণের জন্য (ভিসা ক্যাটাগরি বি-২) অথবা ব্যবসাও ভ্রমণ উভয় উদ্দেশ্যে (বি-১/বি-২)। ইউএস গভর্নমেন্ট বি-২ ভিজিটর বিষার জন্য কোন স্পন্সরশিপ চায় না। তবে স্পন্সরশিপ পেলে ভিসা প্রসেসিং এর প্রক্রিয়া অনুমোদনে সাহায্য হতে পারে।

**বি-২ ভিজিটর ভিসাঃ**
বি-২ ভিসা ট্যুরিজম, অবকাশ যাপন এবং বন্ধু ও পরিবারের সদস্যদের সঙ্গে দেখা সাক্ষাতের জন্য প্রযোজন হয়। এছাড়াও চিকিৎসার জন্য বা কোন সামাজিক অনুষ্ঠানে যোগ দেয়ার জন্যও বি-২ ভিসা দেয়া হয়ে থাকে।



**কীভাবে আবেদন করতে হবে?**
আবেদনের জন্য প্রস্তুত হলে ইউএস কনস্যুলেট অথবা কনস্যুলেটের ওয়েব সাইট চেক কজরে নিলে ভাল হয়। সাধারণ ডিএস-১৬০ ফরম পুরণের মাধ্যমে ভিসার জন্য অন লাইনে আবেদন করতে হবে। নির্দিষ্ট কিছু ব্যতিক্রম ছাড়া সাধারণত প্রয়োজনর হয়। যত তাড়াতাড়ি সম্ভব সাক্ষাতকারের জন্য তারিখ নেয়া ভালো। সাক্ষাতকারের জন্য অনেক মাসও অপেক্ষা করতে হতে পারে। অপেক্ষার সময় কখনো কখনো পরিবর্তন হতে পারে। এমনকি দূতাবাস/কনস্যুলেটের স্থানের পরিবর্তন হতে পারে। দৃষ্টান্ত স্বরূপ বলা যায় ঢাকায় ইউএস কনস্যুলেটের সময়; দিনের বেশি অপেক্ষার সময় বি-১/ বি-২ ভিসার জন্য।

**ভিসা আবেদনের জন্য যে সব কাগজপত্র প্রয়োজনঃ**
সাক্ষাতকারের জন্য নিম্নে উল্লেখিত কাগজপত্র প্রয়োজন হবে।

পাসপোর্টঃ ইউএসএ ভ্রমণের জন্য বৈধ ভিসা এবং তার মেয়াদ ইউএসএ অবস্থানের পরও কমপক্ষে ৬ মাসের ভিসার মেয়াদ থাকতে হবে।

নন-ইমিগ্র্যান্ট ভিসার আবেদন, ডিএস ১৬০ ফরমে এর কনফারমেশন পেজ থাকতে হবে। অন লাইনে ফরম পূরণের জন্য ডিএস-১৬০ ফরম প্রিন্ট করে নিতে হবে।

আবেদন করার জন্য নির্দিষ্ট অর্থ পরিশোধের রশিদ।

ফটো- অন লাইনে ডিএস ১৬০ ফরম পূরনের সময় নিজের ফটো আপলোড করতে হবে। আপলোড করতে না পারলে সাক্ষাতকারের সময় ছবির হার্ড কপি সঙ্গে রাখতে হবে।

**অতিরিক্ত কাগজপত্রঃ**
নিজেকে ভিসার জন্য যোগ্য প্রমাণ করতে অবশ্যই অতিরিক্ত কাপগজপত্র সঙ্গে নিতে হবে। উদাহরণ স্বরূপঃ আপনার ভ্রমণের জন্য উপযোগীয় কাপগ-জপত্র, সফর শেষ করে যে ইউএসএতে আর অবস্থান করবেন না- তার প্রমাণপত্র, আপনার এই ভ্রমণের সকল ব্যয় বহন করবার ক্ষমতা আছে। কর্মস্থানের প্রমাণপত্র, পারিবারিক বন্ধনের ফিরে যাবার কারণে প্রমাণ।

নিজের সম্পূর্ণ ব্যয়বার বহন করতে না পারলে, অন্য কেউ আপনার আংশিক বা সম্পূর্ণ ব্যয় বহন করবে তার বিশ্বাসযোগ্য প্রমাণ।

**স্পন্সরশিপের ডকুমেন্টঃ**
পূর্বেই উল্লেখ করা হয়েছে যে ভিজিট ভিসার জন্য কোন আবদেনপত্র বা এ্যাফিডেভিট অব সাপোর্ট এর প্রয়োজন নেই। যদি আপনি তা নিহে চান তবে নিম্নে উল্লেখিত কাপগজপত্র অবশ্যই নিতে হবে।

যে সকল প্রমাণাদিসহ আপনার আই-১৩৪ এ্যাফিডেভিট অব সাপোর্ট এবং অংশগ্রহণপত্রের সঙ্গে যা নিতে হবেঃ
অতি সাম্প্রতিক আপনার ট্যাক্স রিটার্নের কপি,
ব্যংকের চিঠি এবং ব্যাংক স্টেটমেন্ট,
জব লেটার,
নাগরিকত্ব অথবা গ্রিনকার্ডের প্রমাণ।

**নিউইয়র্ক থেকে ফরিদ আলমের প্রশ্নেঃ**
আমার এক বন্ধু বাংলাদেশে সফল ব্যবসায়ী। আমার এই বন্ধু এদেশে ব্যবসা করতে আগ্রহী। আদৌ সেটা সম্ভব কিনা? যদি এটা সম্ভব হয় তবে তার প্রক্রিয়া সম্পর্কে এই বিভাগের মাধ্যমে আপনার পরামর্শ চাচ্ছি।

**ফরিদ আলমের প্রশ্নের উত্তরঃ**
ইউএস ইমিগ্রেশন এদেশে প্রবেশ, বসবাস এবং কাজের জন্য কয়েক ধরনের ভিসা প্রদাণ করে থাকে। এই ধরনের ভিসার মধ্যে অতি পরি-চিতি বিসার নাম হচ্ছে বি-১ ভিসা। কিন্তু এই ভিসা নিয়ে এদেশে এসে ঐ ব্যক্তি অর্থ উপার্জন করতে পারবে না। বি-১ ভিসার উদ্দেশ্য হচ্ছে এদেশে এসে বিজিনেস, মিটিং, কনফারেন্স এবং ব্যবসায়ীকে তথ্যাবলী শেয়ার করা।

আবার বিজনেস এর সাথে সম্পৃক্ত অন্য ভিসা আছে। যেমন ই-১, ই-২ এবং ই-৫ ভিসা যাকে ট্রিটি ট্রেডার্স ভিসা বলে। ট্রিটি দেশের নাগরিকেরা এই সুবিধা পেয়ে থাকে। ই-১ এবং ই-২ ভিসার কিছু শর্তাবলীঃ

বিনিয়োগকারীকে ট্রিটি দেশের নাগরিক হতে হবে।

বিনিয়োগ অবশ্যই সাবসটেনশিয়ান হবে।

ই-২ ভিসার জন্য বিনিয়োগকারীকে প্রদান বিনিয়োগকারী হতে হবে।।

সক্রিয় বিনিয়োগ শুধুমাত্র অনুমতি প্রাপ্ত হবে।

এই ই-ভিসা দুই ধরনেরঃ ই-১ এবং ই-২। বাংলাদেশ হচ্ছে ট্রিটে দেশ এর সদস্যভূক্ত দেশ। অধিকাংশ ক্ষেত্রে ই-ভিসা ১ বছরের জন্য ইস্যু হয়। বিনিয়োগ বহল থাকলে এই ভিসার মেধা বাড়ে। ই-১ এবং ই-২ ভিসাধারীর স্পাউস এর সন্তানেরা এই ভিসা পাবার উপযুক্ত। ই-৫ ভিসা ইমিগ্র্যান্ট ভিসা। ই-৫ ভিসার ক্যাটাগরিতে কন্ডিশনকে গ্রিনকার্ড পেতে এই ভিসাধারীকে অর্ধ মিলিয়ন ডলার বিনিয়োগ করতে হয় এবং ১০ জন নতুন মানুষের কাজের সুযোগ তৈরি করতে হবে।

এ ব্যাপারে বিস্তারিত জানতে চাইলে প্রয়োজনে একজন এটর্নীর সাথে পরামর্শ করতে পারেন।

বিস্তারিত জানতে ইউএস স্টেট ডিপার্টমেন্টের ওয়েব সাইট দেখুন। সর্বশেষ আবারো আপনাদের সুস্থ ও সুন্দর জীবনের প্রত্যাশায় আজকের মত এখানেই শেষ করছি। ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।
ফোন: ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইল:
kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

**অনুবাদ: হুসনে এ. বেগম।**

Law Offices of Kazmi & Reeves
225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com



Tel: 212-513-7474, Fax: 914-462-3990
* Immigration Cases & Appeals * Bankruptcy Cases
* Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.
এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।
যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা
আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্রেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।
আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।
আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

# শিক্ষাপ্রতিষ্ঠানে র‍্যাগিং বন্ধ করা জরুরি

॥ ড. মো. শফিকুল ইসলাম ॥

দুর্ভাগ্যের বিষয়, আজও বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থী নির্যাতনের কথা শুনতে হয় আমাদের। গণমাধ্যমে দেখতে পাই, দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে অনেক টর্চার সেল রয়েছে। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলে এ টর্চার সেলে সাধারণ শিক্ষার্থীদের নির্যাতন করা হয়। কিন্তু এ টর্চার সেলে যে নির্যাতন হয়, তার বিচার তেমন হয় না বললেই চলে। নামমাত্র বিচার হয় কিছু ঘটনার। সম্প্রতি অনেক বিশ্ববিদ্যালয়ে র‍্যাগিং বা নির্যাতনের ঘটনা ঘটতে দেখা যায়, যা নিয়ে নতুন শিক্ষার্থীরা খুবই আতঙ্কে রয়েছে। এটি আমাদের সমাজের জন্য বিব্রতকর।

গত এক-দেড় মাসে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে র‍্যাগিংয়ের ঘটনায় ১০টি লিখিত অভিযোগ জমা পড়েছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে। এমনকি দুই শিক্ষার্থী ক্যাম্পাস ছেড়ে বাড়িতে অবস্থান নিয়েছে। একজন বিশ্ববিদ্যালয়ে আর পড়বেনই না বলে এমন কঠিন সিদ্ধান্ত নিতে বাধ্য হয়েছে। দিনাজপুরের হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে র‍্যাগিংয়ের অভিযোগে লিখিত আবেদন করেও বিচার না পেয়ে এক শিক্ষার্থী বিশ্ববিদ্যালয় ছেড়ে চলে গেছে। এরকম অনেক লিখিত অভিযোগ দিলেও নানা চাপে প্রশাসন অনেক সময় বিচার করতে পারে না। আবার অনেক শিক্ষার্থী আরও নির্যাতনের ভয়ে কোনো অভিযোগ দেয় না। নীরবে সহ্য করে যায়। বিশ্ববিদ্যালয়ে এসে নবীন শিক্ষার্থীদের এক বাজে সংস্কৃতির মধ্যে পড়তে হয়, যা তাদের বিশ্ববিদ্যালয় নিয়ে নেতিবাচক মনোভাব সৃষ্টিতে কাজ করে। এজন্য অনেক অভিভাবক তাদের সন্তানকে প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে পড়াতে বাধ্য হন।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ৩১ জানুয়ারি লোকপ্রশাসন বিভাগের প্রথমবর্ষের এক ছাত্র তার বিভাগের দ্বিতীয়বর্ষের কয়েকজন শিক্ষার্থীকর্তৃক র‍্যাগিংয়ের শিকার হয়। এখানে বড় ভাইদের চিনতে না পারায় তাকে চড়-থাপ্পড় দেওয়া হয় এবং গালাগাল করা হয়। এছাড়া রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে এক জুনিয়র শিক্ষার্থীকে বেধড়ক পিটিয়ে আহত করার অভিযোগ উঠেছিল একই বিভাগের কয়েকজন সিনিয়র শিক্ষার্থীর বিরুদ্ধে। পরে তার বিভাগের শিক্ষকরা অভিযুক্তদের সঙ্গে কথা বলে বিষয়টি সমাধান করে দেয়। গত বছর আমার কর্মস্থল জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে এ ধরনের ঘটনা ঘটেছিল। মধ্যরাতে ডেকে নিয়ে নবীন শিক্ষার্থীর ওপর চালানো হয় বর্বরতা। আহত শিক্ষার্থী হাসপাতালে ভর্তি হয়ে কাতরাচ্ছে-এমন অবস্থা হয়েছিল। মা-বাবা কী যে দুশ্চিন্তায় ছিল, তা বলে বোঝান যাবে না। যদিও এসব ঘটনা এখনো তদন্তাধীন; আশা করি, সত্য ঘটনা বেরিয়ে আসবে-কে বা কারা এর সঙ্গে জড়িত। বিভিন্ন গণমাধ্যমে যেভাবে র‍্যাগিংয়ের খবর প্রকাশিত হয়েছে, তাতে বুঝতে পারি, কতটা বেপরোয়া ছিল নির্যাতনকারীরা।

সরকারি বিশ্ববিদ্যালয়ে নতুন শিক্ষার্থী ভর্তি হলে ভয়ে থাকে, তাকে র‍্যাগিংয়ের শিকার হতে হয় কি না! এসব নির্যাতন এবং র‍্যাগিং কার্যক্রম বন্ধ করা উচিত। এসব বন্ধে বিশ্ববিদ্যালয় প্রশাসনের নির্যাতন ও র‍্যাগিংবিরোধী আইন করা উচিত। শিক্ষার্থীরা যেন নিরাপদ পরিবেশে নির্ভয়ে পড়াশোনা করতে পারে, তা নিশ্চিত করতে শিক্ষাপ্রতিষ্ঠানে বুলিং ও র‍্যাগিং বন্ধে নীতিমালা তৈরির কাজ প্রায় শেষ পর্যায়ে নিয়ে এসেছে সরকার। এটি একটি যুগান্তকারী পদক্ষেপ। সন্ত্রাস ও র‍্যাগিংমুক্ত ক্যাম্পাস নিশ্চিত করার ক্ষেত্রে কেন্দ্রীয় ছাত্রলীগের নেতৃত্বেও উদ্যোগ নেওয়া হয়েছে, যা ইতিবাচক ও প্রশংসনীয়।

বিশ্ববিদ্যালয়ে পড়তে এসে কেন শিক্ষার্থীরা শারীরিক ও মানসিক নির্যাতনের শিকার হবে? কোথাও কোথাও এমনকি শিক্ষকরাও নির্যাতনের শিকার হচ্ছেন। এসব কোনোটাই সভ্য দেশে কাম্য নয়। যদি কেউ কোনো অপরাধ করে থাকে, সেজন্য বিশ্ববিদ্যালয় প্রশাসন রয়েছে এবং দেশের আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী রয়েছে। তারা এ বিষয়ে ব্যবস্থা নেবে। কিন্তু আমরা কেন আইন নিজের হাতে তুলে নিচ্ছি? বিশ্ববিদ্যালয় হবে মুক্তচিন্তার জায়গা। বিশ্ববিদ্যালয়ে শিক্ষার স্বাভাবিক পরিবেশ ফিরিয়ে আনতে এসব টর্চার সেল বন্ধ করার কোনো বিকল্প নেই।

আমাদের বিশ্ববিদ্যালয় জীবনে এগুলো কখনো দেখিনি। যারা এসব করে, তারা কোনো আদর্শ বা চেতনা ধারণ করে না। কিছু নামধারী ছাত্র কোনো একটি সংগঠনের ছায়াতলে এসে এসব অপকর্ম করে থাকে; দোষ হয় সংগঠনের। তাই যারা মুক্তিযুদ্ধে নেতৃত্ব দেওয়া ছাত্রসংগঠনের নেতৃত্বে রয়েছেন; তাদের বলব, আপনারা যোগ্য ও সঠিক আদর্শ বহনকারী ও মেধাবী-এসব বিবেচনায় নিয়ে নেতৃত্ব গড়ে তুলুন। তাহলে জাতি পাবে সঠিক নেতৃত্ব। বিশ্ববিদ্যালয়ে সুষ্ঠু এবং সুন্দর কর্মপরিবেশ না থাকলে শিক্ষার গুণগত মান নিশ্চিত করা কঠিন হয়ে পড়ে। আর অনেক বিশ্ববিদ্যালয়ে দেখেছি, শুধু তদন্ত হয়; সে তদন্তের কোনো প্রতিবেদন প্রকাশ পায় না এবং বাস্তবায়নও হতে দেখা যায় না। তাহলে কীভাবে অন্যায় বন্ধ হবে? বিশ্ববিদ্যালয় প্রশাসনকে এ বিষয়ে কঠোর হতে হবে। অন্যথায় নবীন শিক্ষার্থীরা আতঙ্কে থাকবে। এমন কী অনেক বিষয়ে শিক্ষকরাও আতঙ্কে থাকেন।

বিগত সময়ে বিশ্ববিদ্যালয়ের ছাত্রীকে ধর্ষণ করে ফেলে রেখে যাওয়ার ঘটনাও ঘটেছে। এ ধরনের ঘটনা জাতিকে কী বার্তা দিচ্ছে? সমাজে চরমভাবে অবক্ষয় হচ্ছে। এজন্য সরকার, সাংবাদিক, শিক্ষক, অভিভাবক ও সমাজের গুণী মানুষদের আরও সোচ্চার হতে হবে, যাতে অর্থনৈতিক উন্নয়নের সঙ্গে সঙ্গে সামাজিক উন্নয়নও ঘটে। তাহলে এসব সমস্যা থেকে উত্তরণ ঘটতে পারে। সরকার দেশের উন্নয়ন করে যাচ্ছে; বিশ্ব বাংলাদেশকে নতুনভাবে চিনতে শুরু করেছে। এমন একটা সময়ে ছাত্র নামধারী কিছু মানুষ বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক পরিবেশ বিঘ্নিত করছে। শিক্ষার পরিবেশ নিশ্চিত করা বিশ্ববিদ্যালয় প্রশাসনের নৈতিক দায়িত্ব। শিক্ষার্থীদের মন থেকে ভয়ভীতি ও আতঙ্ক দূর করতে বিশ্ববিদ্যালয়ে অ্যান্টি র‍্যাগিং সেল গঠন করতে হবে। সব বিশ্ববিদ্যালয়ে এ সেলকে শক্তিশালী করাসহ অন্যান্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। বিশ্ববিদ্যালয়ে মেধা, গবেষণা এবং মুক্তিযুদ্ধের চর্চা হোক এবং অপরাজনীতি বন্ধ হোক-এ কামনা করি। নতুন প্রজন্ম ছাত্ররাজনীতিকে কলুষমুক্ত করতে এগিয়ে আসুক এবং গঠনমূলক রাজনীতি করে দেশ ও সমাজের উন্নয়নে অবদান রাখুক-এটাই হোক এ সময়ের ব্রত। সঠিক রাজনীতির চর্চা হোক বিশ্ববিদ্যালয়ে, মায়ের বুক খালি করার রাজনীতি নয়। যারা সহপাঠীকে নিষ্ঠুরভাবে নির্যাতন করতে পারে এবং হত্যার হুমকি পর্যন্ত দিতে পারে, তারা ছাত্র নামের কলঙ্ক। বিশ্ববিদ্যালয় প্রশাসনকে দ্রুত এসব ঘটনার তদন্ত করে অপরাধীদের বিরুদ্ধে কঠোর সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

*লেখক: সহযোগী অধ্যাপক, হিসাববিজ্ঞান ও তথ্য পদ্ধতি বিভাগ, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ*





বাংলাদেশে সব নাগরিক সমান অধিকার ভোগ করে না এবং সবাই সমানভাবে উন্নয়নের সুযোগ পায় না। এখানে আয়বৈষম্যও দিন দিন বাড়ছে। ফলে দেশের প্রান্তিক ও পিছিয়ে পড়া গোষ্ঠীগুলো উন্নয়নের সুফল থেকে বহুলাংশে বঞ্চিত থাকছে। এদের প্রতি রাষ্ট্রের সাহায্যের হাত বাড়িয়ে দেওয়ার জন্যই সামাজিক নিরাপত্তা কর্মসূচি। সামাজিক নিরাপত্তা কর্মসূচি বেগবান করার জন্য বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ ২০১৫ সালে জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলপত্র অনুমোদন করে। এ কৌশলপত্রের উদ্দেশ্য অন্তর্ভুক্তিমূলক সামাজিক নিরাপত্তা গড়ে তোলা; যার মাধ্যমে দারিদ্র্য ও বৈষম্য দূর করে মানবিক উন্নয়ন, কর্মসংস্থান ও অর্থনৈতিক প্রবৃদ্ধির মাধ্যমে সবার কল্যাণ সাধন।

কিন্তু দুঃখজনকভাবে, সামাজিক নিরাপত্তা কর্মসূচির জন্য বাজেট বরাদ্দ ও উপকারভোগীর সংখ্যা ক্রমে বাড়লেও, বাজেটের একটা বড় অংশ যাচ্ছে দরিদ্র নয়, এমন মানুষের কাছে। ২০২১-২২ সালে সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাজেটের ২৯ দশমিক ৫ শতাংশ ৭ লাখ ৫০ হাজার সরকারি কর্মচারীর অবসর ভাতা এবং মুক্তিযোদ্ধাদের জন্য ভাতা, সম্মানী ও চিকিৎসা বাবদ দেওয়া হয়েছে। একই অর্থবছরে সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাজেটের ৯ শতাংশ ব্যয় হয়েছে সঞ্চয়পত্রের সুদ পরিশোধে এবং ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের (কুটির শিল্পসহ) ভর্তুকি দিতে। সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাজেট থেকেই শিক্ষা বৃত্তি ও কৃষি ক্ষেত্রে ভর্তুকি দেওয়া হয় (বাইরন এবং হাবিব ২০২১)।

# সামাজিক নিরাপত্তা কর্মসূচির পর্যালোচনা প্রয়োজন

॥ ফিলিপ গাইন ॥

বিশ্বব্যাপী অবসর ভাতা ও সঞ্চয়পত্রের মুনাফার মতো সুবিধা সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে অন্তর্ভুক্ত করা

**কিন্তু দুঃখজনকভাবে, সামাজিক নিরাপত্তা কর্মসূচির জন্য বাজেট বরাদ্দ ও উপকারভোগীর সংখ্যা ক্রমে বাড়লেও, বাজেটের একটা বড় অংশ যাচ্ছে দরিদ্র নয়, এমন মানুষের কাছে। ২০২১-২২ সালে সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাজেটের ২৯ দশমিক ৫ শতাংশ ৭ লাখ ৫০ হাজার সরকারি কর্মচারীর অবসর ভাতা এবং মুক্তিযোদ্ধাদের জন্য ভাতা, সম্মানী ও চিকিৎসা বাবদ দেওয়া হয়েছে। একই অর্থবছরে সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাজেটের ৯ শতাংশ ব্যয় হয়েছে সঞ্চয়পত্রের সুদ পরিশোধে এবং ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের (কুটির শিল্পসহ) ভর্তুকি দিতে। সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাজেট থেকেই শিক্ষা বৃত্তি ও কৃষি ক্ষেত্রে ভর্তুকি দেওয়া হয় (বাইরন এবং হাবিব ২০২১)।**

হয় না। বিশ্বব্যাংক ও এশীয় উন্নয়ন ব্যাংকের মতো আন্তর্জাতিক সংস্থা বাজেট বিশ্লেষণের সময় এ ধরনের ভাতা তাদের হিসাবে অন্তর্ভুক্ত করে না। সামাজিক নিরাপত্তার জন্য মোট বাজেট থেকে দরিদ্র নয়, এমন মানুষের হাতে যেসব সুবিধা যাচ্ছে, তা যদি বাদ দেওয়া হয়, তবে জিডিপির মাত্র শূন্য দশমিক ৯৭ শতাংশ এবং বিশ্বব্যাংকের হিসাব অনুসারে শূন্য দশমিক ৭৩ শতাংশ যায় দরিদ্রদের কাছে। যদিও কাগজে-কলমে জিডিপির ৩ দশমিক ১১ শতাংশ (সংশোধিত বাজেট অনুসারে ২ দশমিক ৮ শতাংশ) সামাজিক নিরাপত্তা কর্মসূচির জন্য নিবেদিত (বাইরন এবং হাবিব ২০২১)।

এ ছাড়া আরও বেশ কিছু উদ্বেগের বিষয় আছে। সেন্টার ফর পলিসি ডায়ালগের এক গবেষণা ফলাফল বলছে–স্বজনপ্রীতি, দুর্নীতি এবং উপকারভোগী নির্বাচনে রাজনৈতিক বিবেচনার কারণে সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাজেটের ৬৫ শতাংশ গিয়েছে দরিদ্র নয় এমন মানুষের হাতে। এ গবেষণা অনুসারে দেশের মাত্র ৩২ দশমিক ৫ শতাংশ দরিদ্র পরিবার সামাজিক নিরাপত্তা কর্মসূচি থেকে কিছু সাহায্য পেয়েছে।

শিক্ষা, কর্মসংস্থান এবং জীবন-জীবিকার জন্য ব্যাপক হারে বাজেট কমে যাওয়া আরেকটি উদ্বেগের বিষয়। সিপিডির গবেষণা অনুসারে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের জন্য উপবৃত্তি কমেছে ৪৮ দশমিক ৮ শতাংশ এবং মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও মাদ্রাসা ছাত্রছাত্রীদের জন্য বাজেট কমেছে ৩৫ শতাংশ। আশ্রয়ণ প্রকল্প, খাদ্যনিরাপত্তা, ঋণ সহায়তা, জন্মশাসন ও পরিবার পরিকল্পনা, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের (কুটির শিল্পসহ) জন্য ভর্তুকি ইত্যাদির জন্য বাজেট কমে যাওয়াও একটি উদ্বেগের বিষয় (দ্য ডেইলি স্টার, ২০২১)।

সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বিভিন্ন ভাতা গ্রহণের জন্য আবেদন করতে গিয়ে উপকারভোগীরা নানা সমস্যার মুখোমুখি হন। এর মধ্যে উল্লেখযোগ্য হলো: (ক) জাতীয় পরিচয়পত্রে ভুলের কারণে অনেক উপকারভোগী বয়স্ক ভাতা থেকে বঞ্চিত হচ্ছেন; (খ) বিভিন্ন রাজনৈতিক দলের রেষারেষি ও তাদের দুর্নীতির কারণে ভাতা থেকে বঞ্চিত হন অনেকে; (গ) উপকারভোগীর তালিকা তৈরিতে নিয়োজিত কর্মচারীরা নিজেদের পছন্দ অনুযায়ী ভাতা পাওয়ার যোগ্য নন–এমন অনেক মানুষকে তালিকাভুক্ত করেন। ফলে প্রকৃত দরিদ্র উপকারভোগী বাদ পড়ে যান; (ঘ) অনেক যোগ্য প্রার্থী সঠিক তথ্য ও সচেতনতার অভাবে তালিকাভুক্ত হন না, আবার অনেকে ঝামেলা এড়াতে আবেদন করতে আগ্রহী হন না; (ঙ) অনেকেই অনলাইনে আবেদন করার সম্পর্কে জ্ঞাত বা দক্ষ না হওয়ায় আবেদন করতে পারেন না, আবার অনেকে আবেদন করার নির্দিষ্ট সময়সীমা সম্পর্কে অবহিত নন; (চ) সাধারণ দরিদ্র মানুষের মাঝে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যদের সঙ্গে যোগাযোগে ভীতি কাজ করে বিধায় অনেক যোগ্য প্রার্থীর নাম তালিকায় আসে না; (ছ) পুরো প্রক্রিয়া কিছুটা দীর্ঘ হওয়ায় অনেকেই বারবার গিয়ে সাহায্যের আবেদন করতে লজ্জা পান। পাশাপাশি নেতৃস্থানীয় ব্যক্তিদের সঙ্গে কথা বলতেও দ্বিধা বোধ করেন; (জ) অনেক ভাতাই মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে দেওয়া হয় এবং উপকারভোগী অনেকের নিজস্ব মোবাইল নম্বর না থাকায় অন্যের নম্বর দিয়ে আবেদন করতে হয় এবং অনেক ক্ষেত্রেই ভাতার টাকা তাঁর হাতে পৌঁছায় না।

এদিকে, তালিকাভুক্ত হওয়ার কথা নয় অথচ তালিকায় নাম আছে ও সাহায্য পাচ্ছে–এমন ভুলের কারণে অনেক অযোগ্য প্রার্থী অন্তর্ভুক্ত হয়ে যাচ্ছেন। আবার অনেক যোগ্য প্রার্থী সাহায্য থেকে বঞ্চিত হচ্ছেন। মূলত এই দুই ভুলের কারণেই সামাজিক নিরাপত্তা কর্মসূচির সঠিক উপকারভোগী জনসংখ্যা টার্গেটিংয়ে ভুল হয়ে থাকে এবং যোগ্য উপকারভোগীরা সাহায্য পান না। রাজনৈতিক বিবেচনা, পক্ষপাতিত্ব, দুর্নীতি, যথাযথ শাসন, দায়িত্ববোধ ও জবাবদিহিতার অভাব, জাতীয় পরিচয়পত্রে ভুল বয়স ইত্যাদি কারণে সাধারণত এসব ভুল হয়ে থাকে।

বাংলাদেশে সামাজিক নিরাপত্তার ইতিহাস অনেক পুরোনো–ব্রিটিশ ঔপনিবেশিক শাসনের আগে থেকেই নানাভাবে দরিদ্র মানুষ সাহায্য পেয়ে আসছে। তারই ধারাবাহিকতায় ২০১৫ সালের ১ জুন জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল অনুমোদিত হয়। ওই কৌশলপত্র বাংলাদেশে সামাজিক নিরাপত্তা কৌশল ও কর্মসূচিকে সহজ করে এবং দারিদ্র্য ও চরম দারিদ্র্য উল্লেখযোগ্য হারে কমিয়ে আনে। তবে কভিড মহামারি ও অন্যান্য কারণে দারিদ্র্য হ্রাসের প্রণোদনা উল্লেখযোগ্য হারে ব্যাহত হয়েছে এবং যাঁরা দারিদ্র্যমুক্ত হয়েছিলেন, তাঁদের অনেকে আবার দারিদ্র্যের মধ্যে পড়ে গিয়ে 'নতুন দরিদ্র' হিসেবে আবির্ভূত হন। কাজেই কভিড মহামারির পরে দরিদ্র, চরম দরিদ্র ও প্রান্তিক মানুষের সামাজিক নিরাপত্তা দেওয়া একটি বড় চ্যালেঞ্জে পরিণত হয়েছে। তাঁরা সামাজিক নিরাপত্তা কর্মসূচি থেকে কিছু সাহায্য পান বটে, তবে তা খুবই কম। এ রকম পরিস্থিতিতে সরকারি সংস্থাগুলোকে যত্ন-সহকারে এবং সঠিক নিয়ত নিয়ে সামাজিক নিরাপত্তা কর্মসূচি তৈরি করতে হবে।

লেখক: গবেষক ও পরিচালক, সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড)




# ফ্রেন্ডশিপ পাইপলাইনের উদ্বোধন হাসিনা-মোদির

ঢাকা, ১৯ মার্চ : দ্বিপক্ষীয় বোঝাপড়া আরও নিবিড় করল ঢাকা এবং নয়াদিল্লি। শনিবার বিকালে 'বন্ধুত্বে'র (ফ্রেন্ডশিপ) পাইপলাইনের সূচনা করলেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। পাইপলাইনটি উদ্বোধনের মধ্য দিয়ে ভারত থেকে পাইপলাইনে বাংলাদেশে তেল আসা শুরু হলো। আগে রেলে ওয়াগনে করে ভারত থেকে তেল আসত। এই প্রকল্পের প্রস্তাবিত খরচ ধরা হয়েছিল ৩৭৭ কোটি টাকা। তার মধ্যে ২৮৫ কোটি টাকা খরচ করা হয় শুধু বাংলাদেশের দিকে পাইপলাইন নির্মাণের জন্যই। এই পাইপলাইনের মাধ্যমে ভারত থেকে পরিশোধিত ডিজেল পৌঁছবে বাংলাদেশের উত্তরের ৭টি জেলায়। ভারত এবং বাংলাদেশের মধ্যে এই প্রথম পাইপলাইন সংযোগ চালু হলো। শনিবার বিকালে একটি ভার্চুয়াল অনুষ্ঠানে যৌথভাবে 'বন্ধুত্বে'র এই প্রকল্পের সূচনা করেন শেখ হাসিনা ও নরেন্দ্র মোদি। 'ভারত-বাংলাদেশ ফ্রেন্ডশিপ পাইপলাইনকে' দুই দেশের জন্য একটি মাইলফলক অর্জন বলে মন্তব্য করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আর প্রকল্পের সূচনা করে শেখ হাসিনার নেতৃত্বের ভূয়সী প্রশংসা করেন নরেন্দ্র মোদি। তিনি বলেন, 'গত কয়েক বছরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের ক্রমিক অগ্রগতি হয়েছে। বাংলাদেশের সেই উন্নয়ন-যাত্রার শরিক হতে পেরে প্রতিটি ভারতবাসী গর্ব অনুভব করছেন।' প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, ফ্রেন্ডশিপ পাইপলাইন আমাদের দুই বন্ধু-প্রতিম দেশের মধ্যে সহযোগিতা উন্নয়নের একটি মাইলফলক অর্জন। এটি বাংলাদেশের জ্বালানি নিরাপত্তার পাশাপাশি অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত করবে। আশা প্রকাশ করে তিনি বলেন, ভারত-বাংলাদেশ পাইপলাইনের মতো আগামী দিনেও আরও সফলতা বাংলাদেশ-ভারত উদযাপন করবে। জাতীয় ও আন্তর্জাতিকভাবে আমরা একসঙ্গে কাজ করব। ভারতের প্রধানমন্ত্রীর কথায় উঠে আসে শেখ মুজিবুর রহমানের প্রসঙ্গও। বঙ্গবন্ধুকে স্মরণ করে মোদি জানান, মুজিব যে সোনার বাংলা গড়ার স্বপ্ন দেখেছিলেন, সেই স্বপ্নের কথা মাথায় রেখেই এই প্রকল্প হাতে নেওয়া হয়েছে। তিনি বলেন, আগামী কিছুদিনের মধ্যেই রামপাল মৈত্রী বিদ্যুৎ কেন্দ্রের দ্বিতীয় ইউনিট চালু হয়ে যাবে। দুই দেশের মধ্যে উন্নয়নমূলক সহযোগিতার ক্ষেত্রে এক ঐতিহাসিক মুহূর্ত তৈরি হয়েছে।

এই পাইপলাইনের সুফলের কথা তুলে ধরে শেখ হাসিনা বলেন, ভারত-বাংলাদেশ ফ্রেন্ডশিপ পাইপলাইন চালুর ফলে দুই দেশের জনগণ নানাভাবে উপকৃত হবে। রাশিয়া-ইউক্রেন যুদ্ধের ফলে যখন বিশ্বের অনেক দেশ জ্বালানি সংকটের মুখোমুখি, এই পাইপলাইনটি আমাদের জনগণের জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। তিনি বলেন, এই পাইপলাইনে ভারত থেকে ডিজেল আমদানিতে ব্যয় ও সময় উল্লেখযোগ্যভাবে হ্রাস পাবে। উত্তরাঞ্চলের ১৬ জেলায় ডিজেলের স্থিতিশীল সরবরাহ নিশ্চিত করবে। প্রতিবেশী ভারতের সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্কের কথা তুলে ধরে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, ভারত আমাদের অকৃত্রিম বন্ধু, ভ্রাতৃপ্রতিম প্রতিবেশী রাষ্ট্র। আমাদের হাজার বছরের সংস্কৃতি ও ঐতিহ্যের অবাধ প্রবাহ। ঐতিহাসিক ও ভৌগোলিক সেতুবন্ধ দুই দেশের সম্পর্ককে আরও ঘনিষ্ঠ থেকে ঘনিষ্ঠতর করেছে। ক্রমাগত ভারত ও বাংলাদেশের মধ্যকার সহযোগিতা আরও গভীর হচ্ছে জানিয়ে তিনি বলেন, বিগত বছরগুলোতে দুই দেশের সম্পর্কের ক্ষেত্রে অনেক সম্ভাবনাকে আমরা বাস্তবে রূপদান করেছি। আমাদের দুই দেশের মধ্যে সমস্যাগুলো একে একে আমরা সমাধান করেছি। যোগাযোগ স্থাপন করেছি, ব্যবসা বাণিজ্যের প্রসার ঘটিয়েছি। শেখ হাসিনা বলেন, আমরা উন্নয়নে একসঙ্গে কাজ করে যাচ্ছি এবং ভারতের কাছ থেকে বিভিন্ন সহযোগিতা পাচ্ছি। দুই দেশের জনগণের কল্যাণে জ্বালানি ও বিদ্যুৎ খাতে পারস্পরিক সহযোগিতাও বৃদ্ধি পেয়েছে। তিনি বলেন, আমাদের দুই দেশের বন্ধুত্ব অটুট থাকুক সেটাই আমরা চাই। বাংলাদেশ এখন উন্নয়নশীল দেশের মর্যাদা পেয়েছে, সেটাকে আমরা কার্যকর করতে চাই। ভারতীয় ব্যবসায়ীদের বাংলাদেশে বিনিয়োগের আহ্বান জানিয়ে শেখ হাসিনা বলেন, আমরা বাংলাদেশে একটি অর্থনৈতিক অঞ্চল গড়ে তুলছি। আমি চাই ভারতের বিনিয়োগকারীরাও এখানে বিনিয়োগ করুক। আমরা দুই দেশই তাতে লাভবান হব। ভারত থেকে বাংলাদেশের ১ হাজার ১৬০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানি করার কথা জানিয়ে তিনি বলেন, বিদ্যুৎ ক্ষেত্রে উপ-আঞ্চলিক পর্যায়সহ দ্বিপক্ষীয় সহযোগিতার আরও কয়েকটি উদ্যোগ বর্তমানে বাস্তবায়নাধীন রয়েছে। মহান মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশকে সহযোগিতা করার কথা স্মরণ করে প্রধানমন্ত্রী বলেন, আমরা কৃতজ্ঞ, আমাদের মুক্তিযুদ্ধে ভারতের সরকার এবং জনগণ অকুণ্ঠ সমর্থন জানিয়েছিল। শুধু তাই নয়, ১ কোটি বাঙালি শরণার্থীকে স্থান দেওয়া, খাবারের ব্যবস্থা, চিকিৎসার ব্যবস্থা, আমাদের মুক্তিযোদ্ধাদের ট্রেনিং দেওয়া এবং অস্ত্র দেওয়া- এসব সহযোগিতা ভারতের কাছ থেকে আমরা পেয়েছি। ভারত-বাংলাদেশ মৈত্রী বাহিনীর অভিযানে আমরা ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর চূড়ান্ত বিজয় অর্জন করি। ১৯৭৫ সালের পর ভারতে রাজনৈতিক আশ্রয় পাওয়ার কথা স্মরণ করে শেখ হাসিনা বলেন, আমি ব্যক্তিগতভাবে ভারতের সরকার ও জনগণের কাছে ঋণী। আমরা দুই বোন তখন ভারতে আশ্রয় নিয়েছিলাম। আমাদের আরও আত্মীয়স্বজন যারা বেঁচে গিয়েছিল তারাও ভারতে আশ্রয় নিয়েছিল। কাজেই আমি ভারতের কাছে, ভারতের জনগণের কাছে, সরকারের কাছে কৃতজ্ঞ। জানা যায়, দেশের উত্তরাঞ্চলে নিরবচ্ছিন্নভাবে জ্বালানি তেল সরবরাহ ব্যবস্থা আরও সহজতর, নির্বিঘ্ন ও সুদৃঢ় নিশ্চিত করতে বাংলাদেশ-ভারত মৈত্রী পাইপলাইন স্থাপন করা হয়। এতে আশার আলো দেখছেন উত্তরাঞ্চলবাসী। দীর্ঘদিনের জ্বালানি সমস্যা থেকে মুক্তি পাবে উত্তরের ১৬ জেলার মানুষ। নিরবচ্ছিন্নভাবে জ্বালানি তেল সরবরাহের পাশাপাশি এ অঞ্চলের কৃষি ও ব্যবসা বাণিজ্যে ব্যাপক অবদান রাখবে। এ পাইপলাইন নির্মাণ প্রকল্পের আওতায় মোট ১৩১ দশমিক ৫৭ কিলোমিটার পাইপলাইন স্থাপন করা হয়েছে। তার মধ্যে বাংলাদেশ অংশে ১২৬ দশমিক ৫৭ কিলোমিটার এবং ভারত অংশে ৫ কিলোমিটার। ভারত সরকার আইবিএফবিএলের ভারতীয় অংশের ৫ কিলোমিটার পাইপলাইন এবং বাংলাদেশ অংশের ১২৬ দশমিক ৫৭ কিলোমিটার পাইপলাইন নির্মাণে অর্থায়ন ও কারিগরি সহযোগিতা প্রদান করেছে। বাংলাদেশ অংশে এই আপৎকালীন তেল ডিপো নির্মাণের ফলে প্রতিকূল পরিস্থিতিতে নির্বিঘ্নে জ্বালানি তেল আমদানি ও গ্রহণ নিশ্চিত হবে। পূর্বে রেলওয়ে ওয়াগনের মাধ্যমে ৬০ থেকে ৭০ হাজার মেট্রিক টন ডিজেল আমদানি করা যেত। বর্তমান চাহিদা অনুযায়ী বার্ষিক প্রায় ২ দশমিক ৫ লাখ মেট্রিক টন ডিজেল ভারত থেকে আমদানি করা সহজতর হবে। পার্বতীপুর রেলহেড ডিপোর জ্বালানি তেলের চাহিদা পূরণের জন্য প্রথমে চট্টগ্রাম থেকে নৌপথে খুলনার দৌলতপুর ডিপোতে তেল সরবরাহ করা হতো। পার্বতীপুর রেলহেড ডিপো থেকে ৮০০ থেকে ১ হাজার মেট্রিক টন জ্বালানি তেল উত্তরের ১৬ জেলাতে সরবরাহ করা যাবে। এই রিসিভ টার্মিনাল নির্মাণের ফলে পার্বতীপুরে অতিরিক্ত ২৯ হাজার মেট্রিক টনের জ্বালানি তেলের মজুদ বৃদ্ধি পেয়ে মজুদ ক্ষমতা দাঁড়াবে ৪৩ হাজার মেট্রিক টন। উত্তরের ১৬ জেলায় নিরবিচ্ছিন্নভাবে ডিজেল সরবরাহ ও নীলফামারীর সৈয়দপুরের ১৫০ মেগাওয়াট বিদ্যুৎ কেন্দ্রসহ এ অঞ্চলের অন্যান্য ডিজেলচালিত বিদ্যুৎ কেন্দ্রের জ্বালানি চাহিদা পূরণের লক্ষ্যে দিনাজপুরের পার্বতীপুরে ভারত থেকে পাইপলাইনের মাধ্যমে জ্বালানি তেল (ডিজেল) আমদানির রিসিভ টার্মিনাল স্থাপন করা হয়েছে। ২০১৮ সালের ১৮ সেপ্টেম্বর ভিডিও কনফারেন্সের মাধ্যমে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি পাইপলাইন নির্মাণকাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। ১৫ বছর মেয়াদি এই প্রকল্প ভারতের নুমালীগড় রিফাইনারি লিমিটেড এবং বাংলাদেশের মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড যৌথভাবে বাস্তবায়ন করছে।













# 1444 2023 Ramadan

## Time Table for Ramadan

| | RAMADAN | DATE | DAY | STOP EATING | FAJR | SUNRISE | ZUHR | ASR | IFTAR | ISHA |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 10 DAYS OF MERCY | 01 | 23 Mar | THU | 5:35 | 5:40 | 6:55 | 1:03 | 5:22 | 7:10 | 8:26 |
| | 02 | 24 Mar | FRI | 5:33 | 5:38 | 6:54 | 1:03 | 5:23 | 7:11 | 8:27 |
| | 03 | 25 Mar | STA | 5:31 | 5:36 | 6:52 | 1:02 | 5:24 | 7:12 | 8:28 |
| | 04 | 26 Mar | SUN | 5:29 | 5:34 | 6:50 | 1:02 | 5:24 | 7:13 | 8:30 |
| | 05 | 27 Mar | MON | 5:28 | 5:33 | 6:49 | 1:02 | 5:25 | 7:14 | 8:31 |
| | 06 | 28 Mar | TUE | 5:26 | 5:31 | 6:47 | 1:01 | 5:26 | 7:15 | 8:32 |
| | 07 | 29 Mar | WED | 5:24 | 5:29 | 6:46 | 1:01 | 5:27 | 7:16 | 8:33 |
| | 08 | 30 Mar | THU | 5:22 | 5:27 | 6:44 | 1:01 | 5:27 | 7:17 | 8:34 |
| | 09 | 31 Mar | FRI | 5:20 | 5:25 | 6:42 | 1:01 | 5:28 | 7:19 | 8:36 |
| | 10 | 01 Apr | SAT | 5:19 | 5:24 | 6:41 | 1:00 | 5:29 | 7:20 | 8:37 |
| 10 DAYS OF FORGIVENESS | 11 | 02 Apr | SUN | 5:17 | 5:22 | 6:39 | 1:00 | 5:30 | 7:21 | 8:38 |
| | 12 | 03 Apr | MON | 5:15 | 5:20 | 6:37 | 1:00 | 5:30 | 7:22 | 8:39 |
| | 13 | 04 Apr | TUE | 5:13 | 5:18 | 6:36 | 12:59 | 5:31 | 7:23 | 8:41 |
| | 14 | 05 Apr | WED | 5:11 | 5:16 | 6:34 | 12:59 | 5:32 | 7:24 | 8:42 |
| | 15 | 06 Apr | THU | 5:09 | 5:14 | 6:32 | 12:59 | 5:32 | 7:25 | 8:43 |
| | 16 | 07 Apr | FRI | 5:08 | 5:13 | 6:31 | 12:58 | 5:33 | 7:26 | 8:44 |
| | 17 | 08 Apr | STA | 5:06 | 5:11 | 6:29 | 12:58 | 5:34 | 7:27 | 8:46 |
| | 18 | 09 Apr | SUN | 5:04 | 5:09 | 6:28 | 12:58 | 5:34 | 7:28 | 8:47 |
| | 19 | 10 Apr | MON | 5:02 | 5:07 | 6:26 | 12:58 | 5:35 | 7:29 | 8:48 |
| | 20 | 11 Apr | TUE | 5:00 | 5:05 | 6:24 | 12:57 | 5:36 | 7:30 | 8:49 |
| 10 DAYS OF EMANCIPATION | 21 | 12 Apr | WED | 4:59 | 5:04 | 6:23 | 12:57 | 5:36 | 7:31 | 8:51 |
| | 22 | 13 Apr | THU | 4:57 | 5:02 | 6:21 | 12:57 | 5:37 | 7:32 | 8:52 |
| | 23 | 14 Apr | FRI | 4:55 | 5:00 | 6:20 | 12:57 | 5:38 | 7:33 | 8:53 |
| | 24 | 15 Apr | SAT | 4:53 | 4:58 | 6:18 | 12:56 | 5:38 | 7:34 | 8:55 |
| | 25 | 16 Apr | SUN | 4:51 | 4:56 | 6:17 | 12:56 | 5:39 | 7:35 | 8:56 |
| | 26 | 17 Apr | MON | 4:50 | 4:55 | 6:15 | 12:56 | 5:40 | 7:36 | 8:57 |
| | 27 | 18 Apr | TUE | 4:48 | 4:53 | 6:14 | 12:56 | 5:40 | 7:37 | 8:58 |
| | 28 | 19 Apr | WED | 4:46 | 4:51 | 6:12 | 12:55 | 5:41 | 7:38 | 9:00 |
| | 29 | 20 Apr | THU | 4:44 | 4:49 | 6:11 | 12:55 | 5:42 | 7:40 | 9:01 |
| | 30 | 21 Apr | FRI | 4:42 | 4:47 | 6:10 | 12:55 | 5:43 | 7:41 | 9:02 |

## Jamat Time

| RAMADAN | FAJR | ZUHR | ASR | MAGRIB | ISHA | JUMMAH |
|---|---|---|---|---|---|---|
| 01-10 | 6:00 | 1:30 | 5:45 | Sunset | 9:00 | 1:30 |
| 11-20 | 5:45 | 1:30 | 6:00 | Sunset | 9:15 | 1:30 |
| 21-30 | 5:30 | 1:30 | 6:00 | Sunset | 9:30 | 1:30 |

"O you who believe! fasting is prescribed for you as it was prescribed for those before you, that you may become righteous"-Al Quran, 2:183

### INTENTION OF FASTING

نَوَيْتُ اَنْ اَصُوْمَ غَدًا مِنْ شَهْرِ رَمَضَانَ الْمُبَارَكِ فَرْضًا لَكَ يَا اللهُ فَتَقَبَّلْ مِنِّى اِنَّكَ اَنْتَ السَّمِيْعُ الْعَلِيْم

Pronunciation: Nawaitu an asuma gadam min shahri ramdanal mubaraki fardal laka ya Allahu fataqabbal minni innaka antas sami'ul aalim.

### BREAKING FAST DUA

اَللّٰهُمَّ لَكَ صُمْتُ وَ عَلٰى رِزْقِكَ وَ اَفْطَرْتُ بِرَحْمَتِكَ يَا اَرْحَمَ الرَّاحِمِيْن

Pronunciation: Allahumma laka sumtu wa aala rijqika wa aftartu birahmatika Ya arhamar rahimin.

Sponsored by

Labbaik supermarket
HALAL
Tel: 929-244-7005
labbaiksupermarket84@gmail.com
158-06 84th Drive Jamaica, NY 11432

HD HALAL DINER
84-47 Parsons Blvd, Jamaica, NY 11432
917-815-7663, 718-674-6969
We do catering for all Occation
FREE DELIVERY

kw GREATER NASSAU
KELLERWILLIAMS REALTY
THINKING OF BUYING OR SELLING A HOUSE?
Call me today
Kazi Hussain
Cell: 347-475-9418

Please help us donate generously

Now you can donte by Zelle:
Fici8451@gmail.com

সৈয়দ মুহিতুর রহমান (সোহেল)
সভাপতি
৬৪৬-৫৩০-১৪২৩

আলহাজ্ব মোহাম্মদ শরীয়ত খান
সাধারণ সম্পাদক
৩৪৭-২৮২-৭৭৪২

# FULTOLI ISLAMIC CENTER INC. USA

84-51 Parsons Bouleverd, Jamaica, NY 11432. Tel: 718-526-4093

**TRAIN:** "F" Train to Parson BLvd, **BUS:** Q25 & Q34 Get off Grand Central Parkway and Parson Blvd

fultoliislamiccenterincusa@gmail.com

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন

**STAR Photography**



শহরের সেরা ফটোগ্রাফার
এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all
Your Professional
Photography Like events
News Conference
Wedding Reception & Modelling

**NEHER SIDDIQUEE**
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

গ্রেটার বাফেলোর
বাংলাদেশী কমিউনিটি সহ
অন্যান্য খবর জানতে

বাফেলোর প্রথম
এবং
একমাত্র
বাংলা সংবাদপত্র

**বাফেলো বাংলা**

পড়ুন

www.buffalobangla.com

# হোমিও চিকিৎসা



## এস.কে.শর্মা

D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

| আপনি কি যৌন সমস্যায় ভুগছেন | আমরা আমেরিকার |
|---|---|
| *premature Ejaculation *Low Libido * Impotence | যে কোন স্টেট ডাকযোগে |
| *পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা | ঔষধ পাঠিয়ে থাকি। |

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

**Homeopathy & Herbal**
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

# পার্কচেস্টারে

## অভিজ্ঞ বাংলাদেশি ডাক্তার

আমরা
সব ধরনের ইন্স্যুরেন্স
গ্রহণ করে থাকি

এখানে বাংলাদেশী মহিলা গাইনোকলজিষ্ট, কার্ডিওলোজী, গ্যাস্ট্রো এন্ট্রোলজী, ফিজিক্যাল থেরাপী, পেইন ম্যানেজমেন্ট সহ সব ধরনের চিকিৎসা সুবিধা রয়েছে

| ডা. আতাউল চৌধুরী (তুষার) এম.ডি | ডা. মঞ্জিলা রহমান |
|---|---|
| মেডিসিন বিশেষজ্ঞ (বোর্ড সার্টিফাইড) | গাইনোকলজিষ্ট |

TEL: 917-634-9600
917-634-9601
FAX: 888-776-0872



**We Provide EKG, Echocardiogram, TLC Exam, Different blood test and much more**

1268 White Plains Road, Bronx, NY 10602
E-mail: nyccommunitymedicalcare@gmail.com
Web: www.nyccommunitymedicalcare.com
372 East 204th Street, Bronx, NY 10467

# ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



▼ বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
▼ অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21

**Tri-Boro Terrace Realty**
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

**Tusher Bhuiyan**
Licensed Real Estate Agent

MLS

Each Office is Independently
Owned and Operate

# ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine | সীমিত সময়ের জন্য 15% Off | Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

| ASTORIA PHARMACY | JACKSON HEIGHTS PHARMACY | LONG ISLAND CITY CHEMISTS | OPEN |
|---|---|---|---|
| 30-14 30th Ave. Astoria, NY 11102 | 71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372 | 30-12 36th Ave. Long Island City, NY 11106 | 10 am - 10 pm |
| Ph: 718-278-3772 | Ph: 718-779-1444 | Ph: 718-392-8049 | Monday to Friday |
| e-mail: rph@astoriapharmacy.com | e-mail: rph@jacksonheightspharmacy.com | e-mail: licchem@yahoo.com | Saturday |
| www.astoriapharmacy.com | www.jacksonheightspharmacy.com | www.drugcabinet.com | 10 am - 5 pm |

## নারীর ক্ষমতায়ণ ও মানবসেবায় যুক্তরাষ্ট্র প্রেসিডেন্টের স্বর্ণপদক পেলেন আবু জাফর মাহমুদ

# ভূষিত হলেন আজীবন সম্মাননা ও সিনেটারিয়েল অ্যাওয়ার্ডে

**নিউইয়র্ক:** নারীর ক্ষমতায়ণ ও মানব সেবায় অনন্য অবদানের স্বীকৃতি হিসেবে যুক্তরাষ্ট্রের দি প্রেসিডেন্ট ভলেন্টিয়ার অ্যাওয়ার্ড লাভ করেছেন নিউইয়র্কের হোম কেয়ার সেবার পথিকৃৎ আবু জাফর মাহমুদ। প্রেসিডেন্টশিয়াল গোল্ড মেডেলের পাশাপাশি তিনি যুক্তরাষ্ট্র প্রেসিডেন্ট কার্যালয় ও অ্যামেরিক্রপস-এর আজীবন সম্মাননা সনদ এবং সিনেটারিয়াল মেডেল পেয়েছেন। আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে গত ১০ মার্চ শুক্রবার সন্ধ্যায় 'ওয়ান থাউজেন্ড শেডস অব উইমেন ইন্টারন্যাশনাল' আয়োজিত অনুষ্ঠানে তাকে ওই পদক ও সম্মাননা দেয়া হয়। নিউইয়র্কের ম্যানহাটনে আয়োজিত ওই অনুষ্ঠানে বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের ১নং সেক্টরের মাউন্টেন ব্যাটালিয়ন কমান্ডার এবং বাংলা সিডিপ্যাপ সার্ভিসেস ও অ্যালেগ্রা হোম কেয়ারের প্রেসিডেন্ট এবং সিইও আবু জাফর মাহমুদের হাতে প্রেসিডেন্ট জো বাইডেন স্বাক্ষরিত সম্মাননা সার্টিফিকেট ও ব্যাজ তুলে দেন আয়োজক সংগঠনের প্রতিষ্ঠাতা ও প্রেসিডেন্ট ডাইওর ফল। তিনি বলেন, আবু জাফর মাহমুদ মানব সেবায় শুধু বাংলাদেশি কমিউনিটির জন্যই অসামান্য নিদর্শন গড়েননি, তার বহুমুখি সেবামুলক কর্মকানেমব আমেরিকায় বসবাসকারী বিভিন্ন জাতিগোষ্ঠির মানুষ উপকৃত হচ্ছেন। মানব সেবায় আর ঔদার্য ও পরীক্ষিত পদক্ষেপগুলো এখন মার্কিন সরকারের বিভিন্ন পদক্ষেপ বাহমশবায়নে ভূমিকা রাখছে।

'হাই লেভেল ইভেন্ট' এ আইভরি কোস্টের নারী ও শিশু বিষয়ক মন্ত্রী নাসেনেবা চেরি ডিয়ানসহ আফ্রিকা ও এশিয়ার বিভিন্ন দেশের গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ, ইউনিসেফসহ জাতিসংঘের প্রতিনিধিদল উপস্থিত ছিলেন। আরো যারা অ্যাওয়ার্ডপ্রাপ্ত হয়েছেন তাদের মধ্যে রয়েছেন- অভিবাসী অধিকার কর্মী আদামা বাহ্, কাস্টমার কেয়ার এনালিস্ট প্রিডেন্স পায়েজ, চীনের প্রখ্যাত শিল্পী, সুরকার ও শিক্ষানুরাগী কারিনা হো, আমেরিকায় নিযুক্ত গ্রেনাডার রাষ্ট্রদূত ড. ডেনিস জি অ্যান্টনি, স্বাস্থ্যসেবা বিশেষজ্ঞ সুমাইয়া আব্দুল লতিফ, প্রজেক্ট পিস লাইটস এর প্রতিষ্ঠাতা পেটে রগিনা, খানস টিউটোরিয়ালের প্রেসিডেন্ট এন্ড সিইও মো. ইভান খান প্রমুখ।







অনুষ্ঠানে মানব সেবায় কৃতি ব্যক্তিত্ব যুক্তরাষ্ট্রের ডেমোক্র্যাট রাজনীতিক আবু জাফর মাহমুদ তার 'জয় বাংলাদেশ ও জয় আমেরিকা' শ্লোগান উচ্চারণ করেন। সে সঙ্গে তিনি ওয়ান থাইজেন্ট শেডস অবস উইমেন ইন্টারন্যাশনালের প্রতি একান্ত শুভাশীষ জানিয়ে বলেন, নারীর ক্ষমতায়ণ ও সমাজ অগ্রগতির জন্য সারা পৃথিবীতে যারা কাজ করছেন, তাদেরকে সম্মাণিত করার এই আয়োজন দৃষ্টান্তমূলক। তিনি এই আয়োজনের সঙ্গে একাত্মতা প্রকাশের জন্য প্রেসিডেন্ট জো বাইডেনসহ সংশ্লিষ্টদের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বলেন, যুক্তরাষ্ট্র সরকারের মানবসেবার যতগুলি অনন্যতা তার একটি হচ্ছে হোম কেয়ার সেবা। আমেরিকান সরকার তথা আমেরিকান জাতির মানবিক উদারতা ও মহানুভবতার সঙ্গে মিল রয়েছে বাংলাদেশের জীবন ও সংস্কৃতির। বিশেষ করে বাংলাদেশী পরিবার পর্যায়ে সেবা মানেই ভালোবাসা, আত্মিক টান ও গভীর মমত্ববোধ। সেবা মানেই দায়বদ্ধতা ও গভীর জীবনোপলব্ধির ব্যাপার। যুক্তরাষ্ট্রের সেবাভিত্তিক এই অভিযানকে বাংলাদেশের পারিবারিক সাংস্কৃতিক মানবিকতার সঙ্গে একাত্ম করার চেষ্টা করে চলেছি। এখন থেকে ষোলো বছর আগে শুরু করেছি এই কার্যক্রম। যুক্তরাষ্ট্র সরকারের হোম কেয়ার সেবা বাংলাদেশী-আমেরিকানদের মাঝে ছড়িয়ে দেয়ার প্রথম উদ্যোগ নিয়েছি। আজ বাংলাদেশী আমেরিকান সমাজের মা-বাবা, ভাই-বোন তথা সন্তানেরা মানবসেবার ধারনা পাচ্ছেন। মানব সেবার সঙ্গে যুক্ত হচ্ছেন। এটি আমার কাছে অনেক বড় গর্বের।

অ্যাওয়ার্ড ও সম্মাননা গ্রহণের পর প্রতিক্রিয়া জানিয়ে আবু জাফর মাহমুদ প্রতিটি মানুষের জীবনে মায়ের অবদান ও গুরুত্বের কথা স্মরণ করিয়ে দিয়ে বলেন, একটি শিশুর ভ্রুণ থেকে শুরু করে জন্ম ও লালন পালনের সঙ্গে মায়ের যে গভীর সম্পর্ক ও সম্মিলন, তার সঙ্গে কারো তুলনা নেই। তিনি বলেন, প্রতিটি নারীই একেকজন মা, মায়ের প্রতীক। তাদের ভেতর মাতৃত্ব ও মমত্ব সমানে অবস্থান করেন। প্রকৃতিই তাদেরকে অসাধারণ এক সেবার শক্তি দিয়েছে। আমি চেষ্টা করেছি, নারীর এই বিশেষত্বকে কাজে লাগাতে। তাদের যথাযথ মর্যাদা নিয়ে প্রতিষ্ঠিত হতে। এক্ষেত্রে আমার কাছে জাতিধর্ম গোত্রের কোনো বিভেদ ও ব্যবধান নেই। তাই থাউজেন্ট শেডস অব উইমেন আজ আমাকে যে সম্মান দিয়েছে, সে সম্মান আমি মানবসেবায় যুক্ত প্রতিটি নারীকে উৎসর্গ করতে চাই। -প্রেস বিজ্ঞপ্তি।















# আবু জাফল মাহমুদ ভূষিত হলেন আজীবন সম্মাননা ও সিনেটোরিয়েল অ্যাওয়ার্ডে




















## নতুন প্রজন্মের ব্যাপক অংশগ্রহণ

(শেষের পাতার পর)

মাওলানা আবু সুফিয়ান, প্রতিযোগিতার সমন্বয়কারী এবং ব্রুকলীনের বিএমএমসিসি ইসলামিক স্কুলের প্রিন্সিপাল মাওলানা রশীদ আহমদ। এদিন বিচারক ছিলেন কুরআন একাডেমীর ফর ইয়াং স্কলার, শায়খ ইব্রাহিম কামারা, ব্রুকলীনের বায়তুশ শরফ মসজিদ এন্ড ইসলামিক সেন্টারের ইমাম ও খতীব মাওলানা মাহমুদ জাকারিয়া ও এলমহার্স্ট ইসলামিক সেন্টারের মাওলানা মুহাম্মদ ইয়াসীন

প্রতিযোগিতার প্রথম দিন অতিথি ছিলেন যথাক্রমে নিউইয়র্কের কুরআন একাডেমীর ফর ইয়াং স্কলারের ডাইরেক্টর উস্তাদ আহমদ আবু উবায়দা, বিএমএমসিসি'র ইমাম ও খতীব মাওলানা দেলোয়ার হোসেইন, এস্টোরিয়ার আল আমিন জামে মসজিদ পরিচালনা কমি-টির সভাপতি জয়নাল আবেদীন।

অংশগ্রহনকারীরা ছিলেন: দারুল উলুম নিউইয়র্ক-এর আহনাফ তাহমিদ রাফিদ, আল আমীন মসজিদের ইয়াজ রহমান তরফদার, রহিম আহমেদ, সাদমান আলম, ইহান রহমান তরফদার, কাইয়্যুম রহমান তরফদার, মাদানী মসজিদের ইয়ামীন ইয়াজ, তাহসিন হাসান, আন নূর মসজিদের সাদমান ইশরাক, হোসাইন ইসমাইল, তাহমিদ হাওলাদার, আবিদ হাসান, রাকিব ভূইয়ান, তাসনিমুল আহমেদ, হযরত বিলাল মসজিদ-এর মিরাজ হোসাইন, বিএমসিসি ইসলামিক স্কুলের রিদাহ তাহমিদ ভূইয়ান, বায়তুল মামুর বিএমএমসিসি'র ইয়াহিয়া মিখদাদ, কোরান একাডেমী ব্রুকলীনের তারিক শেখ, হোজাইফা খান ও হোজাইফা জারির।



## ওসমানী মেডিক্যালে ভর্তির সুযোগ পেয়েছে আবির হাসান

**বাংলা পত্রিকা ডেস্ক:** মৌলভীবাজার জেলার কুলাউড়া উপজেলার ভাটেরা ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক আব্দুল জলিল বকুল ও রেলী বকুলের পুত্র আবির হাসান চলতি বছর সিলেট ওসমানী মেডিক্যাল কলেজে এমবিবিএস-এ ভর্তির সুযোগ পেয়েছে। কৃতি ছাত্র আবির এসএসসি ও এইচএসসিতে জিপিএ ফাইভ পেয়ে উত্তীর্ণ হয়। সে সকলের দোয়া প্রার্থী।

উল্লেখ্য, আবির হাসান টাইম টেলিভিশন-এর অন্যতম পরিচালক সৈয়দ ইলিয়াস খসরু'র ভাগিনা।

## দুবাইয়ে আরাভের অলৌকিক

(প্রথম পাতার পর)

বছরে। দুবাইয়ে হাজার কোটি টাকার সম্পদ তার। কয়েকদিন আগে সেলিব্রেটিদের দিয়ে শতকোটি টাকার স্বর্ণের দোকান উদ্বোধন করিয়েছেন। এসব ঘিরে নানা আলোচনার পর দেশে আন্তর্জাতিক স্বর্ণ চোরাকারবারি চক্রের নিয়ন্ত্রক কারা, তা জানতে কাজ করছেন গোয়েন্দারা। তাদের ধারণা, আরাভের সঙ্গে দুবাই-ঢাকা-ভারত রুটে স্বর্ণ চোরাকারবারিদের যোগসূত্র রয়েছে। তাই আরাভকে সামনে রেখে পেছন থেকে যারা কলকাঠি নাড়ছেন, এখন তাদের বিষয়ে তথ্যানুসন্ধান চলছে। ফেসবুকে ফাঁস হওয়া আরাভ ও এক প্রবাসী সাংবাদিকের কথোপকথন নিয়ে চলছে নানা হিসাবনিকাশ। ওই কথোপকথনে দক্ষিণ-পশ্চিমাঞ্চলের প্রভাবশালী এক রাজনীতিক এবং পুলিশের সাবেক এক শীর্ষ কর্মকর্তার নাম উঠে এসেছে। এই নামগুলো সামনে আনার নেপথ্যে স্বর্ণ চোরাচালান চক্রের হাত রয়েছে কি না, তাও খতিয়ে দেখা হচ্ছে। আইনশৃঙ্খলা বাহিনীর একাধিক সূত্র এসব তথ্য নিশ্চিত করেছে।

সংশ্লিষ্টরা বলেছেন, স্বর্ণ চোরাকারবারিদের অত্যন্ত পছন্দের রুট দুবাই-ঢাকা-ভারত। প্রবাসে কাজ করা শ্রমিক ও ভ্রমণপিপাসুদের মধ্যপ্রাচ্যের দেশটিতে যাতায়াত হরহামেশাই। এ সুযোগটি কাজে লাগায় তারা। শনিবার এক অনুষ্ঠানে আরাভও স্বীকার করেন তিনি স্বর্ণ ব্যবসায় 'মিডল ম্যান' হিসাবে কাজ করেন। এর থেকে প্রাপ্ত 'কমিশন' তার আয়ের অন্যতম উৎস। এছাড়া তাকে নিয়ে এত আলোচনার পেছনে দুবাইয়ে অবস্থানরত অন্য স্বর্ণ ব্যবসায়ীদের হাত রয়েছে বলেও একাধিকবার তিনি অভিযোগ করেন। সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুক লাইভে এসে তিনি বলেন, 'সব দোকানের চেয়ে কমে ডিসকাউন্টে মাল (স্বর্ণ বিক্রি) দেব। আর আশপাশে ১০০ দোকান থাকলেও ক্রেতারা যেখানে ডিসকাউন্ট পাবে, সেখানেই তো যাবে। এতে অন্য ব্যবসায়ীরা ভয় পেয়ে এগুলো শুরু করেছে। এ ঘোষণাটা দিয়েই ভুল করেছিলাম।' তার এমন বক্তব্যে গোয়েন্দাদের সন্দেহ আরও বেড়েছে। কারণ, শুরু থেকেই আরাভের উত্থানের পেছনে শক্তিশালী গ্রুপের হাত থাকার বিষয়টি আলোচনায় আসছে।



بسم الله الرحمن الرحيم

# জালালাবাদ এসোসিয়েশন অফ আমেরিকা ইনক
# JALALABAD ASSOCIATION OF AMERICA, INC

A Not For Profit Tax Exempt 501(c)(7) Socio-Cultural Organization

## মহান স্বাধীনতা দিবস উপলক্ষে আলোচনা সভা,
## ইফতার ও দোয়া মাহফিল

২৬ মার্চ ২০২৩ রবিবার

Place: **Joya Hall,**
63-108 Woodhaven Blvd
Rego Park, NY 11374
**Time : 6 PM**

সম্মানিত জালালাবাদবাসী,
আগামী ২৬ শে মার্চ ২০২৩ রবিবার জয়া হলে নিউইয়র্কে সর্ববৃহৎ সংগঠন জালালাবাদ এসোসিয়েশন অফ আমেরিকা ইন্‌ক”-এর উদ্যোগে মহান স্বাধীনতা দিবস উপলক্ষে আলোচনা সভা, ইফতার ও দোয়া মাহফিল-এর আয়োজন করা হয়েছে।

**উক্ত আলোচনা সভা, ইফতার ও দোয়া মাহফিলে আপনারা সবাই আমন্ত্রিত।**

আমন্ত্রণে:

**মোঃ শফিউদ্দিন তালুকদার**
আহবায়ক
(646) 359-4873

**মিজানুর রহমান**
সদস্য সচিব
(917) 613-0870

**মোঃ শফিউদ্দিন তালুকদার**
ভারপ্রাপ্ত সভাপতি
(646) 359-4873

**রোকন হাকিম**
ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক
(917) 362 - 2442

সম্মানিত বোর্ড অব ট্রাস্টি সদস্যবৃন্দ:

**বদরুন নাহার খান মিতা, এটর্নী মঈন চৌধুরী, কাউসারুজ্জামান কয়েছ ও ছদরুন নূর**

কার্যকরী পরিষদ

সহ-সভাপতি: **মোঃ লুকমান হোসেন লুকু** (সিলেট), সহ-সভাপতি: **মোহাম্মদ শাহীন কামালী** (সুনামগঞ্জ),
সহ-সভাপতি: **মোঃ শফিউদ্দিন তালুকদার শফি** (হবিগঞ্জ), সহ-সভাপতি: **বশির খান** (মৌলভীবাজার),
সহ-সাধারণ সম্পাদক: **রোকন হাকিম**, কোষাধ্যক্ষ: **মোহাম্মদ আলিম**, প্রচার ও দপ্তর সম্পাদক: **ফয়সাল আলম**
সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক: **হোসেন আহমেদ**, ক্রীড়া সম্পাদক: **মান্না মুনতাসির**,
আইন ও আন্তর্জাতিক সম্পাদক: **বুরহান উদ্দিন**, সমাজকল্যাণ সম্পাদক: **জাহিদ আহমেদ খান**,
মহিলা বিষয়ক সম্পাদক: **সুতিপা চৌধুরী**

সদস্য: হেলিম উদ্দিন (সিলেট), শামীম আহমেদ (সুনামগঞ্জ জেলা), দেলোয়ার হোসেন মানিক (হবিগঞ্জ), মিজানুর রহমান (মৌলভীবাজার)



সৌজন্যে:



Shamsher Ali
President & CEO

APOLLO INSURANCE BROKERAGE INC
WE DO T L C INSU R ANCE
EXIT LUXURY INC.
29-10 36th Avenue, Astoria, NY 11106
Tel : 718-472-9800 Fax : 718-472-9801
Email: apollobrokerageinc@gmail.com exitluxuryinc@gmail.com Website: www.exitluxuryinc.com

**প্রচারে: প্রচার ও দপ্তর সম্পাদক, ফয়সাল আলম 646-269-9221**



# আমার বিরুদ্ধে আনীত

(প্রথম পাতার পর)

নিউইয়র্কের বিশিষ্ট ব্যবসায়ী মোহাম্মদ ইয়াসিন। তার সম্পর্কে প্রকাশিত প্রতিবেদনটিকে সম্পূর্ণ মিথ্যা, বানোয়াট, ভিত্তিহীন ও প্রতিহিংসামূলক উল্লেখ করে তিনি ঐ সংবাদের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে সংশ্লিস্ট পত্রিকায় তার বক্তব্য সহ যথাযথভাবে রিজয়েন্ডারের দাবী জানিয়েছেন।

শনিবার (১৮ মার্চ) দুপুরে জ্যাকসন হাইটসের একটি রেষ্টুরেন্টে আয়োজিত এক সংবাদ সম্মেলনে বিস্তারিত তুলে ধরেন ব্যবসায়ী মোহাম্মদ ইয়াসীন। সংবাদ সম্মেলনে মোহাম্মদ ইয়াসীসের স্ত্রী লতিফা আহমেদ টুম্পা প্রকাশিত খবরটির প্রতিবাদ জানিয়ে বলেন, অসত্য খবর প্রকাশের ফলে আমরা পারিবারিকভাবে সম্মানহানিকর পরিস্থিতির শিকার হচ্ছি। খবর ইউএনএ'র।

সংবাদ সম্মেলনের শুরুতে লিখিত বক্তব্যে ব্যবসায়ী মোহাম্মদ ইয়াসিন বলেন, নিউইয়র্ক থেকে প্রকাশিত সাপ্তাহিক আজকাল পত্রিকার গত ৩ মার্চের সংখ্যায় পত্রিকাটির প্রথম পৃষ্ঠায় 'এসবিএ লোন : ৫ লাখ ডলার হাতিয়ে নেয়ার অভিযোগ : প্রতারণার দায়ে বাংলাদেশী গ্রেফতার' শীর্ষক একটি প্রতিবেদন প্রকাশিত হয়েছে। যে প্রতিবেদনে আমার সম্পর্কে তথ্য প্রকাশিত হয়েছে তা সম্পূর্ণ মিথ্যা, বানোয়াট, ভিত্তিহীন ও প্রতিহিংসামূলক। আমি ঐ সংবাদের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে বলতে চাই যে, আজকাল-এর প্রতিবেদনে প্রকাশিত খবরে ব্যক্তিগতভাবে আমার ও আমার পরিবারের চরম মানহানি ঘটেছে। কেননা, প্রকাশিত খবর প্রসঙ্গে আমি কিছুই জানি না এবং আমার কাছে আজকাল কর্তৃপক্ষ এব্যাপারে কোন কিছু জানতে চাইনি। বা আমার কোন বক্তব্য রিপোর্টে নেই।

তিনি বলেন, আমি সকল মিডিয়া ও সাংবাদিক ভাই-বোনদের প্রতি গভীর শ্রদ্ধা রেখেই বলছি, আজকাল-এ প্রকাশিত রিপোর্টে বলা হয়েছে অমি নাকি এস কে আনোয়ারের নামের এক বাংলাদেশীর কাছ থেকে প্রতারণার মাধ্যমে ৫ লাখ ডলার হাতিয়ে নিয়েছি। এবং আমাকে বাসা থেকে গ্রেফতার করেছে পুলিশ এবং পলিশ হেফাজতে। এইসব তথ্য সর্বৈব মিথ্যা। তিনি বলেন, এস কে আনোয়ারের সাথে আমার ব্যবসায়িক সম্পর্ক ছিলো এবং এক সময় তার সোস্যাল সিকিউরিটি নম্বর ব্যববহার করতে হয়ে। যা তিনি সম্পর্ণ অবগত। তবে তার কোন ব্যক্তিগত তথ্য চুরি করার কোন প্রশ্নই উঠে না। এছাড়া এসবিএ লোন সম্পর্কে যা বলা হয়েছে, তাও ঠিক নয়। কভিড-১৯ এর সময় আমরা ব্যবসা প্রতিষ্ঠান থেকে ৮৪ হাজার ডলার লোন পাই যা তিনি অবহিত এবং ব্যবসায়িক পার্টনার হিসেবে তাকে লোনের অর্ধেক অর্থ অর্থাৎ ৪২ হাজার ডলার ক্যাশ প্রদান করি। আর অমি কখনো তার স্টোরে কাজ করিনি বরং স্টোরের মালিক হিসেবে আমিই স্টোরটি পরিচালনা করতাম। পরবর্তীতে তিনি স্টোরটি জোর করে বন্ধ করে দেন যার ভিডিও আমার কাছে সংরক্ষিত আছে।

মোহাম্মদ ইয়াসিন লিখিত বক্তব্যে আরো বলেন, আমি মনে করি আমার সরলতার সুযোগ নিয়ে এস কে আনোয়ার আমার বিরুদ্ধে মিথ্যা দিয়ে পাল্টা আমার সাথে প্রতারণা করেছেন। এছাড়াও আমি গ্রেফতার হয়েছি বলে যে অভিযোগ করা হয়েছে তাও সঠিক নয়। মূলত: তার (এস কে আনোয়ার) অভিযোগের প্রেক্ষিতে আমাকে ডিটেকটিভ অফিস থেকে ডাকার প্রেক্ষিতে আমি ডিটেকটিভ অফিসে যাই এবং সেখানে আমার সাথে কথা বলার পর প্রয়োজনীয় কাগ-জপত্র নিয়ে তা ডিষ্ট্রিক্ট এটর্নী অফিসে প্রেরণ করে আমাকে বিদায় করে দেয়। মূলত: আমার বিরুদ্ধে কোন মামলা নেই এবং কোন কোর্টে আমাকে হাজির হতে হয়নি। ডিষ্ট্রিক্ট এটর্নী অভিযোগটি ডিসমিস করে দিয়েছে। তিনি বলেন, আমি একজন ব্যবসায়ী মানুষ। সততার সাথে ব্যবসা করছি। কিন্তু আমার বিরুদ্ধে যে মিথ্যা অভিযোগ আনা হয়েছে এবং আজকাল-এ তা প্রকাশ করে আমার ও আমার পরিবারের মানহানি করা হয়েছে, তাতে আমি চরমভাবে ব্যথিত। আমি মিডিয়ার মাধ্যমে সত্য কথা সবাইকে জানাতে চাই এবং এজন্য সকলের সার্বিক সহযোগিতা চাই। সবশেষে তিনি বলেন, আমি আমার সম্মান হানির জন্য আইনের আশ্রয় নিতে বাধ্য হয়েছি।

# অতিরিক্ত সচিব জেবুন্নেছাকে অবসরে

(প্রথম পাতার পর)

অতিরিক্ত সচিব কাজী জেবুন্নেছাকে চাকরি থেকে অবসরে পাঠিয়েছে সরকার। রাষ্ট্রপতির আদেশক্রমে জনপ্রশাসন মন্ত্রণালয়ে সিনিয়র সহকারী সচিব শেখ শামছুল আরেফীন স্বাক্ষরিত এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয় গত ১৬ মার্চ।

প্রজ্ঞাপনে বলা হয়, 'জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (গ্রেড-১) কাজী জেবুন্নেছা বেগমকে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী ১৮-০৩-২০২৩ তারিখ থেকে সরকারি চাকরি থেকে অবসর প্রদান করা হলো।'

এতে আরও বলা হয়, 'তার অনুকূলে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্রান্টসহ ১৯-০৩-২০২৩ থেকে ১৮-০৩-২০২৪ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের অবসর-উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো। ০৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।'

প্রসঙ্গত, ২০২১ সালের ১৭ মে দুপুরের পর পেশাগত দায়িত্ব পালনে সচিবালয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ে যান প্রথম আলোর অনুসন্ধানী প্রতিবেদক রোজিনা ইসলাম। মন্ত্রণালয়ের কর্মকর্তারা তাকে একটি কক্ষে ৫ ঘণ্টা আটকে রাখেন। রাত সাড়ে আটটার দিকে রোজিনাকে শাহবাগ থানা-পুলিশের কাছে হস্তান্তর করা হয়। তাকে রাত ৯টার দিকে শাহবাগ থানায় নিয়ে যায় পুলিশ।

পরে রাত পৌনে ১২টার দিকে তার বিরুদ্ধে শাহবাগ থানায় রাষ্ট্রীয় গোপন নথি 'চুরির চেষ্টার' অভিযোগ এনে 'অফিশিয়াল সিক্রেটস অ্যাক্ট' আইনে মামলা করা হয়। মামলার বাদী হন স্বাস্থ্য মন্ত্রণালয়ের স্বাস্থ্যসেবা বিভাগের উপসচিব শিব্বির আহমেদ ওসমানী।

রোজিনাকে আটকে রাখার সময় সেখানে উপস্থিত ছিলেন অতিরিক্ত সচিব জেবুন্নেছা। 'হেনস্তাকারী' হিসেবে তার নাম উল্লেখের পাশাপাশি তাকেও 'দুর্নীতিগ্রস্ত' হিসেবে সোশ্যাল মিডিয়ায় পোস্ট করা হয়।

পরে তাকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি) হিসেবে সরিয়ে নেয় সরকার। এরপর থেকে তার বিষয়ে বিভিন্ন মাধ্যমে তার ক্ষমতার অপব্যবহার ও অবৈধ সম্পদের নানা বিষয় বেরিয়ে আসতে শুরু করে।

সোশ্যাল মিডিয়ায় জেবুন্নেছার নামে-বেনামে দেশে-বিদেশে বাড়ি-গাড়ি, ফ্ল্যাট, জমি ও ব্যাংকের অর্থ প্রভৃতি তথ্য বের হতে থাকে। দুদকের কাছেও নানা মাধ্যম থেকে অভিযোগ আসে। অভিযোগে বলা হয়, জেবুন্নেছার নামে রাজধানীতে চারটি বাড়ি, ফ্ল্যাট, গাজীপুরে ২১ বিঘা জমি, কানাডায় তিনটি বাড়ি, ও লন্ডনে একটি বাড়ি ছাড়াও শত কোটি টাকার এফডিআর রয়েছে।

২০ মে দুর্নীতি দমন কমিশনের (দুদক) কমিশনার জহুরুল হক সা-ংবাদিকদের জানিয়েছিলেন, দুদক মনে করছে এসব অভিযোগের সত্যতা যাছাই করা দরকার। প্রাথমিক সত্যতা পাওয়া গেলে অনুসন্ধানে মাঠে নামবে দুদক টিম।

# মঙ্গলবার গ্রেফতার হতে পারেন ট্রাম্প!

(প্রথম পাতার পর)

ডানিয়েলকে ওই সময় ঘুষ দেওয়ার জন্য আমি প্রসিকিউটররা ট্রাম্পকে অভিযুক্ত করতে যাচ্ছে। এই খবর পাওয়ার পরই ট্রাম্প নিজের সামাজিক মাধ্যমে এই পোস্ট করেন।

গ্রেফতারের কারণ উল্লেখ করে ট্রাম্প লেখেন, তার বিরুদ্ধে অভিযোগ তোলা হয়েছে, পর্নস্টার স্টর্মি ড্যানিয়েলকে তিনি কথিত সম্পর্কের বিষয়টি গোপন রাখার জন্য মোটা অঙ্কের অর্থ দিয়েছেন। তিনি এ অভিযোগকে ভিত্তিহীন উলেখ করে বলেন, যারা আমাকে গ্রেফতারের চেষ্টা করছে, তারা চরম দুষ্কৃতিকারী। তারা নিজেদের রাজনৈতিক স্বার্থে আমার বিরুদ্ধে এমন অমূলক অভিযোগ উত্থাপন করেছে। ৭৬ বছর বয়সী এই সাবেক প্রেসিডেন্টের বিরুদ্ধে বর্তমানে অনেকগুলো মামলার তদন্ত চলছে। যদিও কোনোটিকে এখনো অভিযোগ প্রমাণিত হয়নি। তার বিরুদ্ধে টানা প্রতিটি অভিযোগকে অস্বীকার করেছেন ট্রাম্প। এদিকে ডোনাল্ড ট্রাম্প সম্ভাব্য গ্রেফতারের ঘটনায় নিউইয়র্ক সিটিতে নিরাপত্তা জোরদার করা হচ্ছে।

# ইস্ট এলমহার্স্টে সর্ববৃহৎ

(প্রথম পাতার পর)

সব ধর্মের মূল চেতনা মানুষের কল্যাণ। ধর্মীয় আচার অনুষ্ঠানের পাশাপাশি সবাইকে মানুষের কল্যাণে কাজ করার আহবাণ জানান তিনি। বিশেষ করে নিউয়র্ক মেয়রের ঐক্য ও সংহতির আহবানে মুসলিম সম্প্রদায়ে মধ্যে আস্থা জোরদার হয়েছে বলে জানান মুসল্লিরা।

অনুষ্ঠানে মেয়র ছাড়াও ইউএস কংগ্রেসওম্যান গ্রেস মেং, নিউইয়র্ক স্টেট সিনেটর জেসিকা রামোস, কুইন্স ডিস্ট্রিক্ট এটর্নি ম্যালিন্ডা ক্যাডস এবং স্টেট এসেম্বলীওম্যান জেনিফার রাজকুমার মুসল্লিদের উদ্দেশ্যে শুভেচ্ছা বক্তব্য রাখেন। তারা সবাই নিউয়র্কের উন্নয়ন, অগ্রগতিতে ধর্ম-বর্ণ নির্বিশেষে সবার বন্ধুত্বপূর্ন সহাবস্থানের ওপর জোর দেন। এছাড়াও বক্তব্য রাখেন ট্রাষ্টি এটর্নী মঈন চৌধুরী, সভাপতি মোহাম্মদ এ রউফ (রশীদ), সেক্রেটারী নবী হোসেন, মোহাম্মদ জুবের, মোহাম্মদ শাহ আলম, মোহাম্মদ মহি উদ্দিন, মোহাম্মদ লুৎফর রহমান, মসজিদের অন্যতম উদ্যোক্তা মোহাম্মদ তজম্মুল আলী, আব্দুল খালিক ও জাহেদ মোবারক প্রমুখ।

তিন মিলিয়ন টাকা ব্যায়ে নির্মিত এ মসজিদের উদ্বোধনের মধ্য দিয়ে কুইন্সে বসবাসরত মুসলমান সম্প্রদায়ের দীর্ঘদিনের স্বপ্ন পূরণ হয়েছে বলে জানান উদ্যোক্তারা। শনিবার ফজরের নামাজ আদায়ের মাধ্যমে মসজিদটিতে পাচ ওয়াক্ত নামাজ আদায় শুরু হয়েছে।

উল্লেখ্য, জ্যাকসন হাইটস ইসলমিক সেন্টারের একটি প্রকল্প আবু হুরায়রা জামে মসজিদ। এটি নির্মানে ব্যয় হয়েছে প্রায় তিন মিলিয়ন ডলার। এই নির্মান কাজে কন্ট্রাক্টর হিসেবে কাজ করেছেন বিশিষ্ট নির্মাণ ব্যবসয়ী গৌরাঙ্গ কন্ডু। উদ্যোক্তারা জানান, এটি কেবল নামাজ আদায়ের জায়গা নয়, এটি হবে একটি পূর্নাঙ্গ ইসলামিক সেন্টার। সেই লক্ষ্যে কাজ এগিয়ে চলেছে।

# যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞা নিয়ে

(প্রথম পাতার পর)

এ ব্যাপারে আমি বলব, কারও মনঃকষ্ট হওয়া উচিত নয়। আমরা জানি কিছুদিন আগে একটি দেশ র‍্যাবের ওপর একটি স্যাংশন দিয়েছিল বলে অনেকেই প্রথমে ঘাবড়ে গিয়েছিল। আমি বলেছিলাম, এখানে ঘাবড়ানোর কিছু নেই। প্রধানমন্ত্রী রোববার সকালে রাজধানীর কুর্মিটোলায় র‍্যাব সদর দপ্তরে বাহিনীটির ১৯তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে এ কথা বলেন।

প্রধানমন্ত্রী এ সময় দেশের শান্তি, নিরাপত্তা ও স্থিতিশীলতা বজায় রাখতে কার্যকর ভূমিকা পালনের জন্য র‍্যাবের প্রতি আহ্বান জানান। রমজানের আগে কেউ যেন খাদ্য মজুত ও ভেজাল দিতে না পারে এবং সমাজ থেকে মাদকের অপব্যবহার, কিশোর গ্যাং সংস্কৃতি এবং সাইবার অপরাধ নির্মূলে আরও মনোযোগী হতে আইন প্রয়োগকারী সংস্থাগুলো বিশেষ করে র‍্যাবকে সজাগ থাকতে নির্দেশ দেন। শেখ হাসিনা বলেন, 'কিশোর গ্যাং' অবশ্যই বন্ধ করতে হবে, এখানে মা-বাবারও দায়িত্ব রয়েছে। পাশাপাশি শিক্ষক এবং জনপ্রতিনিধিদেরও দায়িত্ব রয়েছে। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এ ব্যাপারে ব্যবস্থা নেবে এবং যে কোনো ধরনের অপসংস্কৃতির অনুপ্রবেশ বন্ধেও তিনি ব্যবস্থা গ্রহণের আহ্বান জানান।

অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান এবং র‍্যাবের মহাপরিচালক (ডিজি) এম খুরশীদ হোসেন বক্তব্য দেন। প্রধানমন্ত্রীর নিরাপত্তাবিষয়ক উপদেষ্টা মেজর জেনারেল (অব.) তারিক আহমেদ সিদ্দিক, জননিরাপত্তা বিভাগের সিনিয়র সচিব মো. আমিনুল ইসলাম খান এবং পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) ড. চৌধুরী আবদুল্লাহ আল মামুন মঞ্চে উপস্থিত ছিলেন।

শেখ হাসিনা বলেন, আমি এটা বলতে পারি, যারা এই ধরনের মিথ্যা অপপ্রচার চালিয়ে বাংলাদেশের বদনাম করে, বাংলাদেশের একেকটা প্রতিষ্ঠানকে প্রশ্নবিদ্ধ করে, তাদেরকে আমাদের চিহ্নিত করতে হবে। তারা কোন উদ্দেশ্যে করছে, সেটা আমাদের খুঁজে বের করতে হবে। প্রধানমন্ত্রী বলেন, যেহেতু আমি সরকারে আছি, আমি একটা কথা বলতে পারি, কে ভালো করল, কে মন্দ করল, সেটার বিচার তো আমরাই করতে পারি, করে যাচ্ছি। পৃথিবীর অনেক উন্নত দেশ করে না; কিন্তু বাংলাদেশ করে। যে কোনো অপরাধের কিন্তু বিচার হয়। কেউ যদি কোনো অপরাধ করে, অবশ্যই সেটা আমরা নিজেরাই বলব। পরের কথা শুনে কেউ মন খারাপ করবেন না। নিজের আত্মমর্যাদাবোধ নিয়ে চলতে হবে, আত্মবিশ্বাস নিয়ে চলতে হবে। সেটাই সবচেয়ে বড় কথা। বিরোধী কিছু শক্তি বিদেশে দেশের বদনাম করছে উলেখ করে সরকারপ্রধান বলেন, আমরা জানি, দেশবিরোধী কিছু শক্তি আছে যারা বাংলাদেশ যত ভালো কাজই করুক না কেন, তারা কিছুই চোখে দেখে না। আরেকটা শ্রেণি আছে, তাদের অভ্যাসটাই হলো বিদেশিদের কাছে গিয়ে বাংলাদেশের বদনাম করা। এ ধরনের বদনাম করে বদনামকারীরা আর্থিক বা অন্যান্য সুবিধাও পেতে পারে।

সরকার প্রধান বলেন, এটা আমাদের দেশ, আমরা রক্ত দিয়ে এর স্বাধীনতা এনেছি। কাজেই আমার দেশে যারা কাজ করে, তারা কে কী করে-না-করে, সেটা আমরা জানি। বিচারটা আমরা করব, সেই আত্মবিশ্বাস রেখেই কাজ করতে হবে।

প্রধানমন্ত্রী বলেন, সাইবার ক্রাইমের বিরুদ্ধেও আমাদের যথাযথ সতর্ক থাকতে হবে এবং ব্যবস্থা নিতে হবে। র‍্যাবসহ আমাদের সব গোয়েন্দা সংস্থাকে যথাযথ ভূমিকা নিতে হবে। ডিজিটাল বাংলাদেশ করেছি মানুষের কল্যাণের জন্য, অকল্যাণের জন্য নয়।

প্রধানমন্ত্রী বলেন, আমাদের আরেকটা বোঝা হচ্ছে মিয়ানমার থেকে আসা রোহিঙ্গা। প্রতিনিয়ত সেখানে নানা ধরনের অপরাধ ঘটছে। এ ব্যাপারেও সবার আরও নজর দিতে হবে যেন কোনো ধরনের দুর্ঘটনা ঘটতে না পারে।

প্রধানমন্ত্রী বলেন, উন্নয়নশীল দেশ হিসাবেই আমাদের এগিয়ে যেতে হবে। আমরা ২০২৬ সালে উন্নয়নশীল দেশ হিসাবে আমাদের যাত্রা শুরু করব। এখন থেকেই আমরা প্রস্তুতি নিচ্ছি। সেই প্রস্তুতি নেওয়ার জন্যই দেশের শান্তি ও নিরাপত্তা দরকার। দেশের উন্নয়ন দরকার এবং সেক্ষেত্রে শান্তি, নিরাপত্তা ও স্থিতিশীলতা বাজায় রাখতে হবে।

সরকার প্রধান বলেন, আমরা স্মার্ট জনগোষ্ঠী গড়ে তুলব, স্মার্ট অর্থনীতি হবে স্মার্ট বাংলাদেশে। সেই স্মার্ট বাংলাদেশ ২০৪১ বাস্তবায়ন করাটাই আমাদের লক্ষ্য। কিছু লোক থাকবেই সব সময় বিরোধিতা করতে। আর মাঝেমধ্যে কিছু উলটাপালটা কথাও বলবে। এগুলো কানে না নিয়ে নিজের আত্মবিশ্বাস নিয়ে, আত্মমর্যাদাবোধ নিয়ে আমরা আমাদের দেশের কল্যাণে সঠিক কাজ করছি কি না, সঠিক পথে আছি কি না, এই চিন্তাটা নিজেই করে আমাদের এগিয়ে যেতে হবে।

**ভারতের কাছে চট্টগ্রাম ও সিলেট বন্দর ব্যবহারের প্রস্তাব:** প্রধানমন্ত্রী শেখ হাসিনা ব্যবসা-বাণিজ্য বাড়াতে আঞ্চলিক যোগাযোগ জোরদারের ওপর গুরুত্বারোপ করেছেন। গভর্নিং কাউন্সিল অব ইন্ডিয়া ফাউন্ডেশন রাম মাধব প্রধানমন্ত্রীর সঙ্গে গণভবনে রোববার সাক্ষাৎ করেন। এ সময় শেখ হাসিনা বলেন, 'ভারত চাইলে আমাদের চট্টগ্রাম ও সিলেট বন্দর ব্যবহার করতে পারে।' বৈঠকের পর প্রধানমন্ত্রীর উপপ্রেস সচিব কেএম শাখাওয়াত মুন এ তথ্য জানান।

শেখ হাসিনা বলেন, এ অঞ্চলের যোগাযোগ বৃদ্ধি মানুষে মানুষে যোগাযোগ বাড়াতে সহায়ক হবে। প্রধানমন্ত্রী এ সময় রাম মাধবের মাধ্যমে ভারতের প্রধানমন্ত্রীকে তার শুভেচ্ছা জানান। রাম মাধব বলেন, 'বাংলাদেশ ও ভারতের মধ্যে চমৎকার বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বিদ্যমান রয়েছে এবং আমি আশা করছি, ভবিষ্যতেও এই সম্পর্ক অব্যাহত থাকবে।' এ সময় উপস্থিত ছিলেন অ্যাম্বাসেডর অ্যাট লার্জ মো. জিয়াউদ্দিন, পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম ও প্রধানমন্ত্রীর মুখ্যসচিব মো. তোফাজ্জল হোসেন মিয়া।

# যুক্তরাষ্ট্রে ব্যাংক বিপর্যয়ে

(প্রথম পাতার পর)

সিলিকন ভ্যালি ব্যাংক ও সিগনেচার ব্যাংক বন্ধের পর ব্যাংক দুটির মালিকানায় থাকা দুই কোম্পানি এক সপ্তাহে দেশটির কেন্দ্রীয় ব্যাংক থেকে ১৪ হাজার ৩০০ কোটি ডলার ধার নিয়েছে। এদিকে সুইজারল্যান্ডেও এবার বন্ধ হওয়ার পথে দেশটির অন্যতম বড় আর্থিক প্রতিষ্ঠান ক্রেডিট সুইস ব্যাংক। এটি এখন কিনতে চায় দেশটির সবচেয়ে বড় বহুজাতিক বিনিয়োগ ব্যাংক ইউবিএস। বিবিসি, সিএ-নএন ও ফিন্যান্সিয়াল টাইমস।

বাইডেনের একটি টিম ও বাফেটের মধ্যে গত সপ্তাহে একাধিকবার আলাপ হয়েছে। বিষয়টির সঙ্গে পরিচিত ব্যক্তিরা নাম প্রকাশ না করার শর্তে এ তথ্য জানিয়েছেন।

বাফেট সম্ভবত মার্কিন আঞ্চলিক ব্যাংকিং খাতে বিনিয়োগ করছেন। সেই সঙ্গে এই বিলিয়নিয়ার ব্যাংকের বর্তমান অবস্থা সম্পর্কে ভালো পরামর্শ ও নির্দেশনা দিয়েছেন। সংকটে পড়া যে কোনো ব্যাংককে সহায়তা করার ব্যাপারে এই ধনকুবেরের দীর্ঘ ইতিহাস রয়েছে। ধুঁকতে থাকা আর্থিক প্রতিষ্ঠানগুলোর ওপর আস্থা ফেরাতে তার তৎপরতা এখনো অব্যাহত রয়েছে। এর আগে লেহম্যান ব্রাদার্স হোল্ডিংস ইনকরপোরেশনের পতনের পর ২০০৮ সালে গোল্ডম্যান স্যাক্স ইনকরপোরেটেডকে ৫ বিলিয়ন ডলার আমানত দিয়েছিলেন বাফেট। বার্কশায়ার হ্যাথাওয়ে ও হোয়াইট হাউজের প্রতিনিধিরা মন্তব্যের অনুরোধে তাৎক্ষণিকভাবে সাড়া দেননি। ইউএস ট্রেজারি বিভাগের কর্মকর্তারাও মন্তব্য করতে রাজি হননি।

**এক সপ্তাহে ১৫ হাজার কোটি ডলার:** ফেডারেল রিজার্ভের তথ্যের ভিত্তিতে যুক্তরাজ্যের সংবাদমাধ্যম গার্ডিয়ান বলেছে, সব মিলে নগদ অর্থের সংকটে থাকা ব্যাংকগুলো মোট ৩০ হাজার কোটি ডলার ধার করেছে। তবে বাকি ১৫ হাজার কোটি ডলারের বেশি অর্থ কোন কোন ব্যাংক ধার করেছে, সেই ব্যাপারে কিছু জানা যায়নি। 'ডিসকাউন্ট উইন্ডো' নামে ফেডারেল রিজার্ভের বিশেষ তহবিল থেকে এই ঋণ সু-বিধা নেওয়া হয়। এ সুবিধা থেকে গত সপ্তাহে অতিরিক্ত ১৫ হাজার ৩০০ কোটি ডলার ব্যাংকগুলো ধার করেছে। এই পরিমাণ ঋণ এত অল্প সময়ে আর কখনো ব্যাংক খাতে যায়নি। এ তহবিল থেকে সাধারণত ৪০০ থেকে ৫০০ কোটি ডলার ধার করা হয়। এ ডিসকাউন্ট উইন্ডো থেকে ব্যাংকগুলো ৯০ দিনের জন্য অর্থ ধার করতে পারে।

ধসের মুখে পড়া দুই ব্যাংকের দায়িত্ব নিয়েছে ফেডারেল ডিপোজিট ইন্সুরেন্স করপোরেশন (এফডিআইসি)। দুই হোল্ডিং কোম্পানি যে অর্থ ধার করেছে, তা বিমার আওতায় থাকা আমানত ফেরতে ব্যবহৃত হয়েছে। ব্যাংকগুলোর হাতে থাকা বন্ড এক্ষেত্রে জামানত হিসাবে রাখা হয়েছে।


**সুইজারল্যান্ডে ব্যাংক খাতে অস্থিরতা:** যুক্তরাষ্ট্রের সিলিকন ভ্যালি ও সিগনেচার ব্যাংকের পর এবার বন্ধ হওয়ার পথে ১৬৭ বছরের পুরোনো সুইজারল্যান্ডভিত্তিক বিনিয়োগ ব্যাংক ক্রেডিট সুইস। এমন পরিস্থিতিতে বিশ্বের অন্যতম শীর্ষ আর্থিক লেনদেনকারী এ প্রতিষ্ঠানটিকে কিনে নেওয়ার আগ্রহ দেখিয়েছে ইউনিয়ন ব্যাংক অব সুইজারল্যান্ড (ইউবিএস)।

ক্রেডিট সুইস অধিগ্রহণে সরকারের কাছে ৬ বিলিয়ন ডলার সহায়তা চেয়েছে ইউবিএস এজি। ব্যাংক নিয়ন্ত্রকরা ২০ মাচের্র আগেই এ সমস্যার সমাধান করতে চাচ্ছেন। তবে এ প্রক্রিয়া যে সহজ হবে না, তা ভালো করেই জানেন ব্যাংক নিয়ন্ত্রকরা। যদি এ দুটি ব্যাংককে এক করা হয়, তাহলে ১০ হাজারেরও বেশি মানুষ চাকরি হারাতে পারেন।

এদিকে ক্রেডিট সুইস বন্ধ করার এবং আইনি খরচ এই ব্যাংককে বহন করতে হবে-এমন নিশ্চয়তা চাইছে ইউবিএস এজি। তবে এসব ব্যাপারে ক্রেডিট সুইস, ইউবিএস জি ও সুইজারল্যান্ডের সরকার কোনো মন্তব্য করেনি। যুক্তরাষ্ট্রের ব্যাংক দুটির পর যখন ক্রেডিট সুইসে আঘাত আসে, তখন সেটি বাঁচাতে এগিয়ে আসে সুইজারল্যান্ডের কেন্দ্রীয় ব্যাংক। ব্যাংকটির বিপর্যয় ঠেকাতে কয়েক বিলিয়ন ডলার ঋণ দেওয়ার পরিকল্পনা করে দেশটির কেন্দ্রীয় ব্যাংক। এছাড়া ক্রেডিট সুইস ব্যাংক অধিগ্রহণের জন্য ইউবিএস এজিকে চাপ দেয় দেশটির কেন্দ্রীয় ব্যাংক। এর মাধ্যমে সুইজারল্যান্ডে ক্রেডিট সুইসের কার্যক্রম স্থগিত হয়ে যাবে। ফিন্যান্সিয়াল টাইমস জানায়, দ্রুত সময়ের মধ্যে ওই দুই ব্যাংকের মধ্যে চুক্তি সম্পাদন করতে কাজ চলছে।


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com


COMPUTER IT TRAINING
& JOB PLACEMENT
MyTechUSA
"YOUR DREAM BECOME TRUE"
Why "MyTechUSA"
• We "MyTechUSA" Company is taking our community members IT career dream on our Shoulder to make it real!
• After Job Placement we provide continuous support to our students while they are on the Job!
• Our courses are very much affordable! We Pay $500 referral bonus.
• We don't leave our students alone OR leave them behind from the beginning till the end of the course!
DATABASE
ADMINISTRATION
ENGINEERING
Microsoft
SQL Server
ORACLE
Azure
mongoDB.
NoSQL
Please Contact:
Zia Uddin Ahamed
CEO & President
Phone: 347-597-0885
571-208-5450
813-767-4600
E-mail: ziaahamed@ymail.com


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থ্যসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE N TECH
DevOps
Scrum Master
& Product Owner
[ 100% Scholarship for Training & Job Placement, Condition applied ]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us

# VIVID MORTGAGES® INC.

*Crystal Clear Loans®*



## আপনার স্বপ্নের বাড়ি

ট্যাক্স রিটার্ন ছাড়াই
১ বছর ট্যাক্স রিটার্ন
তুলনামূলক সুদের হার
সর্বনিম্ন ৩.৫% ডাউন পেমেন্ট

আমরা ইসলামিক লোন করি

বিনামূল্যে পরামর্শ ও প্রি-এপ্রুভালের জন্য যোগাযোগ করুন
হোপ সেকিজি NMLS# 244341

**Phone: 718-831-2800, Fax: 718-831-2100, Toll Free 800-880-8557**

hope@vividmortgages.com
www.vividmortgages.com

VIVIDMORTGAGES

## *YOUR DREAM HOUSE*



No Tax Returns
1 Year Tax Return
Copmpetitive Interest Rates
Down Payment
as low 3.5%

## For Free consultation & Pre-Approval

**Hope Sekezi : NMLS # 244341**

**Phone: 718-831-2800, Fax: 718-831-2100, Toll Free 800-880-8557**

hope@vividmortgages.com www.vividmortgages.com

**211-35 Jamaica Ave. Queens Village, NY 11428**

REGISTERED MORTGAGE BROKER NYS DEPARTMENT OF FINANCES SERVICES NMLS # 1279925
ALL LOANS APPROVED THROUGH 3RD PARTY PROVIDERS

vividmortgages is registered Traders of vivid mortgage Inc All rights reserved

EQUAL HOUSING OPPORTUNITY

## সাত শিল্পীর যোগসাজশ খুঁজছে গোয়েন্দারা

# মডেলিং থেকে অপরাধ জগতে আরাভ খান

**ঢাকা ডেস্ক:** অভাব-অনটনের সংসার ছিল আরাভ খান ওরফে রবিউল ইসলামের। ফেরিওয়ালা বাবার সামান্য উপার্জনের টাকা দিয়ে পড়ালেখা চালিয়ে যাওয়া তার জন্য সহজ ছিল না। এজন্য বাগেরহাটের চিতলমারী মাধ্যমিক বিদ্যালয়ে (এসএম মডেল স্কুল) পড়াশোনার পাঠ চুকিয়ে পাড়ি জমান ঢাকায়। যাতায়াত শুরু করেন এফডিসিতে। নানা কৌশলে মডেলিংয়ের জগতে প্রবেশ করেন। উঠতি বয়সি অনেক নারী মডেলের সঙ্গে সখ্য গড়ে তোলেন। সমাজের প্রতিষ্ঠিত ব্যক্তিদের টার্গেট করে ওই মডেলদের মাধ্যমে ব্ল্যাকমেইল করতে থাকেন। এভাবে প্রভাবশালী অনেক ব্যক্তির ঘনিষ্ঠ হয়ে ওঠেন। একপর্যায়ে মডেলিং থেকে হাঁটতে শুরু করেন অপরাধজগতে। জড়িয়ে পড়েন খুনসহ নানা অপরাধে। এতে তার সঙ্গী ছিল দেশের আরও কয়েক বিতর্কিত মডেল ও কথিত প্রযোজক। আইনশৃঙ্খলা বাহিনী ও চিতলমারীর স্থানীয়দের সঙ্গে আলাপ করে জানা গেছে এসব তথ্য।

পুলিশ পরিদর্শক হত্যা মামলার চার্জশিটভুক্ত দুবাইয়ে পলাতক আসামি আরাভ খানকে দেশে ফিরিয়ে আনতে সব চেষ্টা চলছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। শনিবার এক অনুষ্ঠানে তিনি বলেন, এরই মধ্যে তাকে (আরাভ খান) ধরতে ইন্টারপোলের সহযোগিতা চাওয়া হয়েছে। তাকে দেশে ফেরাতে সবরকম চেষ্টা চলছে। তবে আরাভ যেহেতু ভারতীয় পাসপোর্টধারী, সেক্ষেত্রে কোন আইনে ইন্টারপোলের মাধ্যমে তাকে বাংলাদেশে ফেরত আনা হবে-এই প্রশ্নের স্পষ্ট জবাব দেননি মন্ত্রী।

এদিকে পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদ জানান, আরাভ নামে কারও সঙ্গে তার পরিচয় নেই।

বাগেরহাটের চিতলমারীতে খোঁজ নিয়ে জানা যায়, আরাভের বাবা এখানেই ফেরি করে সিলভারের হাঁড়িপাতিল বিক্রি করতেন। এখানেই ১৯৮৮ সালে আরাভ খানের জন্ম হয়। এই এলাকায় তিনি রবিউল নামে পরিচিত ছিলেন। প্রথম শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত চিতলমারী কেজি স্কুলে (বর্তমানে শেখ হেলাল উদ্দিন একাডেমি) পড়াশেনা করেন তিনি। পরিবারসহ ভাড়া থাকতেন ইদ্রিস তালুকদারের বাড়িতে।

২০০৭ সালে এএসসি পরীক্ষা দেন। ২০১২ সাল পর্যন্ত তার পরিবার চিতলমারী ছিল। এর পরের খবর আর ওই এলাকার কেউ জানাতে পারেননি। তবে দীর্ঘদিন এলাকায় থাকার কারণে সেখানকার অনেকের সঙ্গেই তার এখনো যোগাযোগ রয়েছে। এরই সূত্র ধরে দুবাইয়ে অবস্থানকারী চিতলমারীর জনৈক শেখ তিতুমীরসহ অন্তত তিনজন দুবাইয়ে আরাভের অত্যন্ত ঘনিষ্ঠ হিসাবে পরিচিত। এলাকায় জনৈক সুমন মুন্সী এখন তার ঘনিষ্ঠ বলে জানা গেছে।

আরাভের উত্থান নিয়ে তার ঘনিষ্ঠজন ও গোয়েন্দা সূত্রগুলো বলছে, স্কুলে পড়া অবস্থায়ই তার ইচ্ছা ছিল ফিল্মে কাজ করার। এরপর পালিয়ে ঢাকায় চলে আসেন। দীর্ঘ সময় এফডিসির আশপাশে ঘোরাফেরা করেন। এর মধ্যে হোটেল বয় হিসাবে কাজ করেন। জড়িয়ে পড়েন ছিনতাইয়ের মতো অপরাধে।

পরবর্তীকালে ফিল্ম পরিচালক হিসাবে নাম ও নম্বর দিয়ে কিছু কার্ড ছাপান। সেগুলো হাতিরঝিলসহ আশপাশের এলাকায় বিতরণ করেন। দৈনিক ৩০০-৪০০ কার্ড বিতরণ করলে ১০-১৫ জন তাতে সাড়া দিতেন। তারা মডেলিং করার আশায় আরাভের দেওয়া স্থানে চলে যেতেন। এমন অনেকের কাছ থেকে আরাভ টাকাপয়সাও নিয়েছেন। পরে তিনি কিছু শর্ট ফিল্ম করেছিলেন। এগুলো করতে গিয়ে অনেক মেয়ের সঙ্গে তার পরিচয় হয়। তাদের দিয়ে গুলশান-বনানীকেন্দ্রিক বড় চক্র গড়ে তোলেন।

বদলে যেতে থাকে তার চলাফেরা ও চালচলন। শূন্য হাতে ঢাকায় আসা যুবক হয়ে ওঠেন প্রভাবশালী। এরপর তার বিরুদ্ধে অনেকের থেকে অন্যায়ভাবে অর্থ আত্মসাতের অভিযোগ আসতে থাকে।

তদন্তসংশ্লিষ্টরা বলছেন, বুধবার দুবাইয়ে 'আরাভ জুয়েলার্স' উদ্বোধনে ক্রিকেটার সাকিব আল হাসানের মতো তারকার নাম আসায় চাপা পড়ে যায় আরও অনেকের কার্যক্রম। যারা আরাভের আমন্ত্রণে সেখানে গিয়েছেন। এমন অন্তত সাতজনের নাম রয়েছে গোয়েন্দাদের হাতে। যাদের কয়েকজন কেবল আরাভের অনুষ্ঠানে যোগ দিয়েছেন এমন নয়, বরং দেশে তার উত্থান ও অপকর্মের সহযোগী। তাদের মধ্যে ইতঃপূর্বে র‍্যাবের হাতে গ্রেফতার কথিত এক প্রযোজক এবং তার স্ত্রীও রয়েছেন। তার স্ত্রী ওই উদ্বোধনী অনুষ্ঠানে সংগীত পরিবেশন করেছেন বলেও জানায় গোয়েন্দা সূত্র।

ওই প্রযোজক নিজেকে সরকারের সাবেক এক মন্ত্রীর এপিএস বলে পরিচয় দিতেন। দেশে তিনি আরাভের 'গুরু' হিসাবে পরিচিত। এই চক্রের সঙ্গে ঘনিষ্ঠতার অভিযোগ রয়েছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের হাতে গ্রেফতার আরেক বিতর্কিত নারী মডেলের। যিনি এখন জামিনে রয়েছেন বলে জানা গেছে।

**ফেসবুক পোস্টে ছলচাতুরী:** আরাভ খান ফেসবুক অ্যাকাউন্টে ছবি পোস্ট করা নিয়েও নানা ছলচাতুরীর আশ্রয় নিয়েছেন। তার প্রোফাইলে ফটোশপের মাধ্যমে বিভিন্ন স্থানে এবং ব্যক্তির সঙ্গে ছবি এডিট করে পোস্ট করতে দেখা গেছে। ছবিগুলো যাচাই-বাছাইকারীরা বলছেন, ভালোভাবে দেখলেই বোঝা যায় এগুলো তার প্রকৃত ছবি নয়।

এর মধ্যে লন্ডন ব্রিজ ও প্যারিসের আইফেল টাওয়ারের সামনের দুটি ছবি সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হয়েছে। একটি প্রাইভেট প্লেনে তার বসা ছবিও এডিট করা বলে জানা গেছে। এছাড়া এক স্থানে ছবি তুলে সেগুলো অন্য স্থানের নামে চালিয়ে দেওয়ার ঘটনাও খুঁজে পেয়েছেন নেটিজেনরা। এক্ষেত্রে ২০২০ সালের ২৭ ও ২৯ আগস্টের দুটি ছবি বেশ আলোচিত হয়। এগুলো নি-উজিল্যান্ড ও যুক্তরাজ্যের ছবি বলা হলেও জানা যায়, সেগুলো ছিল ভারতের গোয়ার পাঞ্জিমের কোকো বিচ এবং আঞ্জুম বিচ।

**যা বললেন সাবেক আইজিপি:** দুবাইয়ে পলাতক খুনের আসামি আরাভ খানের উত্থানের বিষয়টি সামনে আসার পর থেকেই সাবেক এক ঊর্ধ্বতন পুলিশ কর্মকর্তার কথা ঘুরেফিরে আসতে থাকে। এমন পরিস্থিতির মধ্যে পুলিশের সাবেক আইজিপি বেনজীর আহমেদ শনিবার বিকালে ফেসবুকে এ সংক্রান্ত একটি স্ট্যাটাস দিয়েছেন। যেখানে তিনি জানান, আরাভ ওরফে রবিউল ওরফে হৃদয় নামে কাউকে তিনি চেনেন না। এমনকি তার সঙ্গে প্রাথমিক পরিচয়ও নেই।

তিনি লিখেছেন, "সম্মানিত দেশবাসী, আমি আপনাদের সবাইকে আশ্বস্ত ও সম্পূর্ণভাবে নিশ্চিত করতে চাই যে 'আরাভ ওরফে রবিউল ওরফে হৃদয়' নামে আমি কাউকে চিনি না। আমার সাথে তার এমনকি প্রাথমিক পরিচয়ও নাই। আমি আমার ল এনফোর্সমেন্ট ক্যারিয়ারের পুরোটা সময় খুনি, সন্ত্রাসী, ড্রাগ ব্যবসায়ী, চোরাকারবারি, ভেজালকারী ও অপরাধীদের বিরুদ্ধে লড়াই করেছি, কখনোই সখ্য নয়।"

প্রসঙ্গত, পরিদর্শক হত্যা মামলার চার্জশিটভুক্ত ৮নং আসামি রবিউল ইসলাম ওরফে আরাভ। ২০১৮ সালের ৭ জুলাই রাজধানীর বনানীর একটি ফ্ল্যাটে খুন হন পুলিশ পরিদর্শক মামুন। এই হত্যাকান্ডের পর রবিউল ভারতে পালিয়ে যান।

২০২০ সালে রবিউল ভারতের পাসপোর্ট সংগ্রহ করেন। তার ভারতীয় পাসপোর্ট নং ইউ ৪৯৮৫৩৮৯। ওই বছরের ২৮ জুলাই কলকাতা থেকে ইস্যু করা পাসপোর্টে রবিউলের নাম আরাভ খান হিসাবে উল্লেখ করা হয়। রবিউল তার নামে একজনকে আত্মসমর্পণ করার জন্য ভাড়া করেছিলেন। ভাড়া করা ওই ব্যক্তি আত্মসমর্পণের পর ৯ মাস কারাগারে ছিলেন। এই মামলায় ২০১৯ সালের ১১ এপ্রিল গোয়েন্দা পুলিশ রবিউলসহ ৯ জনের বিরুদ্ধে চার্জশিট জমা দিয়েছে। আরাভ এখন দুবাইয়ে আছেন। সেখানে গড়েছেন হাজার কোটি টাকার সম্পদ।



*In The Name Of Allah The Most Merciful The Beneficent*

Islamic Council of America, Inc.

# Madina Masjid



401 E. 11TH STREET, NEW YORK, NY 10009

TEL: 212-533-5060, 917-312-8322, 917-386-4834, 917-651-8803 • PayPal & Email: Madinamasjid182@gmail.com

"O you who believe! fasting is prescribed for you as it was prescribed for those before you, that you may become righteous" - Al-Qur'an-2:183

**THINGS WHICH BREAK THE FAST:**

- Eating, drinking and smoking deliberately
- Intentional vomiting (Mouthful)
- Sexual intercourse or ejaculation of sperm
- Anything that enters the stomach or the brain

**THINGS WHICH DO NOT BREAK THE FAST:**

- Eating, drinking or indulging in sexual relations forgetfully
- Applying eye-drops, water entering the ears
- Vomiting which is not self-induced
- Smelling anything fragrant with no vapors
- Using a miswak to clean the teeth
- Injection (Which doesn't reach the stomach or brain)

**EXEMPTION FROM FASTING:**

- Sick people (severely affected by fasting)
- Traveling people (Musafir) who has
- undertaken a journey of 48 miles
- Pregnant women whom life is threatened
- Women in menstruation
- Too old and feeble people
- Insane People
- Those have not reached puberty

** It is necessary to discuss any other case with a scholar if the situation arises.

**রোজার নিয়ত**

নাওয়াইতুয়ান আছুমা গাদাম্মিন সাহরি রামাদ্বানাল মোবারক, ফারদাল্লাকা ইয়াআল্লাহু ফাতাকাব্বাল মিন্নী ইন্নাকা আনতাছ ছামিউল আলীম।

**Intention of Fasting (Niyat)**

Nawaitu An Asooma Ghadam Min Shahri Ramadaanal Mubaarak, Fardallaka Yaa Allahu Fa Taqabbal Min Nee Innaka Antas Samee Ul A'Leem

**ইফতারের দোয়া**

বিছমিল্লাহি আল্লাহুম্মা লাকা ছুমতু ওয়া আলা রিজক্বিকা আফতারতু

**Breaking Fast (Duwa):**

Bismillahi Allahumma Laka Sumtu Wa A'laa Rizqiqa Aftartu

## TIME TABLE FOR RAMADAN 1444 A.H. / 2023 A.D.

| | RAMADAN | DAY | DATE | STOP EATING | FAJR | SUNRISE | ZUHR | ASR | IFTAR | ISHA | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| রহমতের দশদিন | 01 | THU | MAR 23 | 5:35 | 5:40 | 6:56 | 01:03 | 5:22 | 7:10 | 8:27 | 10 DAYS OF MERCY |
| | 02 | FRI | MAR 24 | 5:33 | 5:38 | 6:54 | 01:03 | 5:23 | 7:11 | 8:28 | |
| | 03 | SAT | MAR 25 | 5:31 | 5:36 | 6:52 | 01:03 | 5:24 | 7:12 | 8:29 | |
| | 04 | SUN | MAR 26 | 5:29 | 5:34 | 6:51 | 01:02 | 5:25 | 7:14 | 8:30 | |
| | 05 | MON | MAR 27 | 5:28 | 5:33 | 6:49 | 01:02 | 5:25 | 7:15 | 8:31 | |
| | 06 | TUE | MAR 28 | 5:26 | 5:31 | 6:47 | 01:02 | 5:26 | 7:16 | 8:32 | |
| | 07 | WED | MAR 29 | 5:24 | 5:29 | 6:46 | 01:01 | 5:27 | 7:17 | 8:34 | |
| | 08 | THU | MAR 30 | 5:22 | 5:27 | 6:44 | 01:01 | 5:28 | 7:18 | 8:35 | |
| | 09 | FRI | MAR 31 | 5:20 | 5:25 | 6:42 | 01:01 | 5:28 | 7:19 | 8:36 | |
| | 10 | SAT | APR 01 | 5:19 | 5:24 | 6:41 | 01:00 | 5:29 | 7:20 | 8:37 | |
| মাগফিরাতের দশদিন | 11 | SUN | APR 02 | 5:17 | 5:22 | 6:39 | 01:00 | 5:30 | 7:21 | 8:38 | 10 DAYS OF FORGIVENESS |
| | 12 | MON | APR 03 | 5:15 | 5:20 | 6:38 | 01:00 | 5:31 | 7:22 | 8:40 | |
| | 13 | TUE | APR 04 | 5:13 | 5:18 | 6:36 | 01:00 | 5:31 | 7:23 | 8:41 | |
| | 14 | WED | APR 05 | 5:11 | 5:16 | 6:34 | 12:59 | 5:32 | 7:24 | 8:42 | |
| | 15 | THU | APR 06 | 5:09 | 5:14 | 6:33 | 12:59 | 5:33 | 7:25 | 8:43 | |
| | 16 | FRI | APR 07 | 5:08 | 5:13 | 6:31 | 12:59 | 5:33 | 7:26 | 8:45 | |
| | 17 | SAT | APR 08 | 5:06 | 5:11 | 6:29 | 12:58 | 5:34 | 7:27 | 8:46 | |
| | 18 | SUN | APR 09 | 5:04 | 5:09 | 6:28 | 12:58 | 5:35 | 7:28 | 8:47 | |
| | 19 | MON | APR 10 | 5:02 | 5:07 | 6:26 | 12:58 | 5:35 | 7:29 | 8:49 | |
| | 20 | TUE | APR 11 | 5:00 | 5:05 | 6:24 | 12:58 | 5:36 | 7:30 | 8:50 | |
| নাজাতের দশদিন | 21 | WED | APR 12 | 4:59 | 5:04 | 6:23 | 12:57 | 5:37 | 7:31 | 8:51 | 10 DAYS OF EMANCIPATION |
| | 22 | THU | APR 13 | 4:57 | 5:02 | 6:21 | 12:57 | 5:37 | 7:32 | 8:52 | |
| | 23 | FRI | APR 14 | 4:55 | 5:00 | 6:20 | 12:57 | 5:38 | 7:34 | 8:54 | |
| | 24 | SAT | APR 15 | 4:53 | 4:58 | 6:18 | 12:57 | 5:39 | 7:35 | 8:55 | |
| | 25 | SUN | APR 16 | 4:51 | 4:56 | 6:17 | 12:56 | 5:39 | 7:36 | 8:56 | |
| | 26 | MON | APR 17 | 4:49 | 4:54 | 6:15 | 12:56 | 5:40 | 7:37 | 8:58 | |
| | 27 | TUE | APR 18 | 4:48 | 4:53 | 6:14 | 12:56 | 5:41 | 7:38 | 8:59 | |
| | 28 | WED | APR 19 | 4:46 | 4:51 | 6:12 | 12:56 | 5:41 | 7:39 | 9:00 | |
| | 29 | THU | APR 20 | 4:44 | 4:49 | 6:11 | 12:55 | 5:42 | 7:40 | 9:02 | |
| | 30 | FRI | APR 21 | 4:43 | 4:48 | 6:09 | 12:55 | 5:42 | 7:41 | 9:03 | |

ALL ISLAMIC EVENTS ARE SUBJECT TO THE SIGHTING OF THE MOON

ISHA & TARAWEEH JAMAT TIME: 9:15 (1-15 RAMADAN) AND 9:30 PM (16-30 RAMADAN)

MADINA MASJID SERVES IFTAR DAILY. FOR CONTRIBUTIONS, PLEASE CONTACT 917-312-8322, 917-651-8803, 917-396-6967, 631-565-2489 OR PAYPAL TO MADINAMASJID182@GMAIL.COM

# রামাদ্বান মোবারক | Ramadan Mubarak

RAMADAN 1444 | MAR-APR 2023

# BANGLA BAZAR JAME MASJID INC.

1351 ODELL STREET, BRONX, NY 10462

Phone: (347) 293- 5858, (347) 208- 9055, (718)862-9238, (347)472-2053, (347)337-2144

WE COLLECT ZAKAT

FITRA $10.00/ PERSON

| RAMADAN | DAY | MONTH | STOP EATING | FAJAR | DHUHR | ASR | IFTAR | ISHA |
|---|---|---|---|---|---|---|---|---|
| **10 DAYS OF MERCY** | | | | | | | | |
| 1 | THU | MAR 23 | 5:35 AM | 5:40 AM | 1:03 PM | 4:30 PM | 7:10 PM | 8:26 PM |
| 2 | FRI | MAR 24 | 5:33 AM | 5:38 AM | 1:03 PM | 4:31 PM | 7:11 PM | 8:28 PM |
| 3 | SAT | MAR 25 | 5:31 AM | 5:36 AM | 1:02 PM | 4:31 PM | 7:12 PM | 8:29 PM |
| 4 | SUN | MAR 26 | 5:29 AM | 5:34 AM | 1:02 PM | 4:32 PM | 7:13 PM | 8:30 PM |
| 5 | MON | MAR 27 | 5:28 AM | 5:33 AM | 1:02 PM | 4:32 PM | 7:15 PM | 8:31 PM |
| 6 | TUE | MAR 28 | 5:26 AM | 5:31 AM | 1:02 PM | 4:33 PM | 7:16 PM | 8:32 PM |
| 7 | WED | MAR 29 | 5:24 AM | 5:29 AM | 1:01 PM | 4:33 PM | 7:17 PM | 8:34 PM |
| 8 | THU | MAR 30 | 5:22 AM | 5:27 AM | 1:01 PM | 4:34 PM | 7:18 PM | 8:35 PM |
| 9 | FRI | MAR 31 | 5:20 AM | 5:25 AM | 1:01 PM | 4:34 PM | 7:19 PM | 8:36 PM |
| 10 | SAT | APR 01 | 5:19 AM | 5:24 AM | 1:00 PM | 4:34 PM | 7:20 PM | 8:37 PM |
| **10 DAYS OF FORGIVNESS** | | | | | | | | |
| 11 | SUN | APR 02 | 5:17 AM | 5:22 AM | 1:00 PM | 4:35 PM | 7:21 PM | 8:38 PM |
| 12 | MON | APR 03 | 5:15 AM | 5:20 AM | 1:00 PM | 4:35 PM | 7:22PM | 8:40 PM |
| 13 | TUE | APR 04 | 5:13 AM | 5:18 AM | 12:59 PM | 4:36 PM | 7:23 PM | 8:41 PM |
| 14 | WED | APR 05 | 5:11 AM | 5:16 AM | 12:59 PM | 4:36 PM | 7:24 PM | 8:42 PM |
| 15 | THU | APR 06 | 5:09 AM | 5:14 AM | 12:59 PM | 4:37 PM | 7:25 PM | 8:43 PM |
| 16 | FRI | APR 07 | 5:08 AM | 5:13 AM | 12:59 PM | 4:37 PM | 7:26 PM | 8:45 PM |
| 17 | SAT | APR 08 | 5:06 AM | 5:11 AM | 12:58 PM | 4:37 PM | 7:27 PM | 8:46 PM |
| 18 | SUN | APR 09 | 5:04 AM | 5:09 AM | 12:58 PM | 4:38 PM | 7:28 PM | 8:47 PM |
| 19 | MON | APR 10 | 5:02 AM | 5:07 AM | 12:58 PM | 4:38 PM | 7:29 PM | 8:48 PM |
| 20 | TUE | APR 11 | 5:00 AM | 5:05 AM | 12:58 PM | 4:38 PM | 7:30 PM | 8:50 PM |
| **9 DAYS OF EMANCIPATION** | | | | | | | | |
| 21 | WED | APR 12 | 4:59 AM | 5:04 AM | 12:57 PM | 4:39 PM | 7:31 PM | 8:51 PM |
| 22 | THU | APR 13 | 4:57 AM | 5:02 AM | 12:57 PM | 4:39 PM | 7:32 PM | 8:52 PM |
| 23 | FRI | APR 14 | 4:55 AM | 5:00 AM | 12:57 PM | 4:39 PM | 7:33 PM | 8:54 PM |
| 24 | SAT | APR 15 | 4:53 AM | 4:58 AM | 12:56 PM | 4:40 PM | 7:35 PM | 8:55 PM |
| 25 | SUN | APR 16 | 4:51 AM | 4:56 AM | 12:56 PM | 4:40 PM | 7:36 PM | 8:56 PM |
| 26 | MON | APR 17 | 4:49 AM | 4:54 AM | 12:56 PM | 4:40 PM | 7:37 PM | 8:58 PM |
| 27 | TUE | APR 18 | 4:48 AM | 4:53 AM | 12:56 PM | 4:41 PM | 7:38 PM | 8:59 PM |
| 28 | WED | APR 19 | 4:46 AM | 4:51 AM | 12:56 PM | 4:41 PM | 7:39 PM | 9:00 PM |
| 29 | THU | APR 20 | 4:44 AM | 4:49 AM | 12:55 PM | 4:41 PM | 7:40 PM | 9:02 PM |
| 30 | FRI | APR 21 | 4:43 AM | 4:48 AM | 12:55 PM | 4:41 PM | 7:41 PM | 9:03 PM |

• IFTAR AND SEHERI TIME TABLE FOR BRONX, QUEENS, MANHATTAN & VICINITY • ALL ISLAMIC EVENTS ARE SUBJECT TO MOON SIGHTING

KHATME TARAWEEH 9:30 PM • SURAH TARAWEEH 11:30 PM

**INTENTION (NIYYAT)**

Nawaitu-un-asumma Gadam Min Shahri Ramdanul Mubarak, Fardullaka Ya Allah Fatakabbal Minni Innaka Antas Samiul Alim.

**রোজার নিয়ত**

I Intend To Fast Today In The Month Of Ramadan Which Is Obligatory. O Allah, Please Accept From Me As You Are The All Hearing And All Knowing.

**SUPPLICATION DU'A**

Allahumma Laka Sumtu Watawakkaltu, Aalaa Rizkika Aftartu Birahmatika Ya Arhamar Rahimin.

**ইফতারের দোয়া**

O Allah, For You I Have Fasted And With Your Provision I Have Broken My Fasting.

## আল আকসা গ্রুপের পক্ষ থেকে সবাইকে মাহে রমজানের শুভেচ্ছা

Al Aqsa Supermarket — Halal Meat & Fresh Vegetables
718.904.0700
2109 Starling Ave. Bronx, NY 10462

COMING SOON!
AL AQSA CHINESE
866.720.2120
1416 Unionport Road, Bronx, NY 10462

Al Aqsa Restaurant — Indian & Bengali Cuisine
718.904.7061
2107 Starling Ave. Bronx, NY 10462

# সাহিত্য সাময়িকী

## এলাহি ভরসা

### জাহাঙ্গীর ফিরোজ

পথ এসে শেষ হ'ল নদীপাড়ে
সাঁতার জানি না, তুমি ওই পারে ।

পথ বলে দেবে  পথ পথিকেরে
বসে আছি কূলহীন নদীপাড়ে ।

কখন যে বাতলাবে দিশা
এ পারে নেমেছে এশা ।

ওপারে চাঁদের আলো মায়াবী কুহক
শপথ ও প্রতিশ্রুতি তোমারি, তুমি হক ।

মেনেছি তোমাকে-সহ অদৃশ্য সকলি
যুক্তি জ্ঞান অহঙ্কার অপরাধগুলি

নির্দ্বিধায় তোমারি কদমে সঁপেছি ।
সূচিভেদ্য অন্ধকারে একা বসে আছি ।

পারাবারে তুমি আশা
গহীন হচ্ছে রাত,  এলাহি ভরসা ।

*১২ মার্চ ২০২৩*
*১৪ মারকুইস স্ট্রিট*
*কোলকাতা ।*

## পাথর কেটে নহর

### মুস্তফা হাবীব

মেঘ গলিয়ে রুহ আফজা শরবত তৈরি করো
অথবা ঝরাপাতার বিষণ্নতা চোখের আড়ালে রেখে
যৌবনের রঙ মননে রাখো, তবেই তুমি  কবি!

রবীন্দ্র- জীবনানন্দকে অগ্রাহ্য করো,
এ কথা কাউকে  বলি না,
কবিতায় আরেক দিগন্ত নির্মাণে দুঃসাহসী যোদ্ধা হতে বলি;
সহজ শব্দরসে জীবনের কঠিন রূপছবি অঙ্কন করতে বলি ।

একই সঙ্গে আকাশ দেখে
সমুদ্রের তলদেশ ঝিনুক কুড়ানো যায় না
যে তুমি আকাশে ময়ূর নীলিমার ওড়াউড়ি দেখবে, দ্যাখো,
যে কাগুজে মুদ্রায় পাহাড় আর
মঙ্গলগ্রহে বাড়ি বানাতে চাও,  বানাও .....

বন্ধুরা, কখনও নাচতে নেমে ঘোমটা টেনো না,
কথা বলতে গিয়ে দাঁতে এঁটো না খিল;
দ্বৈতসত্তা লালনে জীবন সৌন্দর্যের বিলুপ্ত ঘটে নিশ্চিত ।

পাথর কেটে নহর বানাতে পারলেই প্রশান্তি লাভ,
তবেই সমৃদ্ধ সৃষ্টির জন্য বাঁচবে কাল কালান্তর;
ভাসবে তুমি অমৃতধারায় ।

## আনন্দের ঝাড়বাতি

### মনসুর আজিজ

আমাকে আলিঙ্গন করে মৃত চাঁদ
আমাকে জাগিয়ে তোলে পূর্ণিমা তিথি
আমি কি জেগে আছি
নাকি পড়ে আছি মৃতের মতো
মৃত্যু এসে টোকা দেয় গালে
জোসনা দেখার ধ্যান ভাঙায় বলে
চোখে মুখে ফুটে ওঠে বিরক্তির চিহ্ন
আজরাইল ফাঁকে বসে মুচকি হাসে
কবরখানার গেটে ফুটে আছে নতুন ফুল
মৃত মানুষের হাতে হাতে বর্ণিল পুষ্প  তোড়া
নয়া দামানের আগম  নে উৎফুল্ল তারা ।

আকা  শের তারা গুনতে গুনতে তাহাজ্জোদের সময় হয়ে গেছে
অন্ধকার পথ সজ্জিত করে তারাবাতি
ভূতলে নির্মিত নতুন ঘরে
হেঁটে চলি তাই আনন্দ বুকে ধরে ।

## জলজ উদ্ভিদ

### আশরাফ উদ্দীন আহমদ

মায়ের হাতে লাগানো টবের মেহেদিগাছ
দিনেদিন আকাশ ছুঁতে চায় আকাশ
আমার মেয়ে ঝুমুর একটু একটু বড় হচ্ছে
সেও দেখি মেহেদিগাছের পাতা ছিঁড়বে বলে
হাত বাড়ায় আকাশনীলে

মা নেই মেয়ে যেন আমার মায়ের স্বরূপ
পুনর্জন্ম কি এভাবেই হয়
মা এবং মেয়ে আমাকে দিয়েছে সত্ত্বা
ভালোবাসায় অংকুরিত জলজ উদ্ভিদ ।

## একমুখী ট্রেন

### তাজ ইসলাম

জীবন একটি একমুখী ট্রেন
কেবল মৃত্যুর দিকেই গন্তব্য তার ।

বিপদ, দুর্যোগ, দুঃখ, সুখ
আশা-আকাঙ্ক্ষা, ভালোবাসা-হতাশা,
ঝড়, ঢেউ, প্রাপ্তি-অপ্রাপ্তি
এইসব সাব ষ্টেশন পাড়ি দেয় জীবন ।

জীবন একটি একমুখী ট্রেন
উত্থান ও পতনের ঢেউ
জানলা মেলে দেখতে দেখতে
ছুটে চলে কেবল সম্মুখ পানে ।

কিছু বাধা কিছুটা বিশ্রামের পর
গন্তব্যে ছুটে চলাই তার নিত্য রুটিনওয়ার্ক ।

জীবন একটি একমুখী ট্রেন
কেবল মৃত্যুর দিকেই গন্তব্য তার ।
এরপর অন্য এক অনন্ত জগত ।

## আমাতেই বন্দি তুমি

### মান্নান নূর

তুমি নেই আমার মনপুকুরের জল শুকিয়ে যায়নি
তোমার মৃদু শান্ত পা বারান্দায় হাঁটে, হাঁটার শব্দ এখনো
হৃদয় গভীরে বাজে । তুমি নেই অনলে পুড়ে না মন

সদা স্মিত হাস্যমুখ, মুখচ্ছবি, উঠোনের প্রতি ধূলি কণায়, ঘরে,
তুমিহীনা শূন্য কোঠায় সদা জাগরুক, আমি অনুভব করি ।

তুমি নেই আমি কাঁদবো না, তোমার সুললিত কণ্ঠ মাধুর্য
আমার আঙ্গিনার বাতাসে মিশে আছে, প্রতিটি মন খারাপের সময়
চুপিসারে কানে কথা কয় । তুমি নেই, না থাকো! তোমার সমস্ত অবয়ব
বন্দি আমার হৃদয়ে ।

# Immigrant Elder Home Care LLC

# হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

## আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



**Call Today:**

**Giash Ahmed**
Chairman/CEO
**917-744-7308**

**Dr. Md. Mohaimen**
**718-457-0813**
Fax: 631-282-8386
718-457-0814

**Nusrat Ahmed**
President
**718-406-5549**

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

| Corporate Office | Jamaica Office | Long Island Office | Bronx Office | Ozone Park Office | Buffalo Office |
|---|---|---|---|---|---|
| 37-05 74st, 2nd Fl | 87-54 168th Street, 2nd Fl | 1 Blacksmith Lane | 2148 Starling Ave. | 175 B Forbell Street | 859 Fillmore Ave |
| Jackson Heights, NY 11372 | Jamaica, NY 11432 | Dix Hill, NY 11731 | Bronx, NY 10462 | Brooklyn, NY 11208 | Buffalo, NY 14212 |
| 917-744-7308, 718-457-0813 | 718-406-5549 | 718-406-5549 | 718-406-5549 | 718-406-5549 | 718-406-5549 |





# সুন্দরী প্রতিযোগিতার অন্দরের খবর ফাঁস করলেন তাপসী

**বিনোদন ডেস্ক:** মডেল হিসেবে ক্যারিয়ার শুরু করেছিলেন বলিউড নায়িকা তাপসী পান্নু। ২০১০ সালে রুপালি পর্দায় পা রাখেন। তার দুই বছর আগে ২০০৮ সালে ভারতের সুন্দরী প্রতিযোগিতায় অংশ নিয়েছিলেন তাপসী। তখন তিনি ছাত্রী ছিলেন। কেমন ছিল সেই অভিজ্ঞতা?

তাপসীর ভাষ্য, পক্ষপাতিত্ব হয়েছিল বাছাই পর্বে। প্রশ্ন উঠেছিল সেখানে তার থাকার যোগ্যতা নিয়ে। সেই সময় তাকে চরম অপমানিত হতে হয়েছিল। তাপসী জানান, দিল্লি থেকে বেছে নেওয়া তিনজনের মধ্যে একজন ছিলেন তিনি। তাকে লড়াই করতে হয়েছিল পেশাদার মডেলদের সঙ্গে। তাদের তুলনায় তিনি ছিলেন অপেশাদার, অনভিজ্ঞ। তখনো পর্যন্ত তিনি শুধু ফটোশুট করেছিলেন। টিভির কোনো বিজ্ঞাপনে তার মুখ দেখা যায়নি, র‍্যাম্পে হাঁটার অভিজ্ঞতাও তার ছিল না।

তাপসী বলেন, গ্রুমিং পর্বে বুঝেছিলাম, এটা আমি করতে পারব না। আমাদের হাঁটা শেখানো হতো, কীভাবে হাসব, তাও শেখানো হতো। হেমন্ত ত্রিবেদী তখন ছিলেন শিক্ষক। তিনি বলেন, আমার হাতে থাকলে কখনই তুমি প্রথম ২৮ জনের মধ্যে জায়গা পেতে না। শুটিং শেষের পার্টির পরে তাপসী বুঝতে পারেন, কতটা ঝুঁকিপূর্ণ এবং খারাপ পরিবেশের মধ্য দিয়ে যেতে হয়েছিল তাকে। নেপথ্যের কাহিনী তুলে ধরে অভিনেত্রী বলেন, নানা রকম পক্ষপাতিত্বের ঘটনা ঘটত সেখানে। প্রতিযোগীদের নানা চুক্তিতে সই করানো হয়েছিল। শর্ত ছিল যে, প্রতিযোগীদের উপার্জনের ৩০ শতাংশ তিন বছরের জন্য অনুষ্ঠান কর্তৃপক্ষকে দিতে হবে। সেই প্রতিযোগিতা থেকে দুটি খেতাব পেয়েছিলেন তাপসী। সেরা নতুন মুখের পুরস্কার (মিস ফ্রেশ ফেস) এবং সুন্দর ত্বকের পুরস্কার (মিস বিউটিফুল স্কিন)।

২০১০ সালে তেলেগু ছবি দিয়ে ইন্ডাস্ট্রিতে পা রাখেন তাপসী। ২০১৩ সালে 'চাশমে বাদ্দুর' দিয়ে বলিউডে অভিষেক হয় তার। আশির দশকের বিখ্যাত হিন্দি ছবির এই রিমেকটির পরিচালক ছিলেন ডেভিড ধাওয়ান।



# গভীর রাতে থানায় শাকিব খান, মামলা নেয়নি পুলিশ

**বিনোদন ডেস্ক:** ঢাকাই চলচ্চিত্রের নায়ক শাকিব খানের বিরুদ্ধে অস্ট্রেলিয়ায় 'অপারেশন অগ্নিপথ' এর শুটিংয়ে শিডিউল ফাঁসানো ও সহ-নারী প্রযোজককে ধর্ষণের মতো গুরুতর অভিযোগ তুলেছেন রহমত উল্ল্যাহ নামে এক প্রযোজক। ওই প্রযোজকের নামে মানহানি মামলা করতে শনিবার (১৮ মার্চ) রাতে গুলশান থানায় যান শাকিব খান। তবে পুলিশ মামলাটি না নিয়ে তাকে যাওয়ার পরামর্শ দেন।

শনিবার রাত সাড়ে ১১টার দিকে গুলশান থানায় এই নায়ক মামলা করতে উপস্থিত হন। রাত ১২টাতেও থানায় শাকিব খানকে অপেক্ষা করতে দেখা গেছে। মামলা করতে এসে শাকিব খানের দাবি, রহমত উল্লাহ নামে যিনি 'অপারেশন অগ্নিপথ' সিনেমার প্রযোজক দাবি করছেন তিনি আসলে এ ছবির আসল প্রযোজক নন। সিনেমাটির আসল প্রযোজক হচ্ছেন ভারটেক্স মিডিয়ার জানে আলম। যা চুক্তিপত্রেও লিখিত আছে।

শাকিব খান সাংবাদিকদের জানিয়েছেন, তার বিরুদ্ধে আনা অভিযোগ পুরোপুরি মিথ্যা। এ কারণে তিনি ভুয়া প্রযোজকের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নিচ্ছেন। প্রযোজক নামধারী এই প্রতারক যেনো দেশ ছেড়ে পালাতে না পারে সেই কারণে আইনি ব্যবস্থা নিতে থানায় গিয়েছেন তিনি। মিথ্যা অভিযোগ সুরাহা না হওয়া পর্যন্ত যেনো অন্যায় অভিযোগকারী দেশ ছাড়তে না পারে সেই কারণে এই ব্যবস্থা নিচ্ছেন তিনি।

এদিকে মামলা না নেওয়ার বিষয়ে গুলশান থানার ওসি ফরমান আলী বলেন, শাকিব খান যে ধরনের অভিযোগ করতে এসেছেন তা থানায় নয় আদালতে করতে হবে। এ ধরনের অভিযোগ থানায় নেওয়া সম্ভব না।

তবে শাকিব খানের আইনজীবী অ্যাডভোকেট খায়রুল হাসান বলেন, যেহেতু এটা কগনিজেবল অপরাধ ছিল, তিনি ইচ্ছা করলে মামলা নিতে পারতেন। কারণ এই ধরনের অভিযোগ সাধারণত থানায় রুজু করা হয়। আর যেগুলো নন কগনিজেবল অপরাধ সেগুলো আমরা আদালতে রুজু করি। কিন্তু এরপরও তিনি (ওসি) কেন মামলা নেননি এটা তিনিই ভালো বলতে পারবেন। খায়রুল হাসান আরও বলেন, মানুষ বিপদে পড়ে থানায় যায়। আমরাও সে কারণে গিয়েছিলাম। কিন্তু থানা থেকে আমাদের অভিযোগ গ্রহণ না করে, তাৎক্ষণিকভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করে, আদালতে গিয়ে মামলা করার কথা বলে তিনি বেরিয়ে যান।

# পানি চেয়েও সময়মতো পাইনি : মাহিয়া মাহি

**বিনোদন ডেস্ক:** পুলিশের করা ডিজিটাল নিরাপত্তা আইন এবং জমি দখল ও মারধরের দুই মামলাতে জামিনে মুক্তি পেয়েই সংবাদ সম্মেলন করছেন চিত্রনায়িকা মাহিয়া মাহি। সংবাদ সম্মেলনে অন্তঃসত্ত্বা বলার পরও পানি চেয়ে প্রায় এক ঘণ্টা পরে পেয়েছেন জানিয়ে পুলিশের বিরুদ্ধে নির্যাতনের অভিযোগ এনেছেন ঢাকাই সিনেমার চিত্রনায়িকা মাহিয়া মাহি। শনিবার (১৮ মার্চ) রাতে জামিনে মুক্তি পেয়ে ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের তেলিপাড়া এলাকায় ফেরেশতা নামক একটি রেস্টুরেন্টে সংবাদ সম্মেলনে এ দাবি করেন তিনি।

মাহি জানান, গ্রেফতারের পর থেকে পুলিশ তাকে নানাভাবে নির্যাতন করেছে। অন্তঃসত্ত্বা বলার পরও পানি চেয়ে প্রায় একঘণ্টা পানি দেয়নি। তবে কারাগারের ভেতরে জেলারসহ অন্যরা তার সঙ্গে খুব মানবিক ব্যবহার করেছেন বলে জানান তিনি।



এ সময় মাহিয়া মাহি তার স্বামীর জমি সংক্রান্ত বিষয়ে গাজীপুর মেট্রোপলিটন পুলিশ কমিশনার মোল্ল্যা নজরুল ইসলামের ভূমিকা নিয়ে সমালোচনা করেন। তবে ফেসবুক লাইভে দেড় কোটি টাকার বিষয়ে তিনি সঠিক ব্যাখ্যা দিতে পারেননি।

গণমাধ ্যমকর্মীদের কাছে দুঃখ প্রকাশ করে চিত্রনায়িকা বলেন, 'সামাজিক যোগাযোগ মাধ্যমে পুলিশের একজন ঊর্ধ্বতন কর্মকর্তাকে নিয়ে লাইভ করার বিষয়টি তার উচিত হয়নি। তবে, দেয়ালে পিঠ থেকে যাওয়ার কারণেই তিনি এমনটা করেছেন।' সেই সঙ্গে তিনি শঙ্কা প্রকাশ করে বলেন, তার সঙ্গে যেমন আচরণ করা হয়েছে, রকিব সরকার (মাহির স্বামী) দেশে আসলে তাকে নানাভাবে নির্যাতন ও হয়রানি করা হবে।'

আইনের প্রতি শ্রদ্ধাশীল জানিয়ে মাহি বলেন, 'আমি শুধু একজন ব্যক্তির (গাজীপুর মেট্রোপলিটন পুলিশ কমিশনার মোল্ল্যা নজরুল ইসলাম) বিরুদ্ধে কথা বলেছি, পুরো পুলিশ বাহিনীর বিরুদ্ধে বলিনি। পুলিশ প্রশাসনের বিরুদ্ধে যাইনি।'

সংবাদ সম্মেলনে তাদের বিরুদ্ধে হওয়া দুটি মামলার সুষ্ঠু তদন্তের দাবি জানান মাহি। সংবাদ সম্মেলনে তার আইনজীবী ও স্বজনরা উপস্থিত ছিলেন।

**মাহির লাইভ ভিডিও, গ্রেফতার ও মুক্তি:** এর আগে গাজীপুর জেলা কারাগারের জেল সুপার মো. আনোয়ারুল করিম বলেন, জামিনের কাগজ-পত্র যাচাই-বাছাই শেষে শনিবার সন্ধ্যা সাড়ে ৭টায় গাজীপুর জেলা কারাগার থেকে মাহি মুক্তি পান। সৌদি আরব থেকে ওমরাহ শেষে সকালে দেশে ফেরার পর বিমানবন্দরে চিত্রনায়িকা মাহিয়া মাহিকে গ্রেফতার করে পুলিশ। পরে দুপুর দেড়টার দিকে তাকে গাজীপুরের আদালতে তোলা হলে কারাগারে পাঠানোর আদেশ দেন মহানগর হাকিম মো. ইকবাল হোসেন। তবে সন্ধ্যায় অন্তঃসত্ত্বা এই চিত্রনায়িকার জামিনের আদেশ দেন একই বিচারক। সাড়ে পাঁচ ঘণ্টা কারাবাসের পর রাতে তার তিনি মুক্তি পান। জেল থেকে বের হয়ে মাহিয়া মাহি গাজীপুরের ভোগড়া চান্দনা চৌরাস্তা এলাকায় স্বামী রাকিব সরকারের বাসায় গেছেন বলে জানা গেছে।

এর আগে শুক্রবার (১৮ মার্চ) তাদের বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা দুটি করে গাজীপুর মেট্রোপলিটন পুলিশ। ওই দিন রাতে বাসন থানার উপপরিদর্শক (এসআই) রোকন মিয়া বাদী হয়ে এ মামলা করেন। এ ছাড়া জমিদখলের অভিযোগে তাদের বিরুদ্ধে হুকুমের আসামি করে আরও একটি মামলা করেন স্থানীয় বাসিন্দা ইসমাইল হোসেন।

স্বামীর সঙ্গে ওমরাহ পালন করতে যান মাহি। শুক্রবার ভোরে সৌদি আরবের মক্কা শহর থেকে ফেসবুক লাইভে তার স্বামী রাকিব সরকারের 'সানিরাজ কার প্যালেস' নামে গাড়ির শোরুম ভাঙচুর ও হামলার অভিযোগ করেন।

এ সময় মাহি ফেসবুক লাইভে বলেন, ভাওয়াল বদরে আলম সরকারি কলেজের পূর্ব পাশে 'সনিরাজ কার প্যালেস' নামে তার স্বামীর একটি গাড়ির শোরুম রয়েছে। সেখানে দুর্বৃত্তরা হামলা করেছে। তারা শোরুমের গেট ভেঙে ভেতরে ঢুকে আসবাব, দরজা-জানালা, টেবিল-চেয়ার ভাঙচুর করছে। শোরুমের সাইনবোর্ড খুলে ফেলেছে। অফিসকক্ষ তছনছ করে টাকাপয়সা লুট করে নিয়ে গেছে। তাদের প্রতিপক্ষ ইসমাইল ওরফে লাদেন ও মামুন সরকারের নেতৃত্বে লোকজন নিয়ে ওই শোরুম দখল করে নিচ্ছে। আর এই কাজে সহযোগিতা করেছেন জিএমপি কমিশনার মোল্যা নজরুল ইসলাম।


তিনি অভিযোগ করেন, পুলিশ কমিশনার নজরুল ইসলাম প্রতিপক্ষের কাছ থেকে দেড় কোটি টাকা 'ঘুষ' নিয়ে বিনিময়ে তাদের গাড়ির শোরুম দখল করে দিচ্ছেন। ২৫ মিনিটের বেশি সময়ে ফেসবুক লাইভে তিনি লোকজনকে ডেকে আনেন এবং পুলিশ কমিশনার মোল্লা নজরুল ইসলামকে ব্যক্তিগত আক্রমণ করে বিভিন্ন কথা-বার্তা বলেন। এ সময় মাহির স্বামী রাকিব সরকার পাশেই ছিলেন। এর পর তিনি ফেসবুকে বেশ কয়েকটি পোস্ট করেন এই হামলা নিয়ে।

মাহি ফেসবুক লাইভে এও বলেন, তিনি দেশে ফিরে শনিবার বিকাল ৫টার দিকে ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ সংলগ্ন 'সানিরাজ কার প্যালেসে' সংবাদ সম্মেলন করে এ ঘটনার বিস্তারিত জানাবেন।

এদিকে শনিবার দুপুরে মোল্লা নজরুল ইসলাম তার কার্যালয়ের কনফারেন্স হলে প্রেস ব্রিফিং করে উল্লেখিত বিষয় নিশ্চিত করে বলেন, চিত্রনায়িকা মাহিয়া তার ফেসবুক লাইভে পুলিশের বিরুদ্ধে মিথ্যাচার ও আমাকে জড়িয়ে ব্যক্তিগত বিষোদগার করেছেন। যা কখনো মেনে নেওয়া যায় না। তিনি আরও বলেন, মাহিয়া মাহির স্বামী রাকিব সরকারের বিরুদ্ধে ইতোপূর্বে খুন, ধর্ষণ ও অস্ত্র আইনের মতো গুরুতর অভিযোগে তিনটি মামলার ফাইনাল রিপোর্ট প্রদান করা হয়েছে। বিষয়গুলো খতিয়ে পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

# স্বামীর মামলায় ফেঁসে যাচ্ছেন শ্রাবন্তী!

**বিনোদন ডেস্ক:** ভারতীয় বাংলা সিনেমার জনপ্রিয় অভিনেত্রী শ্রাবন্তী চট্টোপাধ্যায় মনের মানুষ খুঁজে পেতে জড়িয়েছেন একাধিক বিয়েতে। এর পরও পাননি পছন্দের হৃদয়ের মানুষ। তবে তৃতীয় স্বামী রোশান সিংকে যেন জীবন থেকে সরাতেও পারছেন না শ্রাবন্তী।



বিয়ের এক বছর ঘোরার পরেই আলাদা হয়ে যান শ্রাবন্তী রোশান। কিন্তু এখনো পর্যন্ত আইনি বিচ্ছেদ হয়নি তাদের। আদালতে বিবাহবিচ্ছেদের মামলা চলছে দুজনের। যদিও সেই মামলার নিস্পত্তি হয়নি এখনো। এর মধ্যেই স্বামীর করা আরেক মামলায় উল্টো ফেঁসে যেতে পারেন শ্রাবন্তী।

গণমাধ্যমসূত্র জানায়, সাবেক স্ত্রীর বিরুদ্ধে শিয়ালদহ আদালতে 'রেস্টিটিউশন অব কনজুগাল রাইটস'এ মামলা করেছেন রোশান। যদি স্বামী বা স্ত্রী কোনো সঙ্গত কারণ ছাড়াই বাড়ি ছেড়ে বা দাম্পত্য সম্পর্ক ছেড়ে চলে যান তা হলে অপরজন এ মামলা করতে পারেন।

রোশানের অভিযোগ, শ্রাবন্তী নাকি কোনো সঙ্গত কারণ ছাড়াই তাকে ছেড়ে চলে গেছেন। এ ক্ষেত্রে রোশান যদি মামলায় জয়ী হন তা হলে আদালতের নির্দেশে আবারও সাবেক স্বামীর কাছেই ফিরতে বাধ্য থাকবেন শ্রাবন্তী।

এর আগে রোশান জানিয়েছিলেন, তাদের পরিবারে বিয়ে ভাঙার চল নেই। তিনি শ্রাবন্তীকেই আবার ফেরত চান।

যদিও স্বামীর বিরুদ্ধে গিয়ে বিচ্ছেদের মামলা করেন শ্রাবন্তী। সেই সঙ্গে রোশানের থেকে ভরণপোষণ চেয়েছেন তিনি। মঙ্গলবার খোরপোষের মামলায় অন্তর্বর্তীকালীন স্থগিতাদেশ জারি করেছেন আদালত। কারণ শ্রাবন্তীর বিরুদ্ধে অপর একটি মামলা চলছে।

ভারতীয় দন্ডবিধির ৩৪০ ধারায় পারজারি অর্থাৎ হলফনামা দিয়ে আদালতে মিথ্যা সাক্ষী দেওয়ার জন্য অভিনেত্রীর বিরুদ্ধে মামলা করেছিলেন রোশান। খোরপোষের মামলায় স্থগিতাদেশ জারি করলেও মিথ্যা



# আমার স্বপ্ন পূরণ হলো সাকিব

**স্পোর্টস ডেস্ক:** ক্রিকেটার সাকিব আল হাসানের ক্রিকেট ক্যারিয়ার অনেক সাফল্যে মোড়ানো। তার নামের পাশে এবার গ্র্যাজুয়েট শব্দ যুক্ত হলো। আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (এআইইউবি) থেকে ব্যাচেলর অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (বিবিএ) ডিগ্রি সম্পন্ন করেছেন বাঁহাতি এ অলরাউন্ডার।

পড়াশোনার আঙিনায় আনুষ্ঠানিক ডিগ্রি পেয়ে আপ্লুত সাকিব সমাবর্তন বক্তৃতায় বললেন তার গর্বের কথা।

তিনি বলেন, অনেক বছর হয়েছে আমার ক্রিকেট খেলার, তখনো আম্মা যখন ফোন করত, জিজ্ঞেস করত যে পড়াশোনার কী অবস্থা। আজকে আমি খুবই খুশি, খুবই আনন্দিত ও গর্বিত যে, অবশেষে আমার স্বপ্ন একটা পূরণ হলো। খেলার মাঠে হয়তো বেশি কিছু অর্জন আছে আমার, তবে এটা সবসময় আমার স্বপ্ন ছিল।

সাকিব বলেন, যখন আপনারা স্বপ্ন দেখবেন, স্বপ্নটা বড় দেখবেন। লক্ষ্য নির্ধারণ করে সততার সঙ্গে কাজ করবেন, আমি নিশ্চিত আপনাদের সবার স্বপ্ন পূরণ হবে। আমরা সবাই বাংলাদেশকে সামনে এগিয়ে নিয়ে যাব।

তবে এটার জন্য তাকে অপেক্ষা করতে হয়েছে ১৪ বছর। সেই ২০০৯-২০১০ সেশনে এই বিশ্ববিদ্যালয়ের ব্যাচেলর অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনে ভর্তি হয়েছিলেন সাকিব। ক্রিকেটের মাঠে দাপুটে পথচলার কারণে প্রাতিষ্ঠানিক শিক্ষার পথে সেভাবে এগোতে পারেননি। অবশেষে দীর্ঘ পথ পেরিয়ে তিনি বিবিএ সম্পন্ন করলেন।

আয়ারল্যান্ডের বিপক্ষে দলকে জেতানোর পর দিন ঢাকায় আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশের ২১তম সমাবর্তনে উপস্থিত হন তিনি। গ্র্যাজুয়েটদের তালিকায় তার নাম দেখা যায় 'খন্দকার সাকিব আল হাসান' হিসেবে।

আগের দিন ম্যাচ খেলা বাংলাদেশ দলের কোনো আনুষ্ঠানিক কার্যক্রম নেই এ দিন। এই ফাঁকে সাকিব পৌঁছে যান সমাবর্তনে।



# ১৮৩ রানের রেকর্ড জয় পেল বাংলাদেশ

**বিনোদন ডেস্ক:** রেকর্ড গড়া ম্যাচে রেকর্ড রানে জয় পেল বাংলাদেশ। আয়ারল্যান্ডের বিপক্ষে তিন ম্যাচের ওয়ানডে সিরিজের প্রথম খেলায় ৩৩৮/৮ রান করে ১৮৩ রানের বিশাল জয় পেয়েছে টাইগাররা। রানের দিক থেকে এটাই বাংলাদেশের সর্বোচ্চ রানে জয়ের রেকর্ড।

শনিবার সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে ব্যাটিংয়ে নেমে সাকিব আল হাসান (৯৩), তৌহিদ হৃদয় (৯২), ও মুশফিকুর রহিমের (৪৪) ব্যাটিং তান্ডবে ৮ উইকেট হারিয়ে ৩৩৮ রানের পাহাড় গড়ে বাংলাদেশ। টার্গেট তাড়া করতে নেমে পেসার এবাদত হোসেন, বাঁ-হাতি স্পিনার নাসুম আহমেদ, পেসার তাসকিন আহমেদ ও সাকিবের বোলিং নৈপুণ্যে আইরিশদের ৩০.৫ ওভারে ১৫৫ রানে অলআউট করে বাংলাদেশ। এদিন ওয়ানডে ক্রিকেটে সর্বোচ্চ ৩৩৮ রানের রেকর্ড গড়ে বাংলাদেশ। এর আগে ২০১৫ সালে পাকিস্তানের বিপক্ষে মিরপুর শেরেবাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে ৬ উইকেটে ৩২৯ রান করেছিল টাইগাররা।

শনিবার (১৮ মার্চ) বাংলাদেশের রেকর্ড রান তাড়া করতে নেমে উড়ন্ত সূচনা করে আয়ারল্যান্ড। কোনো উইকেট না হারিয়ে ৬০ রান করা আইরিশ দলটি এরপর মাত্র ১৬ রানের ব্যবধানে ৫ উইকেট হারিয়ে ম্যাচ থেকে কার্যত ছিটকে যায়।

দলকে ব্রেকথ্রু উপহার দেন সাকিব আল হাসান। তার শিকার হয়ে ফেরেন স্টিপেন ডোহেনি। এরপর জোড়া আঘাত হানেন পেসার এবাদত হোসেন। তার শিকার হয়ে ফেরেন পল স্টারলিং ও হ্যারি টাকার। এরপর আয়ারল্যান্ড শিবিরে আঘাত হানেন পেসার তাসকিন আহমেদ। তার জোড়া শিকারে পরিণত হন অ্যান্ড্রুবালবির্নি ও লোকান টাকার।

কার্টিস ক্যাম্পারকে এলবিডব্লি করে ফেরান বাঁহাতি স্পিনার নাসুম আহমেদ। ক্যাম্পারের মতো গ্যারেথ ডেনলিকেও একই ভাবে ফেরান নাসুম। অষ্টম ব্যাটসম্যান হিসেবে অ্যান্ডি ম্যাকব্রিনকেও ফেরান নাসুম। আর নবম ব্যাটসম্যান হিসেবে মার্ক আদিরকে ফেরান এবাদত হোসেন। তার বিদায়ে ২৯ ওভারে ১৪৪ রানে ৯ম উইকেট হারায় আয়ারল্যান্ড।

শেষ ব্যাটসম্যান হিসেবে গ্রাহাম হিউমকে সাজঘরে ফিরিয়ে দলের জয় নিশ্চিত করেন এবাদত। ঘরের মাঠে প্রথম আন্তর্জাতিক ম্যাচ খেলতে নেমে ৬.৫ ওভারে ৪২ রানে ৪ উইকেট শিকার করেন এবাদত।

হিউমের বিদায়ে প্রথম ওয়ানডেতে ৩৩৯ রানের টার্গেটে তাড়ায় ৩০.৫ ওভারের ১৫৫ রানে অলআউট হয় আয়ারল্যান্ড। ১৮৩ রানের রেকর্ড জয় পায় টাইগাররা। রানের দিক থেকে এটাই বাংলাদেশের সর্বোচ্চ রানের জয়ের রেকর্ড।



# 'বিতর্কিত' সাকিব দেশের সম্পদ

**স্পোর্টস ডেস্ক:** ব্যাটে বলের নৈপূণ্যে বিশ্বসেরা অলরাউন্ডার সাকিব আল হাসান। কিন্তু একের পর এক শৃঙ্খলা ভঙের কারণে বিতর্ক যেন তার পিছু ছাড়ছেই না। ইংল্যান্ডের বিপক্ষে সদ্য শেষ হওয়া টি-টোয়েন্টি সিরিজ শেষে এক দিনের জন্য দুবাই সফরে গিয়ে একটি স্বর্ণের দোকান উদ্বোধন করেন সাকিব।

গোয়েন্দা পুলিশ অবশ্য সাকিবকে সেখানে যাওয়ার ব্যাপারে আগেই সতর্ক করেছিল। সেই সর্তক বার্তাকে আমলে না নিয়ে স্বর্ণের দোকান উদ্বোধন করতে যান সাকিব। সেই দোকানের মালিক রবিউল ইসলাম ওরফে আরাভ খান পুলিশ হত্যা মামলার পলাতক আসামি। যে কারণে বিতর্কিত হন বিশ্বসেরা এই অলরাউন্ডার।

সাকিবের বিতর্কিত এই ইস্যু নিয়ে বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি)ক্রিকেট পরিচালনা বিভাগের প্রধান জালাল ইউনুস বলেছেন, এ ঘটনার এক দিন পরই সিরিজ শুরু হয়ে গেছে। আইসিসির মিটিংয়ের জন্য বোর্ডের সভাপতি ও সিইও বিদেশ সফরে আছেন, ওনারা এলে আলাপ-আলোচনা করে ঠিক করব কী করা যায়।

বিসিবির এই পরিচালক আরও বলেন, আমাদের শৃঙ্খলা কমিটি আছে। ওনারা যদি মনে করেন এখানে কোনো কিছু তদন্ত দরকার, তাহলে তারা দেখবেন। পুরোপুরি তদন্ত না করে মন্তব্য করা ঠিক হবে না।

বিসিবির ক্রিকেট পরিচালনা বিভাগের প্রধান আরও বলেন, সাকিব শুধু বিসিবিরই সম্পদ নয়,দেশের সম্পদ। তাকে দেখাশোনা করা আমাদের দায়িত্ব।

# বিতর্কিত সাকিবকে নিয়ে যা জানাল বিসিবি




**স্পোর্টস ডেস্ক:** সাকিব আল হাসানকে আগেই সতর্ক করেছিল গোয়েন্দা পুলিশ। কিন্তু সেই সতর্ক বার্তাকে আমলে না নিয়ে ইংল্যান্ড সিরিজ শেষে একদিনের জন্য দুবাই গিয়ে একটি স্বর্ণের দোকান উদ্বোধন করেন সাকিব। সেই দোকানের মালিক রবিউল ইসলাম ওরফে আরাভ খান পুলিশ হত্যা মামলার পলাতক আসামি। যে কারণে বিতর্কিত হন বিশ্বসেরা এই অলরাউন্ডার।

সাকিবের বিতর্কিত এই ইস্যু নিয়ে বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি)ক্রিকেট পরিচালনা বিভাগের প্রধান জালাল ইউনুস বলেছেন, এ ঘটনার এক দিন পরই সিরিজ শুরু হয়ে গেছে। আইসিসির মিটিংয়ের জন্য বোর্ডের সভাপতি ও সিইও বিদেশ সফরে আছেন, ওনারা এলে আলাপ-আলোচনা করে ঠিক করব কী করা যায়।

বিসিবির এই পরিচালক আরও বলেন, আমাদের শৃঙ্খলা কমিটি আছে। ওনারা যদি মনে করেন এখানে কোনো কিছু তদন্ত দরকার, তাহলে তারা দেখবেন। পুরোপুরি তদন্ত না করে মন্তব্য করা ঠিক হবে না।





LAW OFFICE

এসাইলাম, বিনিয়োগ ও বিয়ের মাধ্যমে
গ্রীনকার্ড; স্টপ ডিপোর্টেশন;ক্রিমিনাল,
ডিভোর্স,বাড়ীর ভায়োলেশন রিমোভ,
রিয়েল এস্টেট,ট্যাক্স সমস্যার সমাধান,
ফোরক্লোজার স্টপ ও হার্ড ক্যাশ লোন।
এক্সিডেন্ট/পার্সোনাল ইনজুরী।

Rafi : 917-432-7458



# যুক্তরাষ্ট্রে সিলিকন ব্যাংকের পতন ও অর্থ খাতের শিক্ষা

॥ বিরূপাক্ষ পাল ॥

১৯৮৩ সালে ক্যালিফোর্নিয়া রাজ্যের সান্টা ক্লারা নগরীতে এসভি ব্যাংকের জন্ম।
মার্কিন মুলুকে প্রায় ৪ হাজার ৫০০ ব্যাংকের মধ্যে এসভি বেশ তাড়াতাড়ি ১৬তম স্থান দখল করে।
এসভি ব্যাংক ধসের পেছনে আসল কারণ একটিই। ঝুঁকি অনুধাবনের অক্ষমতা।

ইতিমধ্যে সরকারি নীতিনির্ধারকেরা আশ্বস্ত করেছেন যে আমেরিকার ব্যাংক ধসে বাংলাদেশের জন্য দুশ্চিন্তার কারণ নেই।

মার্চের ১০ থেকে ১২ তারিখের মধ্যে বিশ্বের বৃহত্তম অর্থনীতিতে টপাটপ দুটি মাঝারি মাপের আঞ্চলিক ব্যাংক ধসে পড়ল।প্রথমে ক্যালিফোর্নিয়ার সিলিকন ভ্যালি ব্যাংক বা এসভি ব্যাংক এবং তারপর নিউইয়র্কের সিগনেচার ব্যাংক। এ কয়েক দিনে যুক্তরাষ্ট্রের শেয়ারবাজারে শুধু ব্যাংক খাত ১০০ বিলিয়ন ডলার বাজার মূলধন হারাল, ইউরোপ ৫০ বিলিয়ন, বিশ্ব প্রায় ৪০০ বিলিয়ন।

এটা হলো কীভাবে? বিশেষত যুক্তরাষ্ট্রের মতো এমন দেশে যেখানে নিয়ন্ত্রক সংস্থাগুলো এত শাণিত, সজাগ ও জ্ঞান-নির্ভর। দ্বিতীয় কথা, এ থেকে শিক্ষা নেওয়ার কী আছে? একি ২০০৮ সালের মতো আরেক বৈশ্বিক সংকটের উদ্বোধনী সংগীত? বাংলাদেশের মতো অর্থনীতির জন্য কোনো সতর্ক বার্তা আছে কি? নাকি বাংলাদেশ আর্থিক স্থিতিশীলতার মাপে যুক্তরাষ্ট্রকে পেছনে ফেলে দিয়েছে?

এই শেষ প্রশ্নটির উত্তর যদি 'হ্যাঁ' বানিয়ে দিতে পারি, তাহলে স্বদেশের কয়েকজন মন্ত্রী বা কর্তাব্যক্তির আগামী কয়েক দিনের ভাষণের ভালো খোরাক দিতে পারব বলে মনে হয়। তাঁদের কয়েকজন ইতিমধ্যে বাংলাদেশ যে বেশ কয়েকটি সূচকে আমেরিকা ও ইংল্যান্ডকে পেছনে ফেলে দিয়েছে–সে কথা 'নির্বোধ' আমজনতাকে বুঝিয়ে ফেলেছেন। এর সঙ্গে আরেকটি মাপকাঠি যুক্ত হলে বৃহস্পতি তুঙ্গে। তাই প্রথমে দেখা দরকার, এসভি ব্যাংক বলা নেই কওয়া নেই হঠাৎ কেন ডুবল।

যুক্তরাষ্ট্রে দুটি ব্যাংকে ধস নেমেছে। এ ঘটনায় বিশ্বজুড়েই ব্যাংক খাত নিয়ে চলছে নানা আলোচনা। সবাই সতর্ক হয়ে গেছে। এ ঘটনায় বাংলাদেশের কী শিক্ষা নেওয়ার আছে, সেটিও এখন আলোচনার বিষয়।

১৯৮৩ সালে ক্যালিফোর্নিয়া রাজ্যের সান্টা ক্লারা নগরীতে এসভি ব্যাংকের জন্ম এবং ঠিক ৪০ বছর পর তার মৃত্যু। কিন্তু সেটির জীবন বর্ণাঢ্য। টেক স্টার্ট আপ বা প্রযুক্তির ছোটখাটো ব্যবসা যাঁরা শুরু করতে চান, তাঁদের প্রাণভোমরা এই ব্যাংক। কোনো দুই নম্বর কাজে জড়িত ছিল না।

বড় বড় টেক কোম্পানির তেলে মাথায় তেল দিত না; বরং প্রযুক্তি উদ্ভাবক ছোট উদ্যোক্তাকে দাঁড় করিয়ে দিত ঋণ দিয়ে–যা ছিল অনেক ব্যাংকের কাছে এক শিক্ষণীয় দৃষ্টান্ত। ওদের প্রায় ৯০ ভাগ খদ্দেরই ছিল প্রযুক্তি ও ভেঞ্চার ক্যাপিটালের বাসিন্দা। এগুলোর রাখা আমানত ২০২০ সালে ছিল ৬২ বিলিয়ন ডলার, যা ২০২২ সালে প্রায় তিন গুণ বেড়ে হয়েছে ১৭৫ বিলিয়ন ডলার।

**মার্চের ১০ থেকে ১২ তারিখের মধ্যে বিশ্বের বৃহত্তম অর্থনীতিতে টপাটপ দুটি মাঝারি মাপের আঞ্চলিক ব্যাংক ধসে পড়ল। প্রথমে ক্যালিফোর্নিয়ার সিলিকন ভ্যালি ব্যাংক বা এসভি ব্যাংক এবং তারপর নিউইয়র্কের সিগনেচার ব্যাংক। এ কয়েক দিনে যুক্তরাষ্ট্রের শেয়ারবাজারে শুধু ব্যাংক খাত ১০০ বিলিয়ন ডলার বাজার মূলধন হারাল, ইউরোপ ৫০ বিলিয়ন, বিশ্ব প্রায় ৪০০ বিলিয়ন।**

এ থেকে বোঝা যায় ব্যাংকটি টেকপ্রেমী উদ্যোক্তাদের কাছে বেশ প্রিয় হয়ে উঠেছিল। মার্কিন মুলুকে প্রায় ৪ হাজার ৫০০ ব্যাংকের মধ্যে এসভি বেশ তাড়াতাড়ি ১৬তম স্থান দখল করে। অ্যাসেট বা সম্পদ দাঁড়ায় ২০৯ বিলিয়ন ডলারে–যার বিপরীতে ১৭৫ বিলিয়ন ডলারের দায় থাকা মোটেও দুর্বলতার লক্ষণ নয়। কিন্তু আপাত সবলতার মধ্যেও যে দুর্বলতা লুকিয়ে থাকে, তা এসভি ব্যাংকের কাহিনি সবাইকে মনে করিয়ে দেয়। এ যেন রাজার বাড়ি নিমন্ত্রণ খেতে গিয়ে পদপিষ্ট হয়ে দুর্ভাগা যুবকের অকালমৃত্যু।

ব্যাংক ধসের কারণ

এসভি ব্যাংক ধসের পেছনে আসল কারণ একটিই। ঝুঁকি অনুধাবনের অক্ষমতা। দেহের ভেতরে উচ্চ রক্তচাপ থাকলে তা যেমন বাইরে থেকে অনেক সময় বোঝা যায় না। হঠাৎ করেই জলজ্যান্ত মানুষটি চলে গেল–সে রকম ব্যাপার ঘটেছে। ভালো চিকিৎসক দেখানো হয়নি। গত আট মাস এসভি ব্যাংকে রিস্ক অ্যাসেসমেন্ট অফিসার ছিলেন না। তাই ঝুঁকির সঠিক মূল্যায়ন হয়নি। আপাতদৃষ্টিতে স্থিতিপত্র বা ব্যালেন্স শিট ভালো ছিল।

আমানত সঞ্চয়কারীদের জন্য সম্পদ হলেও ব্যাংকের জন্য তা দায়। সে রকম ১৭৫ বিলিয়ন ডলার দায়ের বিপরীতে এসভি ব্যাংক প্রায় সমপরিমাণ যুক্তরাষ্ট্রের সরকারি সিকিউরিটিজ বা বন্ড কিনেছিল, যা বিশ্বের মধ্যে সবচেয়ে নিরাপদ। তবে সেগুলোর অধিকাংশই কেনা হয়েছিল কোভিডের কালে, যখন বন্ডের ওপর সুদ ছিল প্রায় শূন্যের কাছাকাছি। কোভিডকালে প্রযুক্তি ফার্মগুলো তাদের বর্ধিত আয় দুই হাতে জমাতে থাকে এসভি ব্যাংকে।

সে সময় শেয়ারবাজার অনিশ্চিত থাকায় এসভি ব্যাংক প্রায় সব আমানত সরকারি বন্ডে ঢেলে দেয়। সেটি সময়োপযোগী সিদ্ধান্ত হলেও পরের সম্পূর্ণ পরিবর্তিত প্রেক্ষাপটে বিনিয়োগ পোর্টফোলিওতে যে পরিবর্তন আনতে হবে–সে কথা খুব একটা ভাবেননি ব্যাংকের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) গ্রেগ বেকার। ভাবলেও বন্ডগুলোর বাজারদর ভালো ছিল না বিধায় ওগুলোর পক্বতা দিবস বা ম্যাচিউরিটি ডেট পর্যন্ত অপেক্ষা করছিলেন অনেকটা নিশ্চিন্ত ভঙ্গিতে। সেটিই তার কাল হলো। ১০ মার্চ রাত পোহাবার আগেই শত শত ব্যাংক কর্মীর কপাল খেয়ে গ্রেগ বেকার নিজেও বেকার হয়ে গেলেন।

**শুরুতে ভুল কোথায়**

সম্পদ ও দায়ের সময়সীমার অসামঞ্জস্যতা ফাইন্যান্সের এক অন্যতম সমস্যা। স্বল্পমেয়াদি আমানতের টাকা দিয়ে দীর্ঘমেয়াদি বিনিয়োগ করলে যেকোনো কোম্পানি তারল্যের সংকটে পড়বেই। এটি বাংলাদেশের ব্যাংকগুলো অহরহ করছে এবং পার পেয়ে যাচ্ছে। কারণ, এ থেকে সৃষ্ট খেলাপি ঋণ সরকারের প্রশ্রয়ে ছাইচাপা আগুন হয়ে বেঁচে আছে। এসভি ব্যাংক এই 'মিসম্যাচ' ক্রমাগত চালিয়ে গেছে।

করোনা-পরবর্তী উত্তরণের সময় নিয়োগ বাড়ে, বেতন বাড়ে, যা অর্থনীতিতে চাহিদা জাগিয়ে দ্রব্যমূল্য বাড়ায়। ওদিকে জোগানবিঘ্নতার কারণেও বাজারে দাম বাড়ে। এ দুইয়ের চাপে উন্নত দেশ তো বটেই, এমনকি পৃথিবীর সব দেশে মূল্যস্ফীতি বাড়ে। রাশিয়ার স্বৈরাচারী নেতা পুতিনের আকস্মিক ইউক্রেন আক্রমণে বিশ্বব্যাপী তেল, গ্যাস ও শস্যের দাম বাড়ায় মূল্যস্ফীতির আগুনে ঘৃতাহুতি দেওয়া হয়। সব মিলিয়ে মূল্যস্ফীতির চাপে টেক কোম্পানিগুলো তাদের সঞ্চয় ভাঙার কাজে নেমে পড়ে। এসভি ব্যাংকের আমানতে চাপ বাড়ায় ওরা ওদের দীর্ঘমেয়াদি বিনিয়োগের অংশ তথা বন্ড পক্কতা পূর্ণ হওয়ার আগে সেকেন্ডারি বাজারে বেচতে বাধ্য হয় এবং সেখান থেকেই ক্ষতির অশনিসংকেত ভেসে আসে।

মার্চের ৮ তারিখ বুধবার জানা গেল, ব্যাংকটি প্রায় দুই বিলিয়ন ডলার ক্ষতি করেছে সিকিউরিটিজ বিক্রি করতে গিয়ে। ২০৯ বিলিয়ন ডলারের ব্যাংক তার সম্পদের শতকরা ১ ভাগেরও নিচে লোকসান করলে তা পুষিয়ে নেওয়া যায়। কিন্তু ইন্টারনেট ও দ্রুত যোগাযোগের জগৎ এসভির জন্য দুর্দশা ডেকে আনল। বৃহস্পতিবার টাকা তোলার ধুম। আতঙ্কগ্রস্ত খদ্দেররা সবাই এক গোয়ালের বাসিন্দা। জানাজানি হয়ে গেল। পাগলের মতো তাঁরা সব টাকা তুলে নিলেন। ব্যাংক থেকে উধাও ৪২ বিলিয়ন ডলার মেটাতে গিয়ে মাত্র ২৪ ঘণ্টার মধ্যেই ধসে পড়ল সিলিকন ভ্যালি ব্যাংক।

**'ব্যাংক রান'**

এসভি ব্যাংকের কপালে যা ঘটল, এককথায় বলা হয় 'ক্ল্যাসিক্যাল ব্যাংক রান'–যেটি ঘটেছিল ত্রিশের মহামন্দার সময়। সবাই যখন (বাকি অংশ ৩১ পাতায়)









# যুক্তরাষ্ট্রে সিলিকন ব্যাংকের

একযোগে টাকা তোলার উন্মাদনায় মাতেন, তখন মন্দ ব্যাংক তো দূরের কথা, ত্রিভুবনের সবচেয়ে ভালো ব্যাংকটিও ধসে যাবে মাত্র ৩২ ঘণ্টায়। কারণ, ব্যাংকের কাজ আর্থিক মধ্যস্থতা। পরের ধনে পোদ্দারির মন্ত্রে ওরা সঞ্চয় সংগ্রহ করে উদ্যোক্তাকে ঋণ দেয়। ব্যাংকগুলো জানে, সব সঞ্চয়কারী একসঙ্গে টাকা তুলতে আসেন না। তাই কিছু টাকা হাতে রেখে ব্যবসা চালায়। একে বলে তারল্য ব্যবস্থাপনা। কিন্তু দৈবাৎ যদি প্রায় সবাই টাকা তুলতে আসে, তাহলে যেকোনো ব্যাংক লাটে উঠতে বাধ্য–এটিই 'ব্যাংক রান'।

**উদ্ধারকারীরা**

১০ মার্চ শুক্রবার সকালেই এসভি ব্যাংক অক্কা লাভ করার পর যুক্তরাষ্ট্রের নিয়ন্ত্রক সংস্থা ফেডারেল ডিপোজিট ইনস্যুরেন্স করপোরেশন বা এফডিআইসি এর পূর্ণ নিয়ন্ত্রণ গ্রহণ করে। এরপর ফেডারেল রিজার্ভের চেয়ার জেরোমি পাওয়েল ও ট্রেজারি সেক্রেটারি বা অর্থমন্ত্রী জেনেট ইয়েলেন আমানতকারীদের আশ্বস্ত করেন যে তারা সবাই টাকা ফেরত পাবেন।

প্রেসিডেন্ট বাইডেন জানান যে আমেরিকার অর্থনীতির 'ফান্ডামেন্টালস' বা মৌলিক ভিত শক্ত অবস্থায় আছে। ভীত হওয়ার কারণ নেই। এদিকে কংগ্রেসের আর্থিক খাতের কমিটি অর্থমন্ত্রীকে জেরা করার জন্য ডেকে পাঠালেন ক্যাপিটাল হিলে। এসভি ব্যাংকের সিইও এবং পরিচালনা পর্ষদের বিরুদ্ধে কিছু মামলা জমা হয়ে গেছে। বিচার হবে। বাংলাদেশের খেলাপি মামলার মতো ২৪ বছর ঝুলে থাকবে না। প্রেসিডেন্ট নির্দেশ দিয়েছেন দায়ী পরিচালক ও কর্মকর্তাকে খুঁজে বের করতে। আইন অনুযায়ী শাস্তি হবে।

**বন্ড বিক্রি ক্ষতিতে কেন**

ধরা যাক, তিন বছর আগে প্রযুক্তি ব্যাংক খুব কম সুদ দেয়, এমন সরকারি বন্ড কিনেছে, যার নাম 'শান্তি বন্ড'। ওটা ছিল ডিসকাউন্ট বন্ড যা পাঁচ বছর মেয়াদ পূর্ণ করলে ১০০ ডলার পেত ২০২৫ সালে। কম সুদ হওয়ায় ধরি ওটা কেনা হয়েছিল ৯৫ ডলারে, যা এখন ৯৮ ডলার বাজারদর পাওয়ার কথা সেকেন্ডারি মার্কেটে। ইতিমধ্যে মূল্যস্ফীতি মোকাবিলায় ফেডারেল রিজার্ভ দফায় দফায় নীতি সুদহার বাড়িয়েছে, যা করোনাকালের প্রায় শূন্য সুদহার থেকে বেড়ে প্রায় ৫ ভাগে উঠেছে। ফলে ২ বছর মেয়াদি সরকারি ডিসকাউন্ট বন্ডেরও আজকের বাজারদর হয়ে গেছে ৯৪ ডলার, যার নাম শক্তি বন্ড। ওটারও ২০২৫ সালে পরিপক্ব মূল্য হবে ১০০ ডলার। ধরা যাক, শক্তি বন্ডের মালিক বণিক ব্যাংকেরও নগদ অর্থ দরকার। তাই ওরাও এসেছে সেকেন্ডারি বাজারে বন্ড বেচতে। শক্তি বন্ডের বাজারদর ৯৫ ডলার হওয়ায় কেউ শান্তি বন্ড কিনতে চাইছে না। শান্তি বন্ডের মালিক নগদ অর্থের প্রয়োজনে বাধ্য হয়ে ওর বন্ডও ৯৫ ডলারে বেঁচে দিল।

এতে ওর হিসাবে লোকসান হলো ৩ ডলার। বিলিয়ন ডলার বেচতে গেলে এই সামান্য ক্ষতিও বড় ক্ষতি হয়ে যায়। তা থেকেই প্রযুক্তি ব্যাংক প্রায় দুই বিলিয়ন লোকসান গুনেছে। সেটিও সে কাটিয়ে উঠতে পারত। কিন্তু গ্রাহকদের ক্রমবর্ধমান আতঙ্কের দাবানলে এক দিনেই ব্যাংক থেকে উঠে গেল ৪২ বিলিয়ন। এত নগদ টাকা তো ভল্টে থাকে না। তাই ধসে গেল পুরো রাজত্ব।

**বাংলাদেশে ব্যাংক খাতের শিক্ষা**

ইতিমধ্যে সরকারি নীতিনির্ধারকেরা আশ্বস্ত করেছেন যে আমেরিকার ব্যাংক ধসে বাংলাদেশের জন্য দুশ্চিন্তার কারণ নেই। কথাটা ঠিক। কারণ, নেংটার নেই বাটপারের ভয়। এখানে ব্যাংক খাতের 'সর্বাঙ্গে ব্যথা, ওষুধ দেব কোথা।' এখানে ভুয়া বিনিয়োগকারী ভৌতিক অ্যাকাউন্ট দিয়ে কোটি টাকা তুলে নেয় ও বিদেশে পাচার করেন। না বিচার হয় খেলাপির কিংবা পাচারকারীর। ব্যাংক যখন ডুবতে বসে, তখন সরকার উদ্ধার করে। মন্ত্রীরা যুক্তি দেন–খোদ আমেরিকায় সরকার ব্যাংক উদ্ধার করে। আমরা করব না কেন?

এসডি ব্যাংকের ঘটনা আর বাংলাদেশের অন্য ১০টা ক্যানসার আক্রান্ত ব্যাংকের অবস্থা কোনোভাবেই এক নয়। এসভি ব্যাংক পরিবারকেন্দ্রিক পরিচালকবেষ্টিত কোনো গ্রাম্য দোকান নয়, ওটা থেকে পরিচালক বা তাঁদের খালাতো ভাইয়েরা অনামেবেনামে লুটপাট করেননি, ওটা ভুয়া ঋণ দেয়নি, ওটার বিনিয়োগ বিশ্বের সবচেয়ে নিরাপদ, যদিও টার্ম মিসম্যাচ করা হয়েছে–ওটার নেট ওয়ার্থ অর্থাৎ সম্পদ বিয়োগ দায়ের অঙ্ক আকস্মিক বিদায় দিবস পর্যন্তও ছিল ধনাত্মক।

এসব বিবেচনা থেকেই এফডিআইসি এসভি ব্যাংকের দায়িত্ব মাথায় তুলে নিয়েছে। মূল লক্ষ্য আমানতকারী গ্রাহকস্বার্থ সংরক্ষণ ও আর্থিক স্থিতিশীলতা ধরে রাখা। ঋণ যাঁরা নিয়েছেন, তাঁদের তা কড়ায়-গন্ডায় শোধ করতে হবে। রাত-রাতি খেলাপি বনে যাওয়া যাবে না। ঋণের সামান্য অংশ জমা দিয়েই 'শুদ্ধ দেশপ্রেমী' বা নীতিনির্ধারক সাজার সুযোগ করে দেবেন না অর্থমন্ত্রী জেনেট ইয়েলেন। লেখক: যুক্তরাষ্ট্রের স্টেট ইউনিভার্সিটি অব নিউইয়র্ক অ্যাট কোর্টল্যান্ডে অর্থনীতির অধ্যাপক

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস
(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)

একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।
ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।
Authorized e-file PROVIDER
Electronic Filing & Direct Deposit 2021 For Accurate Faster & Secure Refund
প্রফেশনাল করসপন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজ্যুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিস্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিস্ট্রেশন
দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।
অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা। শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা
"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা
যোগাযোগ করুন : এম এ কাইয়ুম
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন : ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী

SHEIKH SALIM
Attorney at Law
Accident Cases,
Medical Malpractice
& Legal Malpractice
এটর্নী আপনার বাসায় যাবেন, ইভিনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ
- কনস্ট্রাকশন দুর্ঘটনা
- ভুল চিকিৎসা
- ত্রুটিপূর্ণ পণ্য ক্রয়
- স্ক্যাফোল্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা
- মটর গাড়ি দুর্ঘটনা
- অ্যাসবেস্টস থেকে ক্ষতি
- লেড বিষ সম্বন্ধীয়
- কাজের সময় দুর্ঘটনা
- মিনিমাম ওয়েজ বা ওভারটাইম না পাওয়া
- বার্থ রিলেটেড ইনজুরি
- পিছলে পড়া, হোঁচট খাওয়া
- যে কোন ধরনের ইমিগ্রেশন কেস
এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি
Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC
Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

Wasi Choudhury & Associates LLC
আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?
SERVICES
- Represent Taxpayers for I.R.S./ State Audit
- Tax Preparation:
Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- Accounting:
Payroll, Sales Tax, etc.
- Business Licenses
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।
ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন
Wasi Choudhury, EA
Admitted to practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক
Member: naea e-file
প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইনক এর সদস্য পদ গ্রহণ / নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার অনুরোধ রইল।

37-22, 61 Street, 1st Fl, Woodside, NY 11377 Tel: 718-205-3460, 718-440-6712, Fax: 718-205-3475, e-mail: wasichoudhury@yahoo.com

**Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!**



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

# ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও
Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

**UNITED TRAVELS INC.**

37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030

নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন

After office Please Con **Abdul Latif Bhuiyan Cell: 646-**



Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।

বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো
এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels

# কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ








সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates SAUDIA ETIHAD KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

নিরাপত্তা ও বিশ্বস্ততার প্রতীক

SE CI

# সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইনক

**SONALI EXCHANGE CO. INC.**

(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE NY DFS, NJ DB&I, MI DIFS, GA DB&F and MD OCFR



## বাংলাদেশের স্বাধীনতা লক্ষ প্রাণের দান

মহান স্বাধীনতার এই মাসে
সকল বীর শহীদদের প্রতি

## আমাদের বিনম্র শ্রদ্ধা

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

| | | | | |
|---|---|---|---|---|
| ASTORIA 718-777-7001 | ATLANTA 770-936-9906 | BROOKLYN 718-853-9558 | JACKSON HTS 718-507-6002 | BRONX 718-822-1081 |
| JAMAICA 347-644-5150 | MANHATTAN 212-808-0790 | MICHIGAN 313-368-3845 | OZONE PARK 347-829-3875 | PATERSON 973-595-7590 |

আমাদের সার্ভিস নিন – আপনাকে সেবা করার সুযোগ দিন

## কমে যাচ্ছে ব্যাংক মুনাফা

# নানা সুযোগ সুবিধা দিয়েও ঋণ আদায় বাড়ছে না

**ঢাকা ডেস্ক:** ঋণ নবায়নের সুযোগ দেয়া হয়েছে। দেয়া হয়েছে সুদহারের ছাড়। নানা সুযোগ-সুবিধা পেতে ঋণ নিয়ে ফেরত দিচ্ছেন না এক ধরনের সক্ষম গ্রাহক। আবার বড় কিছু ব্যবসায়ী গ্রুপ ব্যাংক থেকে টাকা নিচ্ছে। কিন্তু ওই অর্থও ফেরত দিচ্ছে না। এ দিকে ঋণের সুদহার বেঁধে দেয়া হয়েছে। বলা হয়েছে, ঋণের সর্বোচ্চ সুদহার ৯ শতাংশের বেশি আদায় করা যাবে না।

অন্য দিকে মূল্যস্ফীতির চাপে গ্রাহক আর আগের মতো সঞ্চয় করতে পারছেন না। বিদ্যমান আমানত অনেকেই ভেঙে খাচ্ছেন। এতে আমানত প্রবাহ কমে গেছে। আর এ কারণে তহবিল ব্যবস্থাপনা চাপে পড়ে গেছে। এ চাপ সামলাতে তহবিল সংস্থান ব্যয় বেড়ে গেছে। সবমিলে ব্যাংক ও ব্যাংকবহির্ভূত আর্থিক প্রতিষ্ঠানগুলোর মুনাফার হার কমে যাচ্ছে। অনেকেই মুনাফার ধারাবাহিকতা রক্ষা করা তো দূরের কথা, সম্ভাব্য লোকসান ঠেকানো নিয়েই ব্যস্ত হয়ে পড়েছেন। কথাগুলো বলছেন দেশের প্রথম জেনারেশনের একটি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক। নাম প্রকাশ না করার শর্তে, তিনি বলেন, সরকার ব্যাংক ঋণের সুদহার ৯ শতাংশ বেঁধে দিয়েছে। এর ফলে ব্যাংকগুলো আমানতের সুদহার কমিয়ে ছিল। কিন্তু সরকার ঘোষণা অনুযায়ীই মূল্যস্ফীতি যেখানে ৯ শতাংশের কাছাকাছি উঠেছে, সেখানে আমানতের সুদহার গ্রাহকের কাছে ৬ শতাংশ কোনোভাবেই গ্রহণযোগ্য হচ্ছে না। আর এ কারণেই ঘাটতি মেটাতে অনেকেই আমানত ভেঙে খাচ্ছেন। আবার ঋণের অর্থও কাক্সিক্ষত হারে ফেরত আসছে না। এতে ব্যাংকগুলোর বিদ্যমান তহবিল সঙ্কট কাটছে না। আর এ তহবিল সঙ্কট মেটাতে ব্যাংকগুলোর প্রধান নির্বাহীদের নানা ধরনের দুশ্চিন্তা করতে হচ্ছে। এ সুযোগে আপদকালীন সঙ্কট মেটাতে কেন্দ্রীয় ব্যাংক যে ধার দেয় তার সুদহার বাড়িয়ে দিয়েছে। তিনি আক্ষেপ করে বলেন, ঋণের সুদহার যেখানে সর্বোচ্চ ৯ শতাংশ, সেখানে বাংলাদেশ ব্যাংক থেকে রেপোর মাধ্যমে ধার নিতে ব্যয় করতে হচ্ছে ৬ শতাংশ আর বিশেষ রেপোর মাধ্যমে ধার করতে ব্যয় করতে হয়েছে গত বৃহস্পতিবারে সর্বোচ্চ ৯ শতাংশ। আবার আন্তঃব্যাংক মুদ্রাবাজার থেকেও কাক্সিক্ষত হারে অর্থ পাওয়া যাচ্ছে না। ১৬ মার্চ এক দিনের জন্য ধার নিতে সর্বোচ্চ ব্যয় করতে হয়েছে সাড়ে ৭ শতাংশ, চার দিনের জন্য ৮ দশমিক ৬০ শতাংশ এবং সাত দিনের জন্য সর্বোচ্চ ব্যয় করতে হয়েছে ৯ শতাংশ পর্যন্ত। এতে তহবিল ব্যবস্থাপনা ব্যয় বেড়ে যাওয়ায় ব্যাংকগুলোর মুনাফা যে সামনে কমে যাবে এটা নিশ্চিত। অনেককেই লোকসানে পড়তে হবে।

বাংলাদেশ ব্যাংকের পরিসংখ্যান থেকে দেখা যায়, গত জানুয়ারিতে ঋণ ও আমানতের সুদহারের পার্থক্য বা ব্যাপ্তি কমে নেমেছে ২.৯৫ শতাংশ এবং ব্যাংকবহির্ভূত আর্থিক প্রতিষ্ঠানে তা ১.১৪ শতাংশ।

বাংলাদেশ ব্যাংকের পরিসংখ্যান থেকে দেখা যায়, গত ডিসেম্বরে দেশের ব্যাংকিং খাতে আমানতের প্রবৃদ্ধি যেখানে হয়েছিল ৫ দশমিক ৬৭ শতাংশ সেখানে ঋণের প্রবৃদ্ধি হয়েছিল ১২ দশমিক ৮৯ শতাংশ। তবে প্রকৃত আমানত হিসেবে নিলে তা ঋণাত্মক হয়ে যাবে। কারণ বিদ্যমান যে পরিমাণ আমানত রয়েছে তার সাথে বছর শেষে ৬ শতাংশ আমানতের সুদহার হিসেবে নিলে প্রকৃত আমানত ঋণাত্মক হয়ে যায়। আমানত কমে যাওয়ার কারণ হিসেবে ব্যাংকাররা জানিয়েছেন, বাজারে প্রতিটি পণ্যের দামই বেড়ে গেছে। বলা চলে সাধারণের নাগালের বাইরে চলে গেছে। শুধু সরকারের হিসেবেই মূল্যস্ফীতি ৯ শতাংশের কাছাকাছি রয়েছে। অথচ আমানতের সুদহার ছিল ৬ শতাংশ। এর কারণ হিসেবে ব্যাংকাররা জানিয়েছেন, ব্যাংক ঋণের সুদহার ২০২০ সালের এপ্রিলে থেকে এক অংক অর্থাৎ সর্বোচ্চ ৯ শতাংশ সীমা নির্ধারণ করে দেয় সরকার। সেই থেকে ঋণের সুদহার ৯ শতাংশের মধ্যেই রয়েছে। আর এ ৯ শতাংশ সুদহার বাস্তবায়ন করতে গিয়ে আমানতের সুদহার ৬ শতাংশ নামিয়ে আনা হয়। মূল্যস্ফীতির চাপে পড়ে এখন সাধারণ আমানতকারীরা ব্যাংকে নতুন করে সঞ্চয় করতে পারছেন না। বরং বিদ্যমান আমানত ভেঙে খাচ্ছেন। এ কারণেই আমানতের প্রবাহ কমে যায়। এ পরিস্থিতিতে আমানতের সুদহার অনেক ব্যাংক বাড়িয়ে দিচ্ছে। তবে ঋণের সর্বোচ্চ সুদহার বিবেচনায় নিয়ে তা বেশি বাড়ানো সম্ভব হচ্ছে না। তবে অনেক ব্যাংক তা ৮ শতাংশের কাছাকাছি নিয়ে এসেছে। কিন্তু ঋণের সর্বোচ্চ সুদহার ৯ শতাংশ থাকায় প্রকৃত মুনাফা কমে যাচ্ছে। এভাবেই ব্যাংকগুলো চাপে যাচ্ছে বলে ব্যাংকাররা জানিয়েছেন।

এদিকে মূল্যস্ফীতি বেড়ে যাচ্ছে। এতে মানুষ অভাবের তাড়নায় ব্যাংক থেকে আমানত তুলে ভেঙে খাচ্ছেন। এর প্রভাব পড়েছে সামগ্রিক আমানতের ওপর। এরই মধ্যে আমানত কমে গেছে। আমানত প্রবাহ বাড়াতে বাংলাদেশ ব্যাংকের সিদ্ধান্ত ছিল, তিন মাসের গড় মূল্যস্ফীতি যেটা হবে, আমানতের সুদহার তার চেয়ে কম হবে না। বর্তমানে মূল্যস্ফীতির হার ৯ শতাংশের ঘরে রয়েছে কয়েক মাস ধরে। এমন প্রেক্ষাপটে শুধু ভোক্তা ঋণের ওপর বিদ্যমান ৯ শতাংশ ঋণ সুদহারের সাথে সর্বোচ্চ ২ শতাংশ বেশি সুদ নেয়ার ওাঁসুযোগ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। এমন নির্দেশনা বাংলাদেশ ব্যাংক মৌখিকভাবে দিলেও বাণিজ্যিক ব্যাংকগুলোকে এখনো লিখিতভাবে দেয়া হয়নি। অর্থনীতিবিদরা মনে করছেন, আমানতের সুদহার বাড়ানো হলে আমানত প্রবাহ আবারো ঘুরে দাঁড়াবে। কিন্তু আপত্তি হয়ে দাঁড়ায় ব্যবসা ব্যয়। আমানতের সুদহার কাক্সিক্ষত হারে বাড়ানো যাচ্ছে না। কারণ ঋণের সর্বোচ্চ সুদহার ৯ শতাংশই বহাল রয়েছে।

সরকার এক সাথে শিল্পে ব্যবহৃত গ্যাসের দাম প্রায় ২০০ শতাংশ বাড়িয়েছে। গত দুই মাসে তিনবার বিদ্যুতের দাম বাড়ানো হয়েছে। এর আগে প্রায় ৫০ শতাংশ জ্বালানি তেলের দাম বাড়ানো হয়েছিল। সাথে স্থানীয় মুদ্রা টাকার বিপরীতে ডলারের দাম বেড়ে যাচ্ছে। গত বছর প্রতি ডলার পেতে যেখানে ৮৬ টাকা ব্যয় করতে হতো, এখন আমদানিতে ১১০ টাকা ও এর বেশি অর্থ ব্যয় করতে হচ্ছে। সাথে রয়েছে রশিয়া-ইউক্রেন যুদ্ধ। আবার ডলার সঙ্কটের কারণে প্রয়োজনীয় পণ্যের এলসি খুলতে পারছেন না উদ্যোক্তারা। স্টিল, সিরামিকসসহ বেশ কিছু শিল্পের কাঁচামাল আমদানি বলা চলে গত কয়েক মাস ধরে বন্ধই রয়েছে। সব মিলেই ব্যবসায়ীদের ব্যবসা-ব্যয় আকাশমুখী হয়েছে। এমনি পরিস্থিতিতে অনেক শিল্পকারখানার উৎপাদন সক্ষমতার ৫০ শতাংশও ব্যবহার করা যাচ্ছে না। অনেকেরই লোকসানের ধকল সামলাতে না পেরে ব্যবসা-বাণিজ্য বন্ধ করে দেয়ার উপক্রম হয়েছে। এমনি পরিস্থিতিতে অনেক ভালো উদ্যোক্তাও ব্যাংকের টাকা পরিশোধ করতে পারছেন না। আবার কেন্দ্রীয় ব্যাংকের নীতিমালা শিথিলের কারণে অনেক সক্ষম উদ্যোক্তাও ব্যাংকের ঋণ পরিশোধে এক ধরনের অনীহা দেখাচ্ছে বলে ব্যাংকাররা জানিয়েছেন। কিছু বড় ব্যবসায়ী গ্রুপ ব্যাংক থেকে নামে বেনামে ঋণ নিচ্ছেন। কিন্তু ওই ঋণ আবার নানা কৌশলে নিয়মিত রাখছেন, পরিশোধ করছেন না। সবমিলেই ঋণ আদায় কমে গেছে।

ব্যাংকাররা জানিয়েছেন, একদিকে তহবিল ব্যবস্থাপনা ব্যয় বেড়ে যাচ্ছে, অপরদিকে আদায় কমে যাওয়ায় ও ঋণের সুদহার নির্ধারিত সীমার মধ্যে ধরে রাখায় মুনাফা কমে যাচ্ছে। এ পরিস্থিতি অপরিবর্তিত থাকলে সামনে ব্যাংকগুলোর মুনাফায় বড় ধরনের নেতিবাচক প্রভাব পড়বে। যেটুকু মুনাফা হবে, খেলাপি ঋণ বেড়ে যাওয়ায় তার বড় একটি অংশ প্রভিশন সংরক্ষণ করতেই ব্যয় হয়ে যাবে। এটা ব্যাংকের জন্য মোটেও স্বস্তিদায়ক হবে না বলে তারা মনে করছেন।

## সিপিডিএস'র সেমিনারে অভিমত

# সংবিধানের ওপর আস্থার জন্য দরকার সুষ্ঠু নির্বাচন

**ঢাকা ডেস্ক:** সেন্টার ফর পিস অ্যান্ড ডেভেলপমেন্ট স্টাডিজ (সিপিডিএস) আয়োজিত এক সেমিনারে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইনের অধ্যাপক আসিফ নজরুল বলেছেন, সংবিধানের ওপর আস্থার জন্য দরকার সুষ্ঠু নির্বাচন। তিনি উল্লেখ করেন, বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্রে বলা হয়েছে, এ দেশের জনগণের ভোটাধিকার মানা হয়নি দেখে পাকিস্তান ভেঙে এই দেশ গঠন করা হয়েছে। '৭২-এর সংবিধানের প্রকৃত আকাক্সক্ষা হচ্ছে প্রকৃত জনপ্রতিনিধির হাতে ক্ষমতা থাকবে। অবাধ নির্বাচন হবে। দেশের কল্যাণের জন্য সাচ্চা জনপ্রতিনিধিরা দেশ শাসন করবে। কোনো দুর্নীতিবাজকে প্রশ্রয় দেয়ার জন্য, বৈষম্য করার জন্য, ব্যাংকের টাকা লুটপাট করা বা সম্পদ পাচার করার জন্য অথবা বিচারবহির্ভূত হত্যাকান্ডের জন্য এ দেশ স্বাধীন হয়নি। শনিবার জাতীয় প্রেস ক্লাবে সিপিডিএস-এর উদ্যোগে 'সংবিধানে জনগণের আস্থা ফিরিয়ে আনা' শীর্ষক সেমিনারে অধ্যাপক আসিফ নজরুল মূল বক্তব্য উপস্থাপন করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সিপিডিএসের সভাপতি ও সিনিয়র সাংবাদিক মোস্তফা কামাল মজুমদার আর সঞ্চালনা করেন সংগঠনটির নির্বাহী সভাপতি জাহাঙ্গীর চৌধুরী। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন, সাবেক রাষ্ট্রদূত সাকিব আলী, সাবেক বিচারক ও সংবিধান বিশেষজ্ঞ ইতকতিদার আহমেদ, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি অধ্যাপক ড. আবদুল লতিফ মাসুম। অধ্যাপক আসিফ নজরুল বলেন, সুষ্ঠু নির্বাচনের মাধ্যমে জনপ্রতিনিধি বাছাই এবং দুর্নীতির প্রতিকারের মাধ্যমে সংবিধানের ওপর মানুষের আস্থা ফিরিয়ে আনতে হবে। সংবিধানের মূল নীতিগুলোর পরিপন্থী সব কাজ পরিহার করাই হবে সত্যিকারের এই দলিলের প্রতি আনুগত্য প্রদর্শন।

অধ্যাপক আসিফ বলেন, আমাদের বুঝতে হবে প্রশ্নবিদ্ধ নির্বাচনের মাধ্যমে গণতন্ত্র হয় না, অপরাধীদের বিচারের আওতায় না আনা এবং দুর্নীতির বিস্তার সমাজতন্ত্রের মূল নীতির সাথে যায় না। একইভাবে ধর্মনিরপেক্ষতার আচরণ সব ধর্মগোষ্ঠীর সাথে একই রকম হওয়া উচিত।

ঢাকায় পুলিশ হত্যার আসামি রবিউল ইসলাম দুবাইয়ে আরাভ খান নামে সোনার বড় ব্যবসায়ী বনে যাবার আলোচিত ঘটনা প্রসঙ্গে অধ্যাপক আসিফ নজরুল বলেন, এই ঘটনায় পুলিশের সাবেক একজন বড় কর্মকর্তার নাম শোনা যাচ্ছে। কিন্তু ভয়ে সেই নাম তারা মুখে আনতে পারছেন না। এতেই বোঝা যায় দেশে বাকস্বাধীনতার কী অবস্থা।







# বাংলাদেশী মেডিকেল গ্রুপ



**ডাঃ আতাউল ওসমানি**
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

**ডাঃ ফেরদৌস খন্দকার**
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

| Brooklyn | Jackson Heights |
|---|---|
| 20 Arlington Place | 70-17 37th Avenue |
| (Across the Fulton St.) | (Betw. 70 & 71st Street) |
| (Betw. Bedford & Nostrand Ave) | East Side of BQ Express Way |
| Brooklyn, NY 11216 | Jackson Heights, NY 11372 |
| Tel: 718-363-0100 | Tel: 718-363-0100 |
| Fax: 718-636-0112 | Fax: 718-636-0112 |

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

# BISMILLAH
## HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET

বিসমিল্লাহ হালাল লাইভ পোল্ট্রি, মিট এন্ড ফিস মার্কেট




New Price

**বিশাল মূল্যহ্রাস**

রেড/ব্লাক চিকেন $3.25/lb

১০টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ৩টি ফ্রি
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
৩টি হার্ড চিকেন $12.99 (১টি রোস্ট হার্ড চিকেন ফ্রি)



প্রতিদিন জবেহ করা হালাল মাংসের মধ্যে রয়েছে-
রেগুলার গোট $4.49/lb বেবি গোট $6.49/lb

বিমানে আসা তাজা মাছসহ আমাদের এখানে পাবেন লাইভ ফিস
এছাড়াও আমাদের এখানে সুলভ মূল্যে পাওয়া যাবে বাংলাদেশের যাবতীয় ব্র্যান্ডের মাছ

বোয়াল, আইড়, কোরাল, পাবদা, স্টার বাইন, লং বাইন, চিতল, কাতলা, বাছা ও শোল



| | |
|---|---|
| লাইভ তেলাপিয়া | $3.49 lb |
| লাইভ বাফেলো | $3.49 lb |
| আমেরিকান ইলিশ | $1.99 lb |
| দেশী রুই | $1.79 lb |
| Herring Fish (চাপিলা মাছ) | $2.49 lb |
| Porgy | $1.49 lb |

লাইভ ক্যাটফিশ, স্যামন, স্ট্রাইপ বাস, শীবাস, পোর্গি, হাঁস, চিংড়ি, বাংলাদেশী বড় চিংড়ি এবং ইলিশ মাছ

স্পেশাল

| | |
|---|---|
| [illegible] | $ 17.99 |
| [illegible] | $ 17.99 |
| [illegible] | $ 9.99 |
| [illegible] | $ 18.99 |
| [illegible] | $ 13.99 |
| [illegible] | $ 12.99 |

ফ্রি ডেলিভারী
মিনিমাম ৫০ ডলার

EBT & Foodstamp

Open 7 Days: 8:00am to 7:30pm
Direction: R, Q, V train to Northern Blvd

37-15, 55th Street, Woodside, NY 11377 (Bet. 37&38 Ave)
718.205.7200 917.295.4011

# ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



## কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
## লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (স্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি স্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

**All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.**

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com




# অস্কারে এশিয়ার জয়জয়কার

**বিনোদন ডেস্ক:** গত ১৩ মার্চ বাংলাদেশ সময় ভোর ৬টায় যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলেসের ডলবি থিয়েটারে বসে ৯৫তম অস্কার আসর। চলচ্চিত্রের সম্মানজনক এই পুরস্কার আসরে যোগ দেন হলিউড তারকাদের পাশাপাশি বিভিন্ন দেশের তারকাশিল্পী, কলাকুশলীরা। রেড কার্পেট থেকে শুরু করে নানা আয়োজনে যেমন চমক দেখিয়েছেন অস্কার আয়োজকরা, তেমনি পুরস্কার অর্জনেও চমক দেখিয়েছে 'এভরিথিং এভরিহোয়্যার অল অ্যাট ওয়ান্স'। সেরা অভিনেত্রী, সেরা সিনেমাসহ মোট সাতটি পুরস্কার নিজের করে নিয়েছে সিনেমাটি। এছাড়া এবারের আসরে সবার চোখ কপালে তুলে দিয়েছে ভারতীয় দুই সিনেমা। সেরা তথ্যচিত্র শর্ট ক্যাটাগরিতে পুরস্কার নিজের করে নিয়েছে ভারতের 'দ্য এলিফ্যান্ট হুইসপার্স' এবং সেরা মৌলিক গানের পুরস্কার জিতে নিয়েছে 'আরআরআর' সিনেমার 'নাটু নাটু' গানটি। যা ভারতীয় সিনেমার ইতিহাসে রীতিমতো রেকর্ড বলা চলে। 'দ্য এলিফ্যান্ট হুইসপার্স' সিনেমাটি প্রযোজনা করেছেন গুনিত মোঙ্গা এবং পরিচালনা করেছেন কার্তিকী গঞ্জালভেস। মানুষ ও হাতির মিষ্টি সম্পর্ক নিয়ে স্বল্পদৈর্ঘ্য তথ্যচিত্রটি নির্মিত হয়েছে। এই দুই নারীর হাত ধরেই তামিল ভাষায় নির্মিত এই তথ্যচিত্রের অস্কার জয় নিয়ে উচ্ছ্বাস প্রকাশ করেছেন দেশটির প্রধানমন্ত্রীসহ তারকা-কুশলীরা। পাশাপাশি প্রথম এশীয় হিসেবে অস্কারে সেরা অভিনেত্রীর পুরস্কার জিতেছেন মিশেল ইয়েয়োহ। 'এভরিথিং এভরিহোয়্যার অল অ্যাট ওয়ান্স' সিনেমায় তার অনবদ্য অভিনয়ের জন্য সেরার মুকুট পরলেন এই অভিনেত্রী।

এছাড়াও এবারের আসরে সেরা অভিনেতার পুরস্কার ঘরে তুলেছেন ব্রেন্ডন ফ্রেজার (দ্য হোয়েল), সেরা পার্শ্বঅভিনেতা কে হুই কুয়ান (এভরিথিং এভরিহোয়্যার অল অ্যাট ওয়ান্স), সেরা পার্শ্বঅভিনেত্রী জ্যামি লি কার্টিস (এভরিথিং এভরিহোয়্যার অল অ্যাট ওয়ান্স), সেরা পরিচালক ড্যানিয়েল কুয়ান ও ড্যানিয়েল স্নেইনার্ট (এভরিথিং এভরিহোয়্যার অল অ্যাট ওয়ান্স), সেরা মৌলিক আবহ সংগীত, অল কোয়াইট অন দ্য ওয়েস্টার্ন ফ্রন্ট, সেরা কস্টিউম ডিজাইন ব্যাক প্যান্থার : ওয়াকান্ডা ফরএভার, সেরা মেকআপ ও হেয়ারস্টাইল দ্য হোয়েল, সেরা মৌলিক চিত্রনাট্য এভরিথিং এভরিহোয়্যার অল অ্যাট ওয়ান্স, সেরা অ্যাডাপ্টেড চিত্রনাট্য উইমেন টকিং, সেরা সাউন্ড :টপ গান ম্যাভেরিক, সেরা চলচ্চিত্র সম্পাদনা : এভরিথিং এভরিহোয়্যার অল অ্যাট ওয়ান্স, সেরা প্রোডাকশন ডিজাইন অল কোয়াইট অন দ্য ওয়েস্টার্ন ফ্রন্ট, সেরা ভিজ্যুয়াল ইফেক্টস অ্যাভাটার : দ্য ওয়ে ওব ওয়াটার, সেরা আন্তর্জাতিক চলচ্চিত্র অল কোয়াইট অন দ্য ওয়েস্টার্ন ফ্রন্ট, সেরা অ্যানিমেটেড ফিচার গুইলারমো ডেল টরো'স পিনোশিও : গুইলারমো ডেল টরো, মার্ক গুস্তাফসন, গ্যারি উঙ্গার ও অ্যালেক্স বাল্কলে, সেরা তথ্যচিত্র ফিচার নাভালনি, সেরা লাইভ অ্যাকশন শর্ট অ্যান আইরিশ গুডবাই, সেরা তথ্যচিত্র শর্ট দ্য এলিফ্যান্ট হুইসপার্স এবং সেরা অ্যানিমেটেড শর্ট পুরস্কার ঘরে তুলেছে দ্য বয়, দ্য মোল, দ্য ফক্স অ্যান্ড দ্য হর্স।

# 'নাটু নাটু' নাচলে আমার হার্টঅ্যাটাক হয়ে যেত : সাইফ আলি



**বিনোদন ডেস্ক:** এবার দুটি অস্কারে ভাগ বসাল ভারত। দক্ষিণের ইন্ডাস্ট্রির কৃতিত্ব হলেও গর্ব হচ্ছে বলিউড অভিনেতা সাইফ আলি খানের। 'আরআরআর' সিনেমা এবং 'দ্য এলিফ্যান্ট হুইস্পারার্স'-এর মতো স্বল্পদৈর্ঘ্যের তথ্যচিত্র নিয়ে উচ্ছ্বাস প্রকাশ করলেন তিনিও। তবে 'আরআর-আর'-এর 'নাটু নাটু' গানটিকে আগে কি ততটা গুরুত্ব দিয়েছিলেন? সাইফ আলি জানালেন, গানের কোরিওগ্রাফি এমনই, তিনি নিজে নাচতে গেলে হার্টঅ্যাটাক হয়ে যেত!

গত ১২ মার্চ লসঅ্যাঞ্জেলেসের ডলবি থিয়েটারে গোটা বিশ্ব দেখেছে 'নাটু নাটু'র জাদু। কম্পোজার এমএম কিরাবানির এই গান অস্কার মঞ্চে গেয়েছেন গায়ক রাহুল সিপলিগঞ্জ ও কালা ভৈরব। গানের তালে পা মিলিয়েছেন আমেরিকান-ভারতীয় নৃত্যশিল্পী লরেন গটলিয়েব। সঙ্গ দিয়েছেন আরও একঝাঁক শিল্পী। সেই দেখে থ সাইফ।

তিনি বলেন, উন্মাদের মতো নাচের মুদ্রা! অসাধারণ উপস্থাপনা। অনবদ্য! অর্ধ তালে দক্ষিণ ভারতের ইন্ডাস্ট্রি যে অবিশ্বাস্য কোরিওগ্রাফি তৈরি করেছে, তাকে আমি কুর্নিশ জানাই। আমি নাচতে গেলে হার্টঅ্যাটাক হয়ে যেতাম!

বর্তমানে স্ত্রী কারিনা কাপুর এবং দুই ছেলে তৈমুর আর জাহাঙ্গীরকে নিয়ে ছুটি কাটাচ্ছেন সাইফ আলি। কাজের ব্যস্ততার ফাঁকে একটু জিরিয়ে নেওয়াই উপলক্ষ্য। তার মধ্যেই অস্কারের আনন্দ ভাগ করে নিলেন সংবাদমাধ্যমের সঙ্গে।

# পুতিনের সমালোচককে নিয়ে নির্মিত প্রামাণ্যচিত্র পেল অস্কার পদক



**বিনোদন ডেস্ক:** রাশিয়ার প্রধান বিরোধীদলীয় নেতা অ্যালেক্সি নাভালনিকে বিষ প্রয়োগের বিষয় নিয়ে তৈরি করা একটি প্রামাণ্যচিত্র অস্কার জিতেছে। কারাগারে তাকে বিষ প্রয়োগের বিষয়টি নিয়ে এ প্রামাণ্যচিত্রটি অস্কারে সেরা ডকুমেন্টারি ফিচার হিসেবে পুরস্কার জিতে। কানাডার পরিচালক ড্যানিয়েল রোহার এ প্রামাণ্যচিত্র নির্মাণ করেন। অস্কার মঞ্চে উপস্থিত ছিলেন অ্যালেক্সি নাভালনির স্ত্রী ইউলিয়া নাভালনি। তিনি বলেন, তার স্বামীকে রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন অন্যায়ভাবে আটক করেছে। ইউক্রেনে পুতিন যুদ্ধাপরাধ করছে।

FAMILY DENTAL




আপনার পরিবারের সবার যাবতীয় দাঁতের চিকিৎসার জন্য এস্টোরিয়ায় রয়েছে আমাদের ডেন্টাল অফিস। আমরা সর্বাধুনিক চিকিৎসা সরঞ্জাম ব্যবহার করি। মেডিকেইড গ্রহণ করা হয়।

ডাঃ মোহাম্মদ নাঈম
ডাঃ ফেরদৌস হুসনে

Elmhurst Location
81-46 Baxter Ave.
Elmhurst, NY
#7 train to 82st. Station.
Tel: 718-478-1710

ARMAN CHOWDHURY, CPA

- INDIVIDUAL INCOME TAX RETURN
- BUSINESS TAX RETURN
- NON-PROFIT TAX RETURN
- ACCOUNTING & BOOKKEEPING
- RETIREMENT AND INVESTMENT PLANNING
- TAX RESOLUTION SPECIALIST
- ISLAMIC HOME FINANCING

সঠিক ও নির্ভুলভাবে ইনকাম ট্যাক্স ফাইল করা হয়



7 DAYS OPEN
AUTHORIZED e-file PROVIDER
718-475-5686
87-54 168TH STREET, SUITE 201, JAMAICA, NY 11432
Email: armancpa@gmail.com | www.armancpa.com
TO 169 STREET

# ভুল ভঙ্গিতে ঘুম নয়

(শেষের পাতার পর)

জানেন? চিকিৎসকদের মতে, ঘুমের সাথে যেমন স্বাস্থ্যের যোগ আছে, তেমনই কিভাবে ঘুমাচ্ছেন তা-ও সমান গুরুত্বপূর্ণ। ভুল ভঙ্গিতে ঘুমালে গোটা দেহের চাপ পড়ে ঘাড়ে ও কাঁধে। দীর্ঘ দিন ধরে এভাবে শোয়ার ফলে দেহের ওই অংশে যন্ত্রণা হওয়া অস্বাভাবিক নয়। বিশেষ করে এ অভ্যাসে মেরুদন্ড ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা বেশি।

চিত হয়ে ঘুমালে বাড়তে পারে ব্যথা

বেশির ভাগ মানুষই কিন্তু চিত হয়ে শুতে পছন্দ করেন। চিকিৎসকরা বলছেন, এভাবে শুলে ব্যথা কমার বদলে উল্টে আরো বাড়িয়ে দিতে পারে। তার চেয়ে মাথার তলায় যদি পাতলা একটি বালিশ নিয়ে শুতে পারেন, তা হলে ব্যথার উপশম হতে পারে।

**পাশ ফিরে ঘুমালে ব্যথার উপশম হতে পারে:** বহু চিকিৎসকই পাশ ফিরে শোয়ার পক্ষেই মত দেন। এক পাশ ফিরে ঘুমানোর অভ্যাস করলে হজমের সমস্যা এবং শ্বাসকষ্ট দুই-ই নিয়ন্ত্রণে থাকে। সমীক্ষায় দেখা গেছে, পাশ ফিরে শুয়ে ঘুমালে অন্তঃসত্ত্বা মহিলাদের রক্তসঞ্চালন ভালো রাখতে এবং অক্সিজেনের ঘাটতি পূরণ করতে সাহায্য করে।

# অনুষ্ঠান অনুস্মরনিকা

(শেষের পাতার পর)

পবিত্র রমজান উপলক্ষ্যে জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা'র ইফতার ও দোয়া মাহ-ফিল এবং বালাদেশের স্বাধীনতা দিবস পালন অনুষ্ঠান ২৬ মার্চ রোববার উডহ্যাভেন বুলেভার্ডস্থ জয়া পার্টি হলে। পবিত্র রমজান উপলক্ষ্যে বাংলাদেশ সোসাইটির কোরআন প্রতিযোগিতা, ইফতার ও দোয়া মাহফিল ২ এপ্রিল রোববার উডসাইডের তিব্বত কমিউনিটি সেন্টারে (৫২-১২ ৩২ এভিনিউ)।

পবিত্র রমজান উপলক্ষ্যে টাঙ্গাইল সোসাইটি ইউএসএ'র ইফতার ও দোয়া মাহফিল ১০ এপ্রিল সোমবার উডসাইডস্থ গুলশান ট্যারেসে।

সিলেট এমসি এন্ড গভ: কলেজ এলামনাই এসোসিয়েশন অব ইউএসএ'র ভোটার হওয়ার শেষ তারিখ ২৫ এপ্রিল মঙ্গলবার। লক্ষীপুর ডিষ্ট্রিক্ট এসোসিয়েশন ইউএসএ'র নির্বাচন ৩০ এপ্রিল রোববার সকাল ১০টা থেকে রাত ৮টা উডসাইডের মুন সুপার মার্কেট এন্ড গ্রীলে (৬৯-১১ উডসাইড এভিনিউ, উডসাইড, নিউইয়র্ক)।

রবীন্দ্র সম্মিলন পরিষদ ইউএসএ'র আয়োজনে উত্তর আমেরিকায় প্রথম দ্বি-বার্ষিক রবীন্দ্র উৎসব ০৬ ও ০৭ মে, শনি ও রোববার নিউইয়র্কের জ্যামাইকা পারফর্মিং আর্টস সেন্টারে।

বাংলাদেশ নটরডেম এলামনাই নর্থ আমেরিকা'র আন্তর্জাতিক সম্মেলন ৭ অক্টোবর শনিবার নিউইয়র্কের লাগোর্ডিয়া ম্যারিয়ট হোটেলে।

# বাড়ী ক্রয়ের প্রস্তুতি

(শেষের পাতার পর)

নূন্যতম জানা থাকা প্রয়োজন। তানাহলে আর্থিক ক্ষতির সমস্যা সহ নানা সমস্যায় পড়ার সমূহ সম্ভাবনা রয়েছে। একজন বাড়ীর মালিককে অন্তত ড্রিল মেশিন চালানোর যোগ্যতা থাকলেই তিনি বাড়ী ক্রয়ের জন্য প্রস্তুত বলেই ধরে নেয়া যায়। মনে রাখতে হবে ছোট-খাটো অনেক কাজ থাকে যা মালিক নিজেই করতে পারেন। তানাহলে একদিকে বাড়ীর যেমন সঠিকভাবে খাকবে না, তেমনী বাড়ীর মূল্যও কমে যাবে। হঠাৎ ঘরের তালা নষ্ট হয়ে যেতে পারে, বাথরুমে সমস্যা দেখা দিতে পারে। বৈদ্যতিক কানেকশনে সমস্যা দেখা দিতে পারে। ইত্যাদি ছোট-খাটো সমস্যাগুলো বড় সমস্যার সৃষ্টি করতে পারে। তাই সংশ্লিস্ট বাড়ীর মালিককে ছোট-খাটো কাজ নিজেকেই করতে হতে পারে। এক্ষেত্রে ইউটিউবের সাহায্য নেয়া যেতে পারে। প্রয়োজনে বন্ধু-বান্ধবের সাহায্য নেয়া যেতে পারে। তবে সর্বোত্তম হচ্ছে বাড়ী ক্রয়ের অগে বা বাড়ীর মালিক হওয়ার পূর্বে বাড়ী সুন্দর ও ভালো রাখার ছোটখাটো সমস্যাগুলো আগেভাগেই জেনে নেয়া ভালো।

নিউইয়র্কে আপনার ক্রেডিট স্কোর, ক্রেডিট রিপেয়ার, মর্টগেজ সহ বাড়ী ক্রয়-বিক্রয়ে আমরা পরামর্শ দিয়ে থাকি। প্রয়োজনে কল করুন: ৭১৮-৫০৭-লোন (৫৬২৬)

# সিটি হলে বাংলাদেশের স্বাধীনতা

(শেষের পাতার পর)

বাংলাদেশের স্বাধীনতা দিবসের স্বীকৃতির পাশাপাশি পবিত্র রমজান মাসেরও বিশেষ স্বীকৃতি আদায়ের রেজ্যুলেশন (৫১৫) পাস হয় ১৬ মার্চ বৃহস্পতিবার। বাংলাদেশী বংশোদ্ভূত কাউন্সিলওম্যান শাহানা হানিফের সাথে রমজানের স্বীকৃতি এবং বাংলাদেশের স্বাধীনতা দিবসকে ঘটা করে উদযাপনের সর্বশেষ এই রেজ্যুলেশন উত্থাপন ও পাশে থেকে সর্বাত্মকভাবে সহযোগিতা দেন সিটি কাউন্সিলম্যান নান্তাশা উইলিয়ামস, কাউন্সিলম্যান শেখর কৃষ্ণান, কাউন্সিলওম্যান ফারিয়াজ প্রমুখ। এই সিদ্ধান্ত গ্রহণের ফলে প্রতি বছর সিটি হলে স্বাধীনতা দিবসের পতাকা উড্ডীন করার পাশাপাশি অনুষ্ঠান করা হবে। আর রমজানের পবিত্রতা অটুট রাখতে সিটি প্রশাসন মনোযোগী হবে। ইফতার মাহফিল এবং তারাবি নামাজের নিরাপত্তা বিধানেও সংশিশ্লষ্ট সকলে সরব থাকবে।

এই রেজ্যুলেশন পাশে নেপথ্য থেকে উৎসাহিত করেছেন 'সাউথ এশিয়ান আমেরিকান ফান্ড ফর স্কলারশিপ এ্যান্ড ট্রেনিং' তথা স্যাফেস্ট'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী প্রধান মাজেদা এ উদ্দিন। রেজ্যুলেশনটি পাশের সময় মাজেদা উদ্দিনের সাথে আরো কয়েকজন কমিউনিটি নেতা সিটি হলেন কাউন্সিলের ফ্লোরে উপস্থিত ছিলেন।

পবিত্র রমজানের গুরুত্ব ও তাৎপর্য আলোকে এই রেজ্যুলেশনে উল্লেখ করা হয়েছে যে, বিশ্বের ১.৮ বিলিয়ন মানুষ হচ্ছে মুসলমান এবং তারা সকলেই এ মাসে ত্যাগের মহিমায় উদ্ভাসিত থাকেন। ২০২৩ সালের বিশ্বের জনসংখ্যার গতি-প্রকৃতি রিপোর্ট অনুযায়ী যুক্তরাষ্ট্রের মুসলিম সম্প্রদায়ের ২৫% কৃষ্ণাঙ্গ, ২৪% শ্বেতাঙ্গ, ১৮% বাংলাদেশীসহ এশিয়ান, ১৮% আরব এবং ৫% হিসপ্যানিক এবং অন্যান্য জাতিগোষ্ঠি ৭%।

'মুসলিম ফর আমেরিকান'র ২০১৬ সালের ড্যাটা অনুযায়ী নিউইয়র্ক সিটিতে মুসলমানের সংখ্যা হচ্ছে ৭ লাখ ৬৫ হাজার অর্থাৎ মোট জনসংখ্যার ৯%। এই সিটির ৯৫ হাজার ব্যবসা-বাণিজ্যের মালিক মুসলমানেরা। আরো বলা হয়েছে, নিউইয়র্ক সিটি শিক্ষা বিভাগ ঈদুল ফিতর এবং ঈদুল আযহার দিনকে ছুটি ঘোষণা করেছে ২০১৫ সালে। এছাড়া, সর্বশেষ প্রেসিডেন্ট বাইডেনও পবিত্র রমজান এবং ঈদ উপলক্ষে মুসলিম সম্প্রদায়কে শুভেচ্ছা জানিয়ে বার্তা দিচ্ছেন অর্থাৎ মুসলিম সম্প্রদায় হচ্ছে নিউইয়র্ক সিটি তথা যুক্তরাষ্ট্রের বহুধর্মের বর্ণাঢ্য বৈশিষ্টকে উদ্ভাসিত করার অন্যতম একটি অবলম্বন। আর রমজান মাসে মুসলমানেরা সংযমী হবার পাশাপাশি নিকট প্রতিবেশী দুখী মানুষের পাশে দাঁড়ান। আর্ত-মানবতার অনন্য এক উদাহরণে পরিণত হন। এমন একটি পবিত্র মাসের প্রতি যথাযথ সম্মান জানাতে পেরে সিটি কাউন্সিলও আনন্দিত।

সিটি হলেল সিদ্ধান্ত গ্রহণের পরিপ্রেক্ষিতে এবার স্বাধীনতা দিবসে সিটি হলের সামনে পতাকা উত্তোলনের পাশাপাশি সিটি হলে সমাবেশ হবে বলে সকলকে আমন্ত্রণ জানিয়েছেন কাউন্সিলওম্যান শাহানা হানিফ।






# ব্রঙ্কসে মাকসুদা'র আয়োজনে জমজমাট পিঠা উৎসব ও সঙ্গীতানুষ্ঠান

**বিশেষ প্রতিনিধি:** নিউইয়র্কের ব্রঙ্কসে আনন্দঘন ও উৎসবমুখর পরিবেশ আর জমজমাট আয়োজসে অনুষ্ঠিত হয়েছে কমিউনিটি অ্যাক্টিভিস্ট ও কবি মাকসুদা আহমেদ-এর বর্ণিল পিঠা উৎসব। গত ১৫ মার্চ বুধবার সন্ধ্যায় বাংলাদেশী অধ্যুষিত ব্রঙ্কসের স্টারলিং-বাংলাবাজার এলাকায় গোল্ডেন প্যালেসে এই পিঠা উৎসবের আয়োজন করা হয়। এতে বাংলাদেশের ঐতিহ্যবাহী গ্রাম বাংলার নানা পিঠা'র সমাহার ছিলো। বাংলাদেশী আমেরিকান কালচারাল এসোসিয়েশন (বাকা)'র সহযোগিতায় এদিন সন্ধ্যা ৭টা থেকে রাত সাড়ে ১১টা পর্যন্ত চলে পিঠা উৎসবের অনুষ্ঠানমালা। অনুষ্ঠানে কমিউনিটি কবি, সাহিত্যিক, সাংস্কৃতিক কর্মী, সাংবাদিক, সমাজকর্মী সহ নানা শ্রেণী পেশার বিপুল সংখ্যক প্রবাসী উপস্থিত ছিলেন।

এদিকে এই পিঠা উৎসবকে কেন্দ্র করে গোল্ডেন প্যালেসে নামে মানুষের ঢল। কানায় কানায় পূর্ণ হয়ে যায় পুরো হলরুম। অনেকে আসন না পেয়ে দাঁড়িয়ে উপভোগ করতে দেখা যায় এ পিঠা উৎসব। এরআগে পিঠাপুলি দিয়ে বর্ণিল সাজে সাজানো হয় অনুষ্ঠানস্থল। পিঠা উৎসবে শোভা পাচ্ছিল পাটিসাপ্টা, ভাপাপিঠা, তেলে পিঠা, চিতই পিঠা, ঝাল পিঠা, পাকুন পিঠা, নারিকেল পুলি, নিমকি, সাবুদানা, ডালপুরি, ডালপাকন, বুলশা সহ নাম না জানা অসংখ্য পদের পিঠাপুলি। উৎসবে বাসায় তৈরী পিঠা আনার প্রতিযোগিতায় যেন মেতে ওঠেন আয়োজক এবং তাদের বন্ধু-বান্ধবরা। আয়োজক ও তার বন্ধু-বান্ধবীদের হাতে তৈরী বাংলার ঐতিহ্যবাহী নানান আকৃতি, নানান স্বাদ আর রঙের এসব পিঠা অতিথিদের জন্যে ছিল ফ্রী। পিঠার মৌ মৌ গন্ধে উৎসব প্রাঙ্গণে সৃষ্টি হয় এক ভিন্ন আমেজের। আয়োজকদের দাবী প্রায় চার'শ অতিথিকে পিঠাপুলি পরিবেশন করা হয়। উৎসবে আরো ছিল নৃত্য, সঙ্গীত সহ মনোজ্ঞ সব পরিবেশনা।

অনুষ্ঠানের শুরুতে সকলকে শুভেচ্ছা জানান আয়োজক নারী নেত্রী মাকসুদা আহমেদ। উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করেন কমিউনিটি বোর্ড মেম্বার, বাংলা সিডিপ্যাপ ও এ্যালেগ্রা হোম কেয়ারের সিইও বীর মুক্তিযোদ্ধা আবু জাফর মাহমুদ। অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন বাংলা পত্রিকা'র সম্পাদক ও টাইম টিভি'র সিইও আবু তাহের, বাংলাদেশ সোসাইটির সাধারন সম্পাদক রুহুল আমিন সিদ্দিকী, ট্রাস্টি আজিমুর রহমান বুরহান, বিশিষ্ট রাজনীতিক আব্দুর রহিম বাদশা, কাজী সাখাওয়াত হোসেন আজম, মুক্তিযোদ্ধা তোফায়েল চৌধুরী, কমিউনিটি অ্যাক্টিভিস্ট আলমগীর খান আলম, রিয়েলস্টেট ইনভেস্টর নুরুল আজিম, বাকা'র প্রতিষ্ঠাতা সভাপতি আব্দুল হাশিম হাসনু, সভাপতি আহবাব চৌধুরী খোকন, সাধারণ সম্পাদক সারোয়ার চৌধুরী, রিয়েলস্টেট ব্যবসায়ী সালেহ উদ্দিন সাল, বিশিষ্ট সাংবাদিক আকবার হায়দার কিরন, হৃদয়ে বাংলাদেশ'র উপদেষ্টা মামুন রহমান, সহ সভাপতি বদরুজ্জামান রুহেল প্রমুখ।

অনুষ্ঠানে উল্লেখযোগ্য ব্যক্তিবর্গের মধ্যে বাংলা ক্লাবের সহ-সভাপতি মোমিনুল ইসলাম, তিতাস মাল্টি সার্ভিসের কর্ণধার মেহের চৌধুরী, কবি কামরুন্নাহার রিতা, কমিউনিটি অ্যাক্টিভিস্ট জামাল হুসেন, রায়হান জামান রানা, মখন মিয়া, জামাল আহমেদ, মার্গারেট মল্লিক, ইলা সরকার প্রমুখ উপস্থিত ছিলেন। যৌথভাবে অনুষ্ঠানটি উপস্থাপনায় ছিলেন কমিউনিটি অ্যাক্টিভিস্ট বদরুজ্জামান রুহেল, রেজা আব্দুল্লাহ স্বপন।

অনুষ্ঠানে আয়োজকদের পক্ষ থেকে পিঠা তৈরী করে উৎসবে নিয়ে আসা পিঠা শিল্পীদের হাতে পুরষ্কার তুলে দেয়া হয়। এতে সেরা ৩ পিঠা শিল্পীকে পুরস্কৃত করা হয়।

সাংস্কৃতিক পর্বে বাংলাদেশের জনপ্রিয় বাউল শিল্পী কালা মিয়া, নিউইয়র্কের জনপ্রিয় সঙ্গীত শিল্পী রোজি, সৈয়দ কামরুজ্জামান ফয়েজ ও মুসাফির মুক্তা সঙ্গীত পরিবেশন করেন। সাথে ছিলেন ঢোলক শফিক মিয়া। নৃত্য পরিবেশন করে ক্ষুদে নৃত্য শিল্পী মায়া এঞ্জেলিকা। গভীর রাত পর্যন্ত এ মনোজ্ঞ সাংস্কৃতিক পরিবেশনা উপভোগ করেন দর্শক-শ্রোতারা। একপর্যায়ে উৎসবমুখর পরিবেশে বাউল শিল্পী কালা মিয়ার জন্মদিনের কেকও কাটা হয়।

আনুষ্ঠানে মাকসুদা আহমেদ সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন, পিঠা উৎসব বাঙালীর হাজার বছরের সংস্কৃতির অংশ। এধরনের উৎসব আমাদের মন প্রাণ বাঙালীত্বের আমেজে ভরে দেয়। প্রবাসে পারস্পারিক বন্ধুত্ব ও ভ্রাতৃত্ববোধ সৃষ্টি, প্রবাসে বেড়ে ওঠা নতুন প্রজন্মকে বাংলাদেশের কৃষ্টি-কালচারের সাথে পরিচিত করার লক্ষে ব্রঙ্কসে সর্বপ্রথম পিঠা উৎসবের আয়োজন করেন তিনি। পিঠা উৎসবের জয়জয়কার এখন সবখানে। সকলের সার্বিক সহযোগিতা কামনা করে ভবিষ্যতে আরো বর্ণময় অনুষ্ঠান উপহার দেয়ার প্রত্যয় ব্যক্ত করেন তিনি। বাঙালী সংস্কৃতিকে বিশ্ব দরবারে তুলে ধরার মাধ্যমে পারস্পারিক বন্ধুত্ব ও সুসম্পর্ক গড়ে ওঠবে।

বক্তারা বলেন, এধরনের পিঠা উৎসব সুযোগ করে দেয় প্রবাসে জন্ম নেয়া ও বেড়ে ওঠা নতুন প্রজন্মকে বাংলাদেশের শেকড়, কৃষ্টি-কালচারের সাথে পরিচিত হবার। প্রবাসে নতুন প্রজন্মের সামনে বাঙালী সংস্কৃতিকে তুলে ধরা না হলে একদিন তা হারিয়ে যাবে। বক্তারা বলেন, নিজস্ব স্বত্তা, সংস্কৃতি টিকিয়ে রাখতে এধরনের উৎসব বড়ই প্রয়োজন।























# Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



**Mohammad Pier**
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
**Cell: 917-678-8532**

**Income Tax**
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

**Immigration Services**
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

*IRS e file*
IRS e-file

**Real Estate**
For Buying & Selling Houses
Mortgage Services

**PIER TAX AND EXECUTIVE SERVICES**
37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
**Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583**
Email: piertax@gmail.com

# জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
# বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার
## ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

**স্থান পরিবর্তন**

অফিস : ৩৭-২৯
৭২ স্ট্রিট, ১ম তলা
জ্যাকসন হাইটস
নিউইয়র্ক



- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, রাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করাসহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

**ফোন : ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩**



ইনকাম ট্যাক্স
ইমিগ্রেশন
ট্রাভেলস্

25th Anniversary

# KAKATUA AGENCY
Authorized e-file Provider
# কাকাতুয়া এজেন্সী

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)
ENROLLED AGENT

**OUR SERVICES ARE:**
Income Tax
Accounting Service
Immigration Form Fill Out
Travel
Insurance

**NEW ADDRESS**
37-31 77th Street, # 2nd Fl, Jackson Heights, NY 11372
**Tel: (718) 726-6900 | (718) 397-5004**
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com
যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিন্দু ভালাত
ফারহানা আমিয়ান, সিমি চৌধুরী, মিনারা কাজী

# মেঘনা ট্রাভেলস
ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের
একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

**OUR SERVICES**
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA
KUWAIT AIRWAYS
ETIHAD
BRITISH AIRWAYS
Emirates




ওমরা ও হজ্জের যাবতীয়
ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com



# ওয়াশিংটন দূতাবাসের ১ লাখ ৪৬ হাজার ডলার

(শেষের পাতার পর)

লেনদেন এবং অ্যাকাউন্টটি আচমকা ক্লোজ করে দেয়ার প্রেক্ষিতে বিষয়টি দূতাবাসের উচ্চ পর্যায়ের নোটিশে আনে ব্যাংক কর্তৃপক্ষ।

ওয়াশিংটনে দীর্ঘদিন দায়িত্ব পালনকারী রাষ্ট্রদূত এম জিয়াউদ্দিনের বিদায় এবং পরবর্তী রাষ্ট্রদূত এম শহিদুল ইসলামের দায়িত্ব গ্রহণের মুহূর্তে (ট্রানজিশন পিরিয়ডে) ওই ঘটনা ঘটে। যা সাম্প্রতিক সময়ে ঢাকার নজরে এসেছে। এ নিয়ে ওয়াশিংটন দূতাবাস এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ে রীতিমতো তোলপাড় চলছে। অনেকটা নীরবেই তদন্ত শুরু হয়েছে। দায়িত্বশীলরা জানার চেষ্টা করছেন- কী অজুহাত দেখিয়ে মোটা অঙ্কের ওই অর্থ উত্তোলন করা হয়েছে, এর ব্যয় কীভাবে দেখানো হয়েছে? অর্থ উত্তোলনের প্রক্রিয়া এবং কার কার মধ্যে এটি ভাগবাটোয়ারা হয়েছে তা-ও খোঁজা হচ্ছে।

রহস্যজনক লেনদেনের একাধিক ডকুমেন্ট হাতে পেয়েছে মানবজমিন। যেখানে দেখা গেছে- সেভিংস ফর ইমার্জেন্সি বা দুর্যোগ তহবিল হিসেবে যুক্তরাষ্ট্রের সিটি ব্যাংকে ওয়াশিংটনের দূতাবাসের পৃথক একটি অ্যাকাউন্ট ছিল। বহু বছর ধরে জমা হওয়া ওই অ্যাকাউন্টে ২০২০ সালে অক্টোবর পর্যন্ত মোট ১ লাখ ৪৬ হাজার ডলার জমা পড়েছিল। সুদ-আসল মিলেই তহবিলটি বেশ সমৃদ্ধ হয়েছিল। বাংলাদেশি মুদ্রায় যার পরিমাণ দাঁড়ায় প্রায় দেড় কোটি টাকা।

দেশের যেকোনো দুর্যোগ-দুর্বিপাকে তহবিলটি ব্যবহার হওয়ার কথা ছিল। ডকুমেন্ট পর্যালোচনায় দেখা গেছে ৪ দিনে পুরো অ্যাকাউন্ট খালি করা হয়। এর মধ্যে একদিনেই ৩টি লেনদেনে উত্তোলন করা হয় ৪০ হাজার ডলার। ২৬শে অক্টোবর ২০২০ এটি সংঘটিত হয় কয়েক মিনিটের ব্যবধানে। ৩ দিন বিরতি দিয়ে ২৯শে অক্টোবর '২০ অ্যাকাউন্ট থেকে দ্বিতীয় দফায় অর্থ উত্তোলন করা হয়। ওই দিন তোলা হয় আরও ১০ হাজার ডলার। পরের মাসে অর্থাৎ ২০২০ সালের নভেম্বরে দুই দিনে ৬টি ট্রানজেকশনে ৯৩ হাজার ডলার উত্তোলন করে অ্যাকাউন্টটি খালি করা হয়। ১১ই নভেম্বর তোলা হয় ৪৮ হাজার ৮ শ' ডলার। আর ২৪শে নভেম্বর তোলা হয় ৪৫ হাজার ডলার। ডকুমেন্টে দেখা যায়, সেই বছরের ৩০শে নভেম্বর পর্যন্ত অ্যাকাউন্টের ব্যালেন্স ছিল ২ হাজার ৭শ' ৫১ ডলার। যা পরবর্তীতে উত্তোলন করার মধ্যদিয়ে অ্যাকাউন্টটি পুরোপুরি বন্ধ করে দেয়া হয়।

**যেভাবে ঘটনাটি ফাঁস হলো:** যেকোনো দূতাবাসের আয়-ব্যয়ে একটি অ্যাকাউন্ট থাকে। যাকে মাদার বা মূল অ্যাকাউন্ট বলা হয়। সরকারের অনুমতি নিয়ে বাড়তি অ্যাকাউন্ট খোলা বা বন্ধ করতে হয়। 'সেভিংস ফর ইমার্জেন্সি' ছিল ওয়াশিংটন মিশনের স্বতন্ত্র অ্যাকাউন্ট। যার নাম্বার ছিল সিটি বিজনেস আইএমএমএ-১৫২৮৩৩২১। জানা যায়, ২০০৭ সালে বাংলাদেশের ওপর দিয়ে বয়ে যাওয়া ভয়াবহ ঘূর্ণিঝড় সিডরের পর ইমার্জেন্সি ওই হিসাব খোলা হয়েছিল। শুরুতেই এতে জমা হয়েছিল বেশ অর্থ। কিন্তু অনেকদিন এতে লেনদেন না হওয়ায় অনেকটা ফ্রিজ বা স্থিতাবস্থা ছিল। আচমকা এই অ্যাকাউন্ট থেকে অর্থ উত্তোলন এবং চটজলদি ৪টি লেনদেনে অ্যাকাউন্টটি খালি করে ফেরায় সন্দেহ হয় ব্যাংক কর্তৃপক্ষের। তাৎক্ষনিক তারা তা দূতাবাসের নোটিশে আনে। কিন্তু দু'মাসের ব্যবধানে তা পুরোপুরি ক্লোজ করে ফেলা হয়। দূতাবাসের তৎকালীন হেড অব চ্যান্সারি (ডিডিওর বাড়তি দায়িত্ব) ছিলেন ৩০ ব্যাচের কর্মকর্তা মাহমুদুল ইসলাম। তার স্বাক্ষরে ব্যাংকের হি-সাবটি ক্লোজ করা হয়। এতে ব্যাংক কর্তৃপক্ষের সন্দেহ আরও বাড়ে এবং ব্যাংক ও দূতাবাসের মধ্যে চিঠি চালাচালি চলতে থাকে। যার ফলশ্রুতিতে বিষয়টি সম্প্রতি ঢাকার নজরে আসে। (দৈনিক মানবজমিন)




ATTORNEY
M. MUSTAFA
(A full service Law Firm)
LLB Honors (1st Class)
LLM (1st Class), Bangladesh
Barrister-At-Law, London
Attorney-At-Law, NY
718-487-4873

PERSO AL INJURY & DEATH DAMAGES CLAIMS
- Lead Poisoning
- Construction Work
- Slip and Fall
- Medical & dental Malpractice
- Hospital Negligence
- Delayed Treatment
- Failure to Diagnose
- Cancer & other fatal diseases
- Anesthesia & Gynecologic Surgery Malpractice
- Defective Child Birth
- Nursing Home Neglect and abuse etc.
- Wrongful Death Claim
- Car and Bi-cycle Accident and injury
- Taxi, Bus- Subway, and Train accidents
- Elevator and Escalator Accident
- Explosion and Fire Accident
- Defective product and electrical shock

IMMIGRATION MATTERS
- Green Card through "EB1 TO EB5"
- Political Asylum
- Detention and Bond
- All immigration court issues and cases
- Cancellation of Removal
- Adjustment of Status
- Condition Removal
- Business Immigration HB, L1, E2
- Green Card Replacement /Renew
- Complex Citizenship
- Re-entry permit
- Collection of Immigration Record
- Waiver
- Deportation
- Family Petitions
- Green card through Adoption or Orphan
- Immigration Appeals and Motions
- Canadian Immigration
- Student Visa process for USA,
- Canada, UK

GENERAL PRACTICE AREAS
- Divorce and Family Matter
- Child Support and Modification
- Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure
- Bankruptcy
- All civil Matters
- Landlord-Tenant
- Incorporation
- Power of Attorney
- Wills, Trust, and Estate Planning
- Overtime and Wages Issue
- All Criminal Matters

148-45 Hillside Ave, Suite 203, Jamaica, NY 11435
Phone : 718-487-4873 Text : 917-285-6247 Email : abmostofa1@gmail.com



এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার
MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:
718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:
30-04, 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500

JAMAICA OFFICE:
170-12 Highland Avenue
Jamaica Estates, NY- 11432
www.drmrahman.com



Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration



*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ

Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy



নন ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য বিনামূল্যে প্রয়োজনীয় সহযোগিতা ও পরামর্শ প্রদান

B1 / B2 ভিসায় আমেরিকায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য ফ্রি পরামর্শ এবং সোসাল সিকিউরিটি কার্ড, ওয়ার্ক পারমিট, ব্যাংক একাউন্ট, সিটি আইডি, চিকিৎসা বেনিফিট ও হেলথ ইন্সুরেন্স পেতে সার্বিক সহযোগিতা করা হয়।

- L1A / E2
- ASYLUM
- RE-ENTRY PERMIT
- AFFIDAVIT OF SUPPORT
- REMOVE CONCILIATION TO GREEN CARD

"আমেরিকায় অবস্থানরত বৈধ কাগজ-পত্রহীনদের যে কোন আইনী প্রক্রিয়ার মাধ্যমে নিজেকে আপডেট রাখা জরুরী"



যোগাযোগ ঃ
917-982-5682
Email: radninmahamood@yahoo.com










# বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস পালন

(শেষের পাতার পর)

বাংলাদেশের জাতীয় শিশু দিবস পালন করেছে। এ উপলক্ষ্যে বৃহস্পতিবার রাতে জ্যাকসন হাইটসের এক রেষ্টুরেন্টে আয়োজিত মাহফিলে প্রধান অতিথি ছিলেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান এবং প্রধান বক্তা ছিলেন উপদেষ্টা ডা. মাসুদুল হাসান। মহানগর আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি রফিকুর রহমান রফিকের সভাপতিত্বে মাহফিল পরিচালনা করেন সাধারণ সম্পাদক এমদাদ চৌধুরী। স্বাগত বক্তব্য রাখেন আয়োজক কমিটির আহ্বায়ক নুরুল আমিন বাবু। শেষে দোয়া পরিচালনা করেন মওলানা ছয়ফুল হক সিদ্দিকী। সভায় বক্তরা বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ এগিয়ে যাচ্ছে বলেই বিএনপি-জামায়াতীরা অতীতের মতো নতুন করে নানা ষড়যন্ত্র করছে। দেশে-বিদেশে অপপ্রচার চালাচ্ছে। বক্তারা বলেন, জননেত্রী শেখ হাসিনা ডিজিটাল বাংলাদেশ গড়ে এখন স্মার্ট বাংলাদেশ গড়ছে। সবার সহযোগিতা থাকলে আগামী নির্বাচন সুষ্ঠু, অবাদ ও নিরপেক্ষ হবে এবং আওয়ামী লীগ আবার রাষ্ট্র ক্ষমতায় আসবে।

অনুষ্ঠানে উল্লেখযোগ্য নেতৃবৃন্দের মধ্যে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের প্রধার সম্পাদক দুলাল মিয়া (হাজী এনাম), উপ দপ্তর সম্পাদক আব্দুল মালেক, নিউইয়র্ক ষ্টেট আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাহীন আজমল, আওয়ামী লীগ নেতা শাহিনা রহমান, হিন্দাল কাদের বাপ্পা, শামসুল আবদীন, কানেকটিকাট আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হুমায়ুন চৌধুরী, আব্দুল মুহিত চৌধুরী, শিবলী সাদেক, মাসুদ সিরাজী, মোহাম্মদ উদ্দিন, দরুদ মিয়া রনেল, সেবুল মিয়া প্রমুখ।



# চাঁদ দেখা সাপেক্ষে বৃহস্পতিবার রোজা

(শেষের পাতার পর)

আল আলাফা ইসলামিক সেন্টার, হাজী ক্যাম্প মসজিদ, ওজনপার্কের আল আমান জামে মসজিদ, ব্রুকলীনের বাংলাদেশ মুসলিম সেন্টার, বায়তুল জান্নাহ জামে মসজিদ, এস্টোরিয়ার আল আমীন মসজিদ, শাহজালাল মসজিদ, ব্রঙ্কসের পার্কচেষ্টার জামে মসজিদ, ম্যানহাটানের মদিনা মসজিদ প্রভৃতি মসজিদ সূত্রে জানা গেছে এসকল মসজিদে রমজানের প্রস্তুতি নেয়া হচ্ছে। অধিকাংশ মসজিদে রাত ৯টায় এশার নামাজ শেষে খতম তারাবি নামাজ আদায়ের ব্যবস্থা করা হয়েছে।

অপরদিকে জ্যামাইকা, জ্যাকসন হাইটস, ব্রুকলীন, ব্রঙ্কস, ওজনপার্ক প্রভৃতি এলাকার গ্রোসারী স্টোগুলোতে খোঁজ নিয়ে জানা গেছে নিত্য প্রয়োজনী অনেক জিনিসপত্রের মূল্য বৃদ্ধি পেয়েছে। বিশেষ করে পবিত্র রমজানের আগে ইফতারী সামগ্রীর বিভিন্ন আইটেমের মুল্য বেড়ে যাওয়ায় জনমনে মিশ্র প্রতিক্রিয়া লক্ষ্য করা গেছে। একাধিক ক্রেতা জানান, চাল-ডাল, তেল, পিয়াজ ছাড়াও খেজুর সহ ইফতারী সামগ্রীর মুল্য অনেক বৃদ্ধি পেয়েছে।

নিত্য প্রয়োজনীয় সামগ্রীসহ অন্যান্য সামগ্রীর মূল্য বৃদ্ধি পাওয়ায় গ্রোসারী ও সুপার মার্কেটগুলোর মালিক সহ বাংলাদেশী আমদানীকারগণ বলেন, মূলত: করোনা পরিস্থির কারনে বিভিন্ন দেশ থেকে পণ্য সামগ্রী আমদানী কমে যাওয়ায় অনেক জিনিসের দাম বেড়ে গেছে। তাছাড়া যেসকল দ্রব্য আমদাণী হচ্ছে তাতে ব্যয়ও বেড়েছে।



বিশিষ্ট ব্যবসায়ী, সাউদার্ন ফুড-এর প্রধান আমজাদ হোসেনের কন্যা তাজরি হোসেন এবং জামালপুর-৫ আসনের আওয়ামী লীঘ দলীয় এমপি মোজাফফর হোসেনের পুত্র এস এম রাইসুল হাসান শোয়েব-এর শুভ বিবাহ রোববার (১৯ মার্চ) নিউইয়র্কের ওয়ার্ল্ড ফেয়ার ব্যাঙ্কুইটে অনুষ্ঠিত হয়। এতে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

Highland Medical Care, PLLC



Nazmul H. Khan, MD, FACP
Board Certified in Internal Medicine

Address
87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992

Vital Accounting Inc.
File your Tax with experienced professional.

* Income tax:
* Individual/ Personal Tax (All states)
* Business Tax (Corporation, Partnership)
* Sales tax (Food Vendor, Corporation)
* Payroll Tax
* Business Incorporation
* Immigration Services



Atikur Rahman
Masters in Economics
MBA (Accounting), MAFM
Tel: 718-820-2212

37-22 73rd Street, 2nd Fl (Suite # 2D), Jackson Heights, NY 11372

দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?
বাফেলোতে বাড়ি কেনা-বেচায়

নতু ন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন
রাফি সাফওয়ান
ঝামেলামু ক্ত সহযোগিতা দিচ্ছে
সিদ্ধান্ত নেয়ার পূ র্বে যোগাযোগ করুন :
267-992-3201
Park Realty
of Western New York
155 Summer St
Buffalo, NY 14222



# নারমিন রহমানের দাফন সম্পন্ন

(শেষের পাতার পর)

মুসলিম কবর স্থানে দাফন করা হয়। মরহুমার পরিবারের সদস্য ও আত্মীয়-স্বজন ছাড়াও কমিউনিটির সর্বস্তরের বিপুল সংখ্যক মানুষ জানাযা নামাজে অংশ নেন এবং মরহুমার আত্মার বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন। খবর ইউএনএ'র।


নারমিন রহমান-এর নামাজে জানায়ায় ইমামতি করেন জেএমসি'র খতিব ও পেশ ইমাম মাওলানা আবু জাফর বেগ। জানাযার নামাজের আগে সংক্ষিপ্ত বত্তব্য রাখেন মরহুমার ভাই শাহরিয়ার রহমান সজিব। এসময় তিনি ছোট বোনের স্মৃতিচারণ করে কান্নায় ভেঙ্গে পড়েন। তিনি তার বোনের জন্য সবার দোয়া প্রার্থনা করেন। এছাড়াও সংক্ষিপ্ত বক্তব্য রাখেন প্রবীণ প্রবাসী নাসির আলী খান পল ও জ্যামাইকা মুসলিম সেন্টার পরিচালনা কমিটির সভাপতি ডা. সিদ্দিকুর রহমান।

দিনাজপুরের ডা. মোহাম্মদ সাঈদুর রহমান ও ডা. নার্গিস রহমানের কন্যা নারমিন রহমানের জানাজায় বিশিষ্ট ব্যক্তিবর্গের মধ্যে সাবেক এমপি ও সাপ্তাহিক ঠিকানা'র সম্পাদকমন্ডলীর সভাপতি এম এম শাহীন, বাংলাদেশ সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক ফখরুল আলম, হাফেজ রফিকুল ইসলাম, জেএসি'র জয়েন্ট সেক্রেটারী ফখরুল ইসলাম দেলোয়ার, মরহুমার আরেক ভাই সাকের রহমান প্রমুখ অংশ নেন।

উল্লেখ্য, গত ৯ মার্চ, বৃহস্পতিবার সন্ধ্যায় নারমিন নিজ বাসায় ইন্তেকাল করেন। (ইন্নানিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজেউন)। জানা গেছে, তিন বেশ কিছুদিন ধরে শারীরিকভাবে অসুস্থ ছিলেন। তার বয়স হয়েছিলো ৩৩ বছর। তার আকস্মিক মৃত্যুর খবরে কমিউনিটিতে শোকের ছায়া নেমে আছে।

কাজী অফিস
সিটি কর্তৃক রেজিষ্ট্রিকৃত
কাজী ইমাম মাওলানা আব্দুল মুকিত
পেশ ইমাম, দারুস সালাম মসজিদ, জ্যামাইকা
148-16 87 Road
Jamaica, NY-11435
বিবাহ পড়ানো, মেরিজ সার্টিফিকেট ও কাবিন নামা প্রদান করা হয়।
পরামর্শ ও এপয়েন্টমেন্টের জন্য যোগাযোগ করুনঃ
917-428-1519

FREE CONSULTATION!!!
I am a tax specialist directly licensed by the IRS

ENROLLED AGENT
Authorized IRS e-file Provider
IRS To Represent Before the Internal Revenue Service
MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY
TAX - ACCOUNTING - NOTARY PUBLIC
IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO
ট্যাক্স-একাউন্টিং-নোটারী
Tax Preparation, Tax Planning & Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.
Moon Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com


হাউজ কিপিং জব করতে চাই
হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক। ঘন্টায় ৫/১০ ডলার বেতন পেলেই চলবে। যোগাযোগ: গডফ্রে রোজারিও (প্রাক্তন অফিস সহকারী, বাংলাদেশ সুপ্রীমকোর্ট)।
ফোন: ৩৪৭-৮৪৯-৭৫৪৯
৩৪৭-৮৪৯-৭৫২৩

ভ্রমণ
নায়াগ্রা ফলস, অরল্যান্ডো ডিজনি, মায়ামি, কী ওয়েস্ট, গ্রান্ড ক্যানিয়ন, লাস ভেগাস সহ আমেরিকার যে কোন স্টেটে ভ্রমণের জন্য যোগাযোগ করুন:
বাংলা ট্যুর
৩৪৭ ২৮০ ৭২৬৯

* সম্পূর্ণ হালাল খাবার
* ক্যাটারিং
* লাঞ্চ ডিনার

Joy
পিকনিকসহ বিভিন্ন উৎসব আয়োজনে জয় রেস্টুরেন্টের বিশেষ ঘোষণা
জয় ক্যাটারিং মেন্যু

| প্যাকেজ -১ | প্যাকেজ-২ | প্যাকেজ-৩ | প্যাকেজ-৪ |
|---|---|---|---|
| প্লেইন পোলাও<br>চিকেন রোস্ট<br>মিক্সড ভেজিটেবল<br>সালাড<br>ডিজার্ট | প্লেইন পোলাও<br>চিকেন রোস্ট<br>সামি কাবাব<br>মিক্সড ভেজিটেবল<br>সালাড<br>ডিজার্ট | প্লেইন পোলাও<br>চিকেন রোস্ট<br>গোট অথবা বিফ কারি<br>মিক্সড ভেজিটেবল<br>সালাড<br>ডিজার্ট | মটর পোলাও<br>চিকেন রোস্ট<br>সামি কাবাব<br>গোট অথবা বিফ কারি<br>মিক্সড ভেজিটেবল<br>সালাড<br>ডিজার্ট |
| $ 7.00 | $ 8.00 | $10.00 | $11.00 |

148 E 46th Streets, (Between Lexington & 3rd Avenue), New York, NY 10017
Tel: 212-490- 1277, (212) 490-1278, Fax: (212) 490-1977
32 West 39 Street (Between 5th and 6th Avenue),New York, NY- 10018.
Tel: 646-559-7527

# NOTICE

Ibne Studios, LLC, filed Articles of Organization with the NY Secretary of State ("NYSOS"), on 12/06/2022. Office location: Queens County. NYSOS is designated as agent of the LLC upon whom process against it may be served. NYSOS shall mail copy of process to: 187-11 Wexford Terrace, 1st Floor, Jamaica, NY. Purpose: Any lawful purpose.
Please confirm receipt of this email and if you have any questions or concerns.
Contact: Sanan Ibne. **Cell: 347-849-0006**


## ড্রাইভিং শিখতে চান?

সহজ পদ্ধতিতে এবং ফেক্সিবল সময়ের মধ্যে ড্রাইভিং শিখার জন্য যোগাযোগ করুন ।
যোগাযোগঃ উদ্দিন
**929-519-5139**



আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

**Dr. Tahera Nasreen, MD**
Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center

**Dr. Ataul Osmani, MD**
Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন, হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট, TLC/Motor Vehicle Exam, মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

## MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
*MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial*



**Our Programs:**
Summer Program will start from July 5th

| | | |
|---|---|---|
| SAT | 8 Weeks Course<br>4 Hours Each Class<br>Total 32 Classes (4 days/week)<br>Total Cost : $2000.00<br>Time : 2 pm to 6 pm | Get 25% Discount sign up by 4th July |
| SHSAT | 8 Weeks Course<br>5 days/week<br>Total Cost : $2000.00<br>Time : 2 pm to 6 pm | |
| COMMON CORE MATH & ENGLISH | 1st Grade to 6th Grade<br>8 weeks course<br>3 Hrs./day, 4 days/week<br>Cost : 600.00 | |

**Admission going on**
K-6 & Common Core Regents Classes

*Bronx Branch:*
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

*Jackson Heights Branch:*
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Quality Education Is Our Priority!



Mohammed M. Alam
M.Com (Management), LL.B

## জ্যামাইকা হিলসাইড ট্যাক্স অফিস

167-11 Hillside Ave. 2nd Floor Jamaica, NY 11432
**Tel: 718-480-3313, Cell: 917-600-4937**
Email: mahbubtax@yahoo.com

AUTHORIZED IRS e-file PROVIDER

**ট্যাক্স • ইমিগ্রেশন ফরম পুরন • নোটারী**

### আমাদের সেবা সমূহ

- ফেডারেল এবং সকল স্টেট ট্যাক্স
- বিজনেস ট্যাক্স, করপোরেশন ট্যাক্স
- সেল্‌স ট্যাক্স, পে-রোল ট্যাক্স
- ওপেন নিউ বিজনেস
- ওপেন সেল্‌স ট্যাক্স আইডি
- ফ্যামিলী পিটিশন
- স্পন্সরশীপ ফরম পুরন
- সিটিজেনশীপ ও পার্সপোর্ট
- ডুয়েল সিটিজেনশীপ প্রোসেস
- পাওয়ার অব এ্যাটর্নী ড্রাফট

সকল ষ্টেটের ট্যাক্স এবং ফরম পূরনে সহায়তা করা হয়।




## অ্যাসাল'র আলবেনি ক্যাপিটেল রিজিওন

(শেষের পাতার পর)

শপথ গ্রহণ করান অ্যাসাল'র প্রতিষ্ঠাতা এবং ন্যাশনাল কমিটির প্রেসিডেন্ট মাফ মিসবাহ উদ্দীন। তিনি এসময় অভিষিক্ত কর্মকর্তাদের সাফল্য কামনা করে প্রবাসীদের অধিকার প্রতিষ্ঠায় অ্যাসলের নীতি-আদর্শে অবিচল থেকে সবাইকে এগিয়ে যাওয়ার আহ্বান জানান।

অভিষিক্ত কর্মকর্তারা হলেন: প্রেসিডেন্ট- প্রফেসার মিজানুর রহমান, এক্সিকিউটিভ ভাইস- প্রেসিডেন্ট ড. হাসান আহমেদ, সেক্রেটারী মিঠু আমিরুল ভূইয়া, অর্গানাইজিং ডাইরেক্টর- রাফায়েতুর রহমান, করেসপন্ডিং সেক্রেটারী- রাশতাব মাহমুদ শুভ, ট্রেজারার- জাহাঙ্গীর আলম হাফিজ, এক্সিকিউটিভ ডাইরেক্টর- শেরশাহ মিজান, উইমেন্স কমিটি চেয়ার- শাহেরা রহমান, ইমিগ্রেশান ডাইরেক্টর- হেনরী রাশিদ, পলিটিকেল একশান ডাইরেক্টর- সাইবুর রহমান পান্না, ভাইস প্রেসিডেন্ট- মোহাম্মদ আব্দুস সালাম, নাগমা সিং, রুবি দাস, দেলোয়ার হোসেন, মোহাম্মদ তুহিন চৌধুরী, সাইফুল্লাহ, শরিফুল আলম, এমএ লতিফ এবং মনির আহমেদ।

ট্রাস্টি: আব্দুস মিয়া, দেওয়ান সারোয়ার, আয়াজ মালিক, মোহাম্মদ খান, নুরুল আবেদীন, শামসুল আলম এবং লিজা সুইট।

উমেন'স কমিটি: সেক্রেটারী ফৌজিয়া ইসলাম, ভাইস চেয়ার রুনা লায়লা ও মিসেস পান্না।

ইউথ কমিটি: ডাইরেক্টর মোহাম্মদ রনি, জেসন রহমান, আসিফ মাহমুদ ও সাইফুল সাইফ।

অ্যাসাল'র আলবেনি ক্যাপিটেল রিজিওন চ্যাপ্টারের প্রফেসার মিজানুর রহমানের সভাপতিত্বে এবং মিঠু আমিনুল ভূইয়ার পরিচালনায় অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিদের মধ্যে বক্তব্য রাখেন ম্যানহাটান বরো প্রেসিডেন্ট মার্ক ডি লিভানী, সারাতোগা স্প্রিং সিটি মেয়র রন কিম ও কমিশনার অব ফাইনান্স ড. মিনিতা সঙ্গভি, অ্যাসেম্বলিম্যান কুইন্স এডি ৩০ স্টিভ রাগা, অ্যাসেম্বলিম্যান কুইন্স এডি ৩০ স্টিভ রাগা, এটর্নী কেরন এম ফেল্ডম্যান, হাডসন টাউনশীপ সুপারভাইজার আব্দুস মিয়া, সংগঠনের ভাইস প্রেসিডেন্ট মোহাম্মদ আব্দুস সালাম প্রমুখ।

অনুষ্ঠানে অতিথিরা বলেন, অ্যাসালের প্রেসিডেন্ট মাফ উদ্দীন, একজন বিশিষ্ট লেবার লিডার, তার নেতৃত্বে কমিউনিটি একত্রিত হচ্ছে। তার আদর্শিক নেতৃত্বে দক্ষিণ এশিয়দের অধিকার ও মর্যাদা প্রতিষ্ঠার জন্যে বিরামহীন কাজ করে যাচ্ছে। অ্যাসালের সাথে আছি, থাকবো। অ্যাসালের ডাকে সব সময় আসবো।

তারা বলেন, আলবানী চ্যাপ্টার অত্যন্ত গুরুত্বপূর্ণ, সব অ্যাকশন আলবানীতেই হয়। আমরা অ্যাসালের ক্যাপিটাল রিজিওন চ্যাপ্টারের অনুষ্ঠানে এসে গর্ববোধ করছি। বক্তারা অ্যাসালের বিভিন্ন কার্যক্রমের প্রশংসা করে আরো এগিয়ে যাওয়ার জন্য উৎসাহ প্রদান করেন।

অনুষ্ঠানে মূলধারার বিশিষ্ট লেবার লিডার মাফ মিসবাহ উদ্দীন অ্যাসাল প্রতিষ্ঠার প্রেক্ষাপট, লক্ষ্য ও উদ্দেশ্য তুলে ধরে বলেন, আমেরিকায় দক্ষিণ এশীয়দের শক্তিশালী করতে রাজনৈতিক, শিক্ষাগত ও প্রেরণাদায়ক শক্তি তৈরীর ক্ষেত্রে এটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে। দক্ষিণ এশিয়ানদের অধিকার ও মর্যাদা প্রতিষ্ঠার জন্যে নিরলসভাবে কাজ করছে। মূলধারার রাজনীতিতে তাদের অবস্থানকে আরও শক্তিশালী করার জন্য জোরালো ভূমিকা রাখছে। দেশব্যাপী অ্যাসালের গুরুত্ব বেড়েছে। অ্যাসাল সবাইকে এক ছাতার নিচে এনে সকল ক্ষেত্রে দক্ষিণ এশীয়দের ক্ষমতায়নের প্রয়াস চালিয়ে যাচ্ছে। যাতে আমেরিকার প্রতিটি স্টেটে দক্ষিণ এশীয় কমিউনিটি তাদের অভিষ্ট লক্ষে পোঁছাতে সক্ষম হয়।

আগামীতে আমেরিকার মূলধারার রাজনীতিতে দক্ষিণ এশিয়ান কমিউনিটির অবস্থানকে আরও শক্তিশালী করার জন্য অ্যাসালের ভূমিকা অব্যাহত রাখবে। অনুষ্ঠানে অ্যাসাল'র আলবেনি ক্যাপিটেল রিজিওন চ্যাপ্টারের সদস্যরা ছাড়াও বিপুল সংখ্যক দক্ষিণ এশিয় প্রবাসী অংশগ্রহণ করেন।

## দাওয়াত ও সংশোধনকারীর

(শেষের পাতার পর)

উপদেশ দিতে থাকো এবং মূর্খদের সাথে বিতর্কে জড়িও না।"(সুরা আরাফ:১৯৯)

আয়াতটিতে নবী সা: কে প্রচার, পথনির্দেশনা দান, সংস্কার ও সংশোধনের কৌশলের কতিপয় গুরুত্বপূর্ণ বিষয় জানিয়ে দেয়া হয়েছে। কেবল নবী সা:কে নয় বরং যারা নবী সা: এর এ মিশন বাস্তবায়নে পরবর্তিতে কাজ করবে এবং দুনিয়াবাসীকে সঠিক পথ দেখাবার দায়িত্ব পালন করার জন্য এগিয়ে আসবে তাদেরকেও নবী সা: এর মাধ্যমে এ একই কৌশল শিখানোও এর উদ্দেশ্য। কৌশলগুলো নিম্নরূপ:

**(এক) কোমল স্বভাব, কষ্ট সহিষ্ণু ও উদার হৃদয়:** ইসলামের আহবায়কের জন্যে যে গুণগুলো সবচেয়ে বেশী প্রয়োজনীয় সেগুলোর মধ্যে একটি হচ্ছে, তাকে কোমল স্বভাবের সহিষ্ণু ও উদার হৃদয়ের হতে হবে। তাকে হতে হবে নিজের সংগী-সহযোগীদের জন্যে স্নেহশীল, সাধারণ মানুষের জন্যে দয়ার্দ হৃদয় এবং নিজের বিরোধীদের জন্যে সহিষ্ণু। নিজের সাথীদের দুর্বলতাগুলোকেও তাকে সহ্য করে নিতে হবে এবং নিজের বিরোধীদের কঠোর ব্যবহারকেও। চরম উত্তেজনাকর অবস্থার মধ্যেও তার নিজের আচরণে ভারসাম্য বজায় রাখতে হবে। অত্যন্ত বিরুক্তিকর ও অপছন্দনীয় কথাগুলোও উদার মনে এড়িয়ে যেতে হবে। বিরোধীদের পক্ষ থেকে যতই কড়া ভাষায় কথা বলা হোক, যতই দোষারূপ করা ও মনে ব্যাথা দেয়া হোক এবং যতই বর্বরোচিত প্রতিরোধ গড়ে তোলা হোক না কেন, তাকে অবশ্যই এসব কিছুকে উপেক্ষার দৃষ্টিতে দেখতে হবে। কঠোর প্রতিক্রিয়া ব্যক্ত করা, কর্কশ আচরণ করা, তিক্ত ও কড়া কথা বলা এবং প্রতিশোধমূলক মানসিক উত্তেজনায় ভোগা এ কাজের জন্য বিষতুল্য। এতে গোটা কাজ প- হয়ে যায়।

এ জিনিসটিকে নবী সা: এভাবে বর্ণনা করেছেন: আমার রব আমাকে হুকুম দিয়েছেন, আমি যেন ক্রোধ ও সন্তুষ্টি উভয় অবস্থায়ই ইনসাফের কথা বলি, যে আমার সাথে সম্পর্কচ্ছেদ করে আমি তার সাথে সম্পর্ক জুড়ি, যে আমাকে আমার অধিকার থেকে বঞ্চিত করে তাকে তার অধিকার দান করি, যে আমার প্রতি জুলুম করে আমি তাকে মাফ করে দেই। ইসলামের কাজে তিনি নিজের পক্ষ থেকে যাদেরকে পাঠাতেন তাদেরকেও এ একই বিষয়গুলো মেনে চলার নির্দেশ দিতেন। তিনি বলেন: "যেখানে তোমরা যাবে সেখানে তোমাদের পদার্পন যেনো লোকদের জন্যে সুসংবাদ হিসেবে দেখা দেয়, তা যেন লোকদের মধ্যে ঘৃণার সঞ্চার না করে। লোকদের জীবন যেন তোমাদের কারণে সহজ হয়ে যায়, কঠিন ও সংকীর্ণ হয়ে না পড়ে। আল্লাহ নিজে নবী সা: এর এ গুণের প্রশংসা করেছেন, (হে নবী) "এটা আল্লাহর বড়ই অনুগ্রহ যে, তোমার ব্যবহার তাদের প্রতি বড়ই কোমল, নয়তো তুমি রুক্ষ স্বভাবের বা কঠোর চিত্ত হতে, তাহলে তারা সবাই তোমার চারপাশ থেকে সরে যেতো। তাদের ত্রুটি ক্ষমা করে দাও। তাদের জন্য মাগফিরাতের দু'আ করো এবং দীনের ব্যাপারে বিভিন্ন পরামর্শে তাদেরকে অন্তরভুক্ত করো। তারপর যখন কোন মতের ভিত্তিতে তোমরা স্থির সংকল্প হবে তখন আল্লাহর ওপর ভরসা করো। আল্লাহ তাদের পছন্দ করেন যারা তাঁর ওপর ভরসা করে কাজ করে।"(সুরা আলে ইমরান: ১৫৯)

**(দুই) সহজ-সরল, বোধগম্য ও স্পষ্ট ভাষায় দাওয়াত:** সত্যের দাওয়াতের সাফল্যের মূলমন্ত্র হচ্ছে, দাওয়াতদানকারীরা দার্শনিক তত্ব ও সূক্ষাতিসূক্ষ তত্বালোচনার পরিবর্তে লোকদেরকে এমনসব সহজ সরল সৎকাজের নির্দেশ দিবেন যা সবার কাছে সৎকাজ হিসেবে পরিচিত অথবা যাদের সৎকাজ হবার ব্যাপারটি বুঝার জন্য প্রত্যেক মানুষের সাধারণ জ্ঞানই যতেষ্ট হয়। এভাবে সত্যের আহবায়কের আবেদন সাধারণ-অসাধারণ নির্বিশেষে সবাইকে প্রভাবিত করে এবং প্রত্যেকটি শ্রোতার কান থেকে হৃদয় অভ্যন্তরে প্রবেশের পথ সে নিজেই তৈরী করে নেয়। এ ধরণের সৎকর্মের দাওয়াতের বিরুদ্ধে যারা প্রতিবাদের ঝড় তোলে এক সময় তারা ব্যর্থ হয় এবং দাওয়াতের সাফল্যের পথ প্রসস্ত হয়। কারণ সাধারণ মানুষ যতই বিদ্বেষ ভাবাপন্ন হোক না কেন যখন তারা দেখে যে, একদিকে সৎ ভদ্র ও উন্নত নৈতিক চরিত্রের অধিকারী এক ব্যক্তি সরল সহজভাবে সোজাসুজি সৎকাজের দাওয়াত দিচ্ছে এবং অন্যদিকে একদল লোক তার বিরোধীতায় নেমে এমন পদ্ধতি অবলম্বন করছে যা নৈতিকতা ও মানবতার সম্পূর্ণ পরিপন্থী তখন স্বাভাবিকভাবেই ধীরে ধীরে সত্য বিরোধীদের প্রতি তাদের মন বিরূপ হয়ে উঠতে থাকে এবং সত্যের আহবায়কের প্রতি আকৃষ্ট হয়ে যেতে থাকে। এ কর্মকৌশলের বদৌলতেই নবী সা: আরবে সাফল্য অর্জন করেন এবং তারপর মাত্র কিছুদিনের মধ্যে নিকটবর্তী দেশগুলোয় ইসলাম এমনভাবে বিস্তার লাভ করে যে সেখানে কোথাও মুসলমানদের সংখ্যা দাঁড়ায় শতকরা একশ ভাগ, কোথাও নব্বই ভাগ এবং কোথাও আশি ভাগ।

**(তিন) মুর্খদের সাথে তর্কে লিপ্ত না হওয়া:** সত্যের এ দাওয়াতের ক্ষেত্রে যেখানে একদিকে ন্যায় ও কল্যাণ অনুসন্ধানীদেরকে সৎকাজের দিকে উদ্বুদ্ধ করা জরুরী, সেখানে মুর্খদের সাথে কোন প্রকার সংঘর্ষ ও বিরোধে জড়িয়ে না পড়াও অপরিহার্য, যতই তারা সংঘর্ষ ও বিরোধ সৃষ্টি করার জন্যে যত চেষ্টাই করুক। যারা ন্যায়সংগতভাবে বুদ্ধি বিবেচনার সাথে বক্তব্য অনুধাবন করতে চায় আহবায়কের উচিত একমাত্র তাদেরই সম্বোধন করা। এ ব্যাপারে তাকে অতি সাবধানী হতে হবে। অন্যদিকে যখন কোন ব্যক্তি নিরেট মুর্খের মত ব্যবহার শুরু করে দেয় তর্ক বিতর্ক গোয়ার্তুমি, ঝগড়াঝাটি ও গালিগালাজের পর্যায়ে নেমে আসে তখন আহবায়কের তার প্রতিদ্বন্ধীর ভুমিকায় অবতীর্ণ হতে অস্বীকার করা উচিত। কারণ এতে দাওয়াতের উপকারী ফলের পরিবর্তে ক্ষতির সম্ভবনাই বেশী থাকে। কারণ আহবায়কের যে শক্তি ইসলামী দাওয়াত সম্প্রসারণ ও ব্যক্তি চরিত্র সংশোধনের কাজে ব্যায়িত হওয়া উচিত তা অযথা এ বাজে কাজে ব্যয় হয়ে যায়।

**(চার) আল্লাহ আশ্রয় প্রার্থনা করা:** তিন নম্বরের সাথে আরো নির্দেশ হচ্ছে যে, সত্যের আহবায়ক যখনই বিরোধীদের জুলুম নির্যাতন ও অনিষ্টকর কার্যকলাপ এবং তাদের মূর্খতা প্রসূত অভিযোগ-আপত্তির কারণে মানসিক উত্তেজনা অনুভব করবে তখনই তার বুঝে নেয়া উচিত যে, এটি শয়তানের উস্কানী ছাড়া আর কিছুই নয়। তখনই তার আল্লাহর কাছে এই মর্মে আশ্রয় চাওয়া উচিত যে, আল্লাহ যেন তার বান্দাকে এ উত্তেজনার স্রোতে ভাসিয়ে না দেন এবং তাকে যেন সংযমী ও নিয়ন্ত্রনবিহীন না করেন যার ফলে সে সত্যের দাওয়াতকে ক্ষতিগ্রস্ত করার কোন কাজ করে বসে। সত্যের দাওয়াতের কাজ ঠা-া মাথায় করতে হয়। আবেগ-উত্তেজনার বশবর্তি না হয়ে পরিবেশ পরিস্থিতি এবং সময়-সুযোগ দেখে গভীরভাবে চিন্তা-ভাবনা করে যে পদক্ষেপটি নেয়া হয় একমাত্র সেটিই সঠিক হতে পারে। কিন্তু শয়তান যেহেতু এ কাজটির উন্নতি কখনো দুচোখে দেখতে পারে না তাই সে হামেশা নিজের সংগী-সাথীদের সাহায্যে সত্যের আহবায়কের ওপর নানা ধরণের আক্রমণ পরিচালনার চেষ্টা চালায়। আবার প্রত্যেকটি আক্রমনের পর সে আহবায়ককে এই বলে ক্ষেপাতে থাকে যে, এ আক্রমনের জবাব তো অবশ্যই দেয়া দরকার। আহবায়কের মনের দুয়ারে শয়তানের এ আবেদন অধিকাংশ সময় অতিশয় প্রতারণাপূর্ণ ব্যাখ্যা ও ধর্মীয় সংস্কারের মোড়কে আবৃত হয়ে আসে। কিন্তু এর গভীরে সংকীর্ণ স্বার্থপ্রীতি ছাড়া আর কিছুই থাকে না। তাই পরের আয়াতগুলোতে আল্লাহ তা'আলা বলেছেন,"যদি কখনো শয়তান তোমাকে উত্তেজিত করে তাহলে আল্লাহর আশ্রয় চাও। তিনি সবকিছু শোনেন এবং জানেন। প্রকৃতপক্ষে যারা মুত্তাকী, তাদেরকে যদি কখনো শয়তানের প্রভাবে অসৎ চিন্তা স্পর্শও করে যায় তাহলে তারা তখনই সতর্ক হয়ে উঠে তারপর তারা নিজেদের সঠিক কর্মপদ্ধতি পরিস্কার দেখতে পায়। আর তাদের(শয়তানের) ভাই-বন্ধুরা তো তাদেরকে তাদের বাঁকা পথেই টেনে নিয়ে যেতে থাকে এবং তাদেরকে বিভ্রান্ত করার ব্যাপারে তারা কোন ত্রুটি করে না।"(সুরা আরাফ:২০০-২০২)

অর্থাৎ যারা মুত্তাকী তারা নিজেদের মনে কোন শয়তানী প্ররোচনার প্রভাব এবং কোন অসৎ চিন্তার ছোয়া অনুভব করতেই সাথে সাথেই সজাগ হয়ে উঠে। তারপর এ পর্যায়ে কোন ধরণের কর্মপদ্ধতি অবলম্বনে দীনের স্বার্থ রক্ষিত হবে তা তারা দেখতে পায়। অর্থাৎ সঠিক কর্মপদ্ধতি আল্লাহ তাদের মধ্যে ঢেলে দেন। ফলে তাদের চোখ খুলে যায় এবং তাদের বিবেক জেগে উঠে।

**(পাঁচ) জ্ঞান, বুদ্ধিমত্তা ও সদুপদেশ সহকারে দাওয়াত:** দাওয়াত দেবার সময় দুটি জিনিসের প্রতি নজর রাখতে হবে। এক, প্রজ্ঞা ও বুদ্ধিমত্তা এবং দুই, সুদুপদেশ। জ্ঞান ও বুদ্ধিমত্তা মানে হচ্ছে, নির্বেধির মত চোখ বন্ধ করে দাওয়াত প্রচার করবে না। বরং বুদ্ধি খাটিয়ে যাকে দাওয়াত দেয়া হচ্ছে তার মন-মানস, যোগ্যতা ও অবস্থার প্রতি নজর রেখে এবং এ সংগে পরিবেশ ও পরিস্থিতি বুঝে কথা বলতে হবে। একই লাঠি দিয়ে সবাইকে তাড়িয়ে নেয়া যাবে না। যে কোন ব্যক্তি বা দলের মুখোমুখি হলে প্রথমে তার রোগ নির্ণয় করতে হবে তারপর এমন যুক্তি প্রমানের সাহায্যে তার রোগ নিরসনের চেষ্টা করতে হবে যা তার মন মস্তিস্কের গভীরে প্রবেশ করে তার রোগের শিকড় উপড়ে ফেলতে পারে। সদুপদেশের দুই অর্থ হয়। এক, যাকে উপদেশ দেয়া হচ্ছে তাকে শুধুমাত্র যুক্তি প্রমাণের সাহায্যে তৃপ্ত করে দিয়ে ক্ষান্ত হলে চলবে না বরং তার আবেগ-অনুভুতির প্রতিও আবেদন জানাতে হবে। দুস্কৃতি ও ভ্রষ্টতাকে শুধুমাত্র বৃদ্ধিবৃত্তিক দিক দিয়ে বাতিল করলে হবে না বরং সেগুলোর অশুভ পরিণতির ভয় দেখাতে হবে। দুই, উপদেশ এমনভাবে দিতে হবে যাতে আন্তরিকতা ও মংগল আকাংখা সুস্পষ্ট উঠে। যাকে উপদেশ দেয়া হচ্ছে সে যেনো এমন মনে না করে যে আহবানকারী তাচ্ছিল্য করছে এবং নিজের শ্রেষ্ঠত্বের অনুভূতির স্বাদ নিচ্ছে। বরং সে মনে করবে আহবানকারী আমার সত্যিকারের ভালো চাচ্ছে।

**(ছয়) পেঁচিয়ে ও রূঢ় বাক্য প্রয়োগ না করা:** আহবান যেন নিছক বিতর্ক, বুদ্ধির লড়াই ও মানসিক ব্যায়াম পর্যায়ের না হয় আলোচনা পেঁচিয়ে কথা বলা, মিথ্যো দোষারূপ, রূঢ় বাক্যবাণে বিদ্ধ করার প্রবণতা যেন না থাকে। প্রতিপক্ষকে চুপ করিয়ে দিয়ে নিজের গলাবাজী করে যেতে থাকা এর উদ্দেশ্য হবে না। যদি বিতর্ক শুরু হয়েই যায় তবে এ বিতর্ক আলোচনায় মধুর বাক্য ব্যবহার করতে হবে। উন্নতমানের ভদ্র আচরণ করতে হবে। যুক্তি প্রমাণ হতে হবে ন্যায়সংগত ও হৃদয়গ্রাহী। যাকে উদ্দেশ্য করে বলা হচ্ছে তার মনে যেন জিদ, একগুয়েমী এবং কথার প্যাঁচ সৃষ্টি হবার অবকাশ না দেখা দেয়। সোজাসুজি তাকে বুঝাবার চেষ্টা করতে হবে এবং যখন মনে হবে যে,সে কুটতর্কে লিপ্ত হতে চাচ্ছে তখনই তাকে তার অবস্থার ওপর ছেড়ে দিতে হবে। আল্লাহ তা'আলা বলেন,(হে নবী)" প্রজ্ঞা, বুদ্ধিমত্তা এবং সদুপদেশ সহকারে তোমার রবের দিকে দাওয়াত দাও এবং লোকদেও সাথে বিতর্কে করো সর্বোত্তম পদ্ধতিতে।"(সুরা নাহল:১২৫)

## আইপিএল শুরুর আগেই

(শেষের পাতার পর)

গুরুত্ব দেওয়া হতো। বাকিরা কথা বলতেই পারতেন না। সেই কারণে অনেকে বেঙ্গালুরুর দলকে নিজের দল বলে মনে করতে পারতেন না, এমনটাই অভিযোগ গেইলের। আইপিএলের সম্প্রচারকারী অ্যাপে একটি সাক্ষাৎকারে গেইল বলেছেন, 'দলের একজন প্রধান ক্রিকেটার হিসাবে আমি আকর্ষণের কেন্দ্রে ছিলাম। তাই আমাকে কেউ খুব একটা ঘাঁটাত না। কিন্তু দলের অনেক ক্রিকেটার গুরুত্ব পেত না। ওরা কথা বলতেই পারত না। আলাদা আলাদা থাকতে হতো।

গেইলের কথায়, তিনি ছাড়া বিরাট কোহলি ও এবি ডি ভিলিয়ার্সকেই গুরুত্ব দিত ম্যানেজমেন্ট। ফলে অনেক ক্রিকেটার নিজেদের আরসিবির সদস্য বলে ভাবতে পারতেন না।

গেইল বলেছেন, তিনজন ক্রিকেটারই আকর্ষণের কেন্দ্র ছিল। বিরাট, ডি ভিলিয়ার্স ও আমার কথার গুরুত্ব ছিল। কিন্তু বাকিরা নিজেদের দলের অঙ্গ বলে মনে করতে পারত না। এর প্রভাব ওদের মানসিকতায় পড়ত। সেই কারণে ট্রফি জেতা আরও কঠিন হয়ে পড়ত।

শনিবার আরসিবি জানিয়েছে, গেইল ও ডি ভিলিয়ার্সকে সম্মান জানাতে তাদের জার্সি নম্বর আর কোনো ক্রিকেটারকে না দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে তারা। আইপিএলে গেইল ৩৩৩ ও ডিভিলিয়ার্স ১৭ নম্বর জার্সি পরতেন। দলের এই সিদ্ধান্তে খুশি গেইল। আরসিবির সঙ্গে যে তার একটা একাত্বতা রয়েছে, সেই কথাও জানিয়েছেন ইউনিভার্স বস।

## আরেফিন শুভর রোমান্স

(শেষের পাতার পর)

সিনেমা 'মিশন এক্সট্রিম' দিয়ে তাক লাগিয়ে দিয়েছেন দর্শকমহলে। এটা শুভর প্রত্যাবতন বলেছেন অনেকে। এরপর ওয়েবফিল্ম 'উনিশ ২০' দিয়ে শুভ নিজকে ভিন্ন মাত্রায় প্রকাশ করেছেন। দেখা গেছে রোমান্টিক শুভকে। চলতি বছরও তার অভিনীত একাধিক রোমান্টিক সিনেমা মুক্তির মিছিলে রয়েছে। অ্যাকশন ছেড়ে রোমান্টিক ঘরানার সিনেমায় অভিনয় প্রসঙ্গে শুভ বলেন, 'আমি যে শুধু অ্যাকশন সিনেমায় অভিনয় করি বা করেছি বিষয়টি এমন নয়।

এক সময় রোমান্টিক চরিত্রেই বেশি অভিনয় করেছি। মাঝে অ্যাকশন সিনেমায় অভিনয়ের জন্য হয়তো অনেকেই অ্যাকশন হিসাবে ভাবতে পছন্দ করছেন। কিন্তু আমি আমাকে শুধু অ্যাকশনের গন্ডিতে আটকে রাখতে চাই না। আমি চাই ভালো গল্প গতানুগতিক সিনেমার সংখ্যা বাড়িয়ে কি লাভ।'

নাটক বা ওয়েব সিরিজে কাজ করবেন কি না জানতে চাইলে এমন প্রশ্নের জবাবে এ অভিনেতা বলেন, 'কেন অন্য মাধ্যমে করব না? ভালো কাজ পেলে অবশ্যই করব।' জনপ্রিয় এ অভিনেতার মুক্তির অপেক্ষায় আছে বেশ কয়েকটি সিনেমা। এর মধ্যে 'নূর' নামে একটি সিনেমা ঈদুল ফিতরে মুক্তির কথা রয়েছে।

'মুজিব' নামে একটি সিনেমা শিগিগর মুক্তি পাবে বলে জানা গেছে। এদিকে এ অভিনেতা 'ফুটবল ৭১' নামে একটি সিনেমার শুটিং নিয়ে ব্যস্ত আছেন।


বদলে দেই পৃথিবী
ধাঁপে ধাঁপে
শুভকাজে
R
RENAISSANCE
HOME HEALTH CARE
নিউইয়র্ক সিটির সর্বশ্রেষ্ঠ হোমকেয়ার প্রতিষ্ঠান রেঁনেসা হোম এন্ড হেলথ কেয়ার
সর্বোচ্চ সম্মানীতে রেঁনেসা হোম এন্ড হেলথ কেয়ারে যোগ দিন
আপনার মর্যাদা, সম্মান ও সহানুভুতির সাথে সর্বোচ্চ গুণগত পরিসেবা প্রদানই আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য
আমাদের রয়েছে আকর্ষণীয় ক্ষতিপূরণ প্যাকেজ
ছুটির দিনে দ্বিগুণ বেতন
বিনামূল্যে প্রশিক্ষণের ব্যবস্থা
গুগল-এ ৪.৫ স্টার রেটিং
রেনেসাঁয় কাজ করতে চান? আজই যোগাযোগ করুন
(718) 649-3670
1959 WESTCHESTER AVE.
BRONX, NY 10462
www.renaissancehomehc.com

# বাংলা পত্রিকা

প্রান্তিক পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

বাংলা পত্রিকা | The Weekly Bangla Patrika // Monday // March 20 // 2023




## আরাভকে চিনি না : বেনজীর

**ঢাকা ডেস্ক:** আলোচিত পুলিশ কর্মকর্তা হত্যা মামলার আসামি দুবাইয়ে পলাতক স্বর্ণ ব্যবসায়ী আরাভ খান ওরফে রবিউল ইসলামকে চেনেন না বলে দাবি করেছেন পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজি) ড. বেনজীর আহমেদ। শনিবার নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে তিনি এ দাবি করেন। সাবেক আইজিপি বেনজীর আহমেদ তার ফেসবুক পেজে লিখেছেন, 'সম্মানিত দেশবাসী, আমি আপনাদের সবাইকে আশ্বস্ত ও সম্পূর্ণভাবে নিশ্চিত করতে চাই যে, 'আরাভ ওরফে রবিউল ওরফে হৃদয়' নামে আমি কাউকে চিনি না। আমার সাথে তার এমনকি প্রাথমিক পরিচয়ও নেই। আমি আমার ল'এনফোর্সমেন্ট ক্যারিয়ারের পুরোটা সময় খুনি, সন্ত্রাসী, ড্রাগ ব্যবসায়ী, চোরাকারবারি, ভেজালকারী ও অপরাধীদের বিরুদ্ধে লড়াই করেছি; কখনোই সখ্য নয়। আপনাদের অফুরান ভালোবাসা, সমর্থন ও সহযোগিতার জন্য অশেষ কৃতজ্ঞতা।' গোপালগঞ্জের কোটালীপাড়ার যুবক রবিউল ইসলাম পুলিশ কর্মকর্তা হত্যার পর ভারতে পালিয়ে গিয়ে নিজের নাম, জাতীয়তা পরিবর্তন করে জোগাড় করেন ভারতীয় পাসপোর্ট। আর এ পাসপোর্টেই পাড়ি জমান সংযুক্ত আরব আমিরাতের দুবাইয়ে। সেখানে প্রবাসী বাংলাদেশিদের কাছে তিনি হয়ে ওঠেন 'আলাদিনের চেরাগ' পাওয়া এক ভাগ্যবান। দুবাইয়ে 'আরাভ জুয়েলার্স' নামের ওই প্রতিষ্ঠানের মালিকের নাম আরাভ খান। মূলত তিনি বাংলাদেশের নাগরিক রবিউল ইসলাম।



## রাষ্ট্রদূত মোহাম্মদ আব্দুল মুহিতের ইন্টারন্যাশনাল সিবেড অথরিটির নিকট পরিচয়পত্র পেশ

**নিউইয়র্ক:** জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত মোহাম্মদ আবদুল মুহিত গত ১৬ মার্চ ইন্টারন্যাশনাল সিবেড অথরিটির মহাসচিব মাইকেল ডব্লিউ লজের কাছে তাঁর পরিচয়পত্র পেশ করেছেন। জ্যামাইকার রাজধানী কিংস্টনে অবস্থিত ইন্টারন্যাশনাল সিবেড অথরিটির সদরদপ্তরে এই অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয়। পরিচয়পত্র পেশ করার পর রাষ্ট্রদূত মুহিত এবং মহাসচিব লজ একটি দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হন। উক্ত বৈঠকে তারা বাংলাদেশ এবং ইন্টারন্যাশনাল সিবেড অথরিটির মধ্যে পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। ২০১৬ সালে অথরিটির অ্যাসেম্বলিতে বাংলাদেশের প্রেসিডেন্সি এবং ২০২০ সালে কাউন্সিলে প্রেসিডেন্সির কথা উল্লেখ করে মহাসচিব ইন্টারন্যাশনাল সিবেড অথরিটির কাজে বাংলাদেশের অমূল্য অবদানের গভীর প্রশংসা করেন।


সুনীল অর্থনীতিকে বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নের এক নতুন দিগন্ত হিসেবে উল্লেখ করে রাষ্ট্রদূত মুহিত আমাদের সামুদ্রিক সম্পদের সংরক্ষণ, বৈজ্ঞানিক ব্যবস্থাপনা এবং যথাযথ ব্যবহারের নিমিত্ত প্রয়োজনীয় সক্ষমতা বৃদ্ধি এবং প্রযুক্তি হস্তান্তরের ক্ষেত্রে বাংলাদেশ ও ইন্টারন্যাশনাল সিবেড অথরিটির মধ্যে বর্ধিত সহযোগিতার প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন। এ প্রেক্ষিতে মহাসচিব আগামী দিনগুলোতে বাংলাদেশের সঙ্গে আরো ঘনিষ্ঠভাবে কাজ করার কথা পুনর্ব্যক্ত করেন।

বাংলাদেশসহ ১৬৭টি রাষ্ট্র নিয়ে ইন্টারন্যাশনাল সিবেড অথরিটি গঠিত। সংস্থাটি সমগ্র মানব জাতির কল্যাণে আন্তর্জাতিক গভীর সমুদ্র তলদেশে খনিজ সম্পদ সংক্রান্ত সকল কর্মকান্ড নিয়ন্ত্রণ করে থাকে। -প্রেস বিজ্ঞপ্তি।

### নিউইয়র্কের বৈশাখ উদযাপন ১৪ ও ১৫ এপ্রিল

## থিম সং গেয়েছেন জনপ্রিয় কণ্ঠশিল্পী ন্যান্সি

**বাংলা পত্রিকা ডেস্ক:** নিউইয়র্কে বৈশাখ উদযাপনের থিম সং গেয়েছেন বাংলাদেশের জনপ্রিয় কণ্ঠশিল্পী নাজমুন মুনিরা ন্যান্সি। কবি-সাংবাদিক দর্পণ কবীরের লেখা গানটি সুর ও সঙ্গীত আয়োজন করেছেন জে. কে. মজলিশ। রূপসী বাংলা এন্টারটেইনমেন্ট নেটওয়ার্কের প্রযোজনায় ঢাকার ফোকাস ষ্টুডিওতে গানটি রেকর্ড হয় গত ১৫ মার্চ সন্ধ্যায়। এনআরবি ওয়ার্ল্ড ওয়াইডের আয়োজনে নিউইয়র্কে শতকণ্ঠে ১৪৩০ বাংলা বর্ষবরণ, শোভাযাত্রা ও বৈশাখী মেলা অনুষ্ঠিত হবে ১৪ ও ১৫ এপ্রিল। থিম সং এর পরিকল্পনা করেছেন বিশ্বজিত সাহা ও তোফাজ্জল লিটন। রেকর্ডিং অনুষ্ঠানে মঞ্চে উপস্থিত ছিলেন আয়োজক সংগঠনের সভাপতি বিশ্বজিত সাহা, কণ্ঠশিল্পী নাজমুন মুনিরা ন্যান্সি, আবৃত্তি শিল্পী মেহেদী হাসান এবং রূপসী বাংলা এন্টারটেইনমেন্টের নির্বাহী সম্পাদক মুবিন খান।



কণ্ঠশিল্পী নাজমুন মুনিরা ন্যান্সি গান রেকর্ডিং শেষে উপস্থিত সাংবাদিকদের বলেন, দেশ থেকে হাজার মাইল দূরে বিশ্বের বাণিজ্যিক রাজধানী নিউইয়র্কে বৈশাখের বিশাল এ আয়োজন উপলক্ষে একটি মৌলিক গান নির্মিত হয়েছে। আমার মনে হয় দেশের বাইরে যারা থাকেন তাঁরা দেশকে অনেক অনেক বেশি ভালোবাসেন। তাদের সংস্কৃতি কার্যক্রমও নিখাদ। গান গাওয়ার মাধ্যমে এই আয়োজনে সম্পৃক্ত হতে পেরে আমি আপ্লুত।

আয়োজক সংগঠন এনআরবি ওয়ার্ল্ড ওয়াইড এর সভাপতি বিশ্বজিত সাহা রেকর্ডিং অনুষ্ঠানে বলেন, নিউইয়র্কের সক্রিয় প্রগতিশীল সামাজিক সংস্কৃতিক সাহিত্যিক সংগঠনের সহযোগিতায় রমনার বটমূলের আদলে শতকণ্ঠে বর্ষবরণ, বর্ণাঢ্য মঙ্গল শোভাযাত্রা ও বৈশাখী মেলার আয়োজন করছে। বাঙালীরা যেখানে যায় সেখানে লাল সবুজের পতাকা গৌরবের সাথে উড়ায়, তাঁদের ঐতিহ্য ও সংস্কৃতি লালন ও ধারণ করে।

রূপসী বাংলা এন্টারটেইনমেন্ট নেটওয়ার্কের প্রযোজনায় এই গানটি তৈরি হয়েছে। মিউজিক ভিডিওসহ অচিরেই তা প্রচারিত হবে যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন টেলিভিশনে। গানটির প্রযোজক শাহ্ জে. চৌধুরী বলেন, গানের কথাগুলো দেখেই আমার খুব ভালো লেগেছে। ভালো শিল্পী ও সুরকার দিয়ে বৈশাখের প্রাণবন্ত একটি গান উপহার দিতে চেয়েছি সারা বিশ্বের বাঙালীদের। সুর ও সঙ্গীত আয়োজক জে. কে. মজলিশ রেকর্ডিং অনুষ্ঠানে বলেন, দেশীয় বাদ্যযন্ত্র ব্যবহার করে গানটির সঙ্গীতায়োজন করা হয়েছে। বৈশাখী আয়োজনের সকল উপাদান উপস্থিত আছে এ গানে। গানের কাব্যময়তার কারণে এটি জনপ্রিয় হয় উঠবে বলে আমরা আশাবাদী। বৈশাখের এ নতুন গানটি সারা বিশ্বে ছড়িয়ে পড়ে বাঙালী ঐতিহ্য ও সংস্কৃতির প্রসার ঘটাবে এই প্রত্যাশা করি। থিম সং রেকর্ড ও মিউজিক ভিডিও নির্মাণের এনআরবি ওয়ার্ল্ড ওয়াইড এর সমন্বয়ক সুদীপ কুমার দীপ জানান, কণ্ঠশিল্পী ন্যান্সির সঙ্গে কোরাস শিল্পী হিসেবে ছিলেন প্রমা, টুটুল, জে.কে ও অথৈ। ঢোল ও তবলায় ছিলেন মিলন। বাঁশি বাজিয়েছেন ফিরোজ। হারমোনিয়াম, একতারা, খমক এবং খঞ্জনির দায়িত্বে ছিলেন জে. কে. মজলিশ। রেকর্ডিস্ট সেলিম এস. রেজা। মিউজিক ভিডিও নির্মাণ করছেন তৌহিদ হোসেন চৌধুরী। ক্যামেরার দায়িত্বে ছিলেন আব্দুল আজিজ।

## 'সবদিক থেকে লাভবান বড়রা, বঞ্চিত সাধারণ মানুষ'

**ঢাকা ডেস্ক:** ব্যাংক ঋণের সুদহার বেঁধে রাখার কারণে ক্ষুদ্র ও মাঝারি ব্যবসাপ্রতিষ্ঠানগুলো কাঙ্ক্ষিত হারে ঋণ পাচ্ছে না। অন্যদিকে সবদিক থেকেই কম সুদে বড়রা সব পেয়ে যাচ্ছে। লাভবান হচ্ছে তারা। এভাবে বড়রা লাভবান হওয়ায় সমাজে বৈষম্য সৃষ্টি হচ্ছে। একই সঙ্গে সামগ্রিকভাবে অর্থনীতির ভারসাম্য নষ্ট হচ্ছে। শনিবার ফোরাম ফর বাংলাদেশ স্টাডিজের বিশেষ ওয়েবিনার 'আইএমএফের ঋণ: ভোগ করবে কে, পরিশোধ করবে কে?' শীর্ষক ওয়েবিনারে এসব কথা বলেন বক্তারা। অনুষ্ঠানে বক্তব্য দেন অর্থনীতিবিদ আনু মুহাম্মদ, সুশাসনের জন্য নাগরিকের (সুজন) সম্পাদক বদিউল আলম মজুমদার ও দৈনিক প্রথম আলোর হেড অব অনলাইন শওকত হোসেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন মনির হায়দার। এ ছাড়া অনুষ্ঠানে দেশ ও বিদেশ থেকে বিশ্লেষক ও সাংবাদিকরা যোগ দেন।

অর্থনীতিবিদ ও পলিসি রিসার্চ ইনস্টিটিউটের নির্বাহী পরিচালক আহসান এইচ মনসুর বলেন, দীর্ঘদিন ডলারের বিনিময় হার কৃত্রিমভাবে ধরে রাখার খেসারত এখন দিতে হচ্ছে। যেমন; এত দিন টাকার মান ৪০ শতাংশ অতিমূল্যায়িত ছিল।

ডলার সংকট শুরু হওয়ার পর ২৫ শতাংশের মতো টাকার অবমূল্যায়ন করা হয়েছে। আরও ১৫ শতাংশ অবমূল্যায়ন করতে হবে বলে মনে করেন তিনি। বলেন, ব্যাংক ঋণের সুদহার বেঁধে রাখার কারণে ক্ষুদ্র ও মাঝারি ব্যবসাপ্রতিষ্ঠানগুলো কাঙ্ক্ষিত হারে ঋণ পাচ্ছে না। বড়রা সব পেয়ে যাচ্ছে, তাও আবার কম সুদে। সবদিক থেকেই তারা লাভবান হচ্ছে। তেল, চিনি থেকে শুরু করে আমদানি পণ্যের দাম বাড়লেও তারা লাভবান হচ্ছে। এভাবে বড়রা লাভবান হওয়ার কারণে সমাজে যেমন বৈষম্য সৃষ্টি হচ্ছে, তেমনি সামগ্রিকভাবে অর্থনীতির ভারসাম্য নষ্ট হচ্ছে। একটি শ্রেণির হাতে অর্থ-সম্পদ পুঞ্জীভূত হওয়ায় তারা ফুলেফেঁপে উঠলেও সরকারের রাজস্ব বাড়ছে না; বরং প্রতিবছরই তা কমছে। সে কারণে জিডিপি'র অনুপাতে সরকারি ব্যয় কমে যাচ্ছে, বঞ্চিত হচ্ছে দেশের সাধারণ মানুষ।

আনু মুহাম্মদ বলেন, আইএমএফের শর্ত পূরণ হলে দেশের অর্থনীতির ভালো হবে, এটা একধরনের উইশফুল থিঙ্কিং বা মন বলে সত্য, কাজেই তা সত্য–এমন বিষয়। অভিজ্ঞতার আলোকে তিনি বলেন, বাংলাদেশ এর আগে ১২ বার আইএমএফের ঋণ নিয়েছে, কিন্তু তারপরও দেশে খেলাপি ঋণ বা কর-জিডিপি'র অনুপাতে বাড়েনি; বরং কমেছে। সে জন্য এ বিষয়ক বোঝাপড়া দরকার। এ বিষয়ে আনু মুহাম্মদ বলেন, আইএমএফ এসব শর্তের বিষয়ে অতটা আন্তরিক নয়। সরকার এসব পারে না, কিন্তু যেটা পারে সেটা হচ্ছে, দফায় দফায় বিদ্যুৎ-জ্বালানির দাম বৃদ্ধি করতে। এতে জনগণের বোঝা বাড়ে। অথচ দেশের জ্বালানি খাত পুরোপুরি আমদানিনির্ভর হয়ে পড়েছে বলে জানান আনু মুহাম্মদ। সরকারের ভুল নীতির কারণে তা হচ্ছে। কিন্তু আইএমএফ এ বিষয়ে একটি কথাও বলে না। তাই আইএমএফ আন্তর্জাতিক পরিসরে বড় ব্যবসাপ্রতিষ্ঠানগুলোর স্বার্থ রক্ষা করে বলে মনে করেন তিনি।




## জালালাবাদ এসোসিয়েশন অফ আমেরিকার বোর্ড অফ ট্রাস্টি

# এটর্নী মঈন চৌধুরী ফুলেল শুভেচ্ছায় সিক্ত



**বাংলা পত্রিকা ডেস্কঃ** সিলেটের সর্ববৃহৎ সংগঠন জালালাবাদ এসোসিয়েশন অফ আমেরিকা ইনক এর নব নিযুক্ত বোর্ড অফ ট্রাস্টি এটর্নী মঈন চৌধুরীর সাথে হবিগঞ্জ জেলা কল্যাণ সমিতি যুক্তরাষ্ট্র ইনক'র শুভেচ্ছা বিনিময় গত ১৩ এপ্রিল রোববার জ্যাকসন হাইটসের মামা'স পার্টি হলে অনুষ্ঠিত হয়। সংগঠনের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রোকন হাকিম এর পরিচালনায় অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মোঃ আজদু মিয়া তালুকদার।

অনুষ্ঠানে প্রধান অতিথির রাখেন এটর্নী মঈন চৌধুরী, বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ সোসাইটি ইনক এর সাধারণ সম্পাদক রুহুল আমিন সিদ্দিকী, জালালাবাদ এসোসিয়েশন অফ আমেরিকা ইনক এর ভারপ্রাপ্ত সভাপতি মোঃ শফিউদ্দীন তালুকদার, এসোসিয়েশনের বোর্ড অফ ট্রাস্টি ছদরুন নুর, বাংলাদেশ ল' সোসাইটির সভাপতি অ্যাডভোকেট নাসির উদ্দিন, হবিগঞ্জ জেলা কল্যাণ সমিতির উপদেষ্টা তাজুল ইসলাম তালুকদার চেয়ারম্যান, হবিগঞ্জ সদর সমিতির সভাপতি মিয়া মোঃ আছকির, নবীগঞ্জ উপজেলা ওয়েলফেয়ার সোসাইটি ইউএসএ ইনক সভাপতি শেখ জামাল হোসেন, নিউইয়র্ক স্টেট যুবদলের সাধারণ সম্পাদক ও হবিগঞ্জ জেলা কল্যাণ সমিতির সহ সভাপতি রেজাউল আজাদ ভূইয়া ও সাবেক উপদেষ্টা লিয়াকত আলী চেয়ারম্যান প্রমুখ।

এটর্নী মঈন চৌধুরী জালালাবাদ এসোসিয়েশন অফ আমেরিকা ইনক'র ট্রাষ্টি মনোনীত হওয়ায় তাকে ফুলেল শুভেচ্ছা জানান হবিগঞ্জ জেলা কল্যাণ সমিতির কার্যকারী পরিষদের সদস্যবৃন্দ। অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন হবিগঞ্জ জেলা কল্যাণ সমিতির সাংগঠনিক সম্পাদক মোঃ রুবেল মিয়া, সহ-সাংগঠনিক সম্পাদক ইমরান আলী টিপু, সহ-সাধারণ সম্পাদক দেলোয়ার হোসেন মানিক, জালালাবাদ এসোসিয়েশ-এর সাবেক সহ-সভাপতি সাব্বির হোসেন, পূবালী ব্যাংকের সবেক ম্যানেজার মঞ্জু মিয়া চকদার, ওসমানীনগর এসোসিয়েশন অফ আমেরিকা ইনক এর সাবেক সভাপতি বশির উদ্দিন, বরিশাল বিভাগ সমিতির সাবেক সভাপতি লুৎফুর রহমান লাতু, এডভোকেট মিহির পাল চৌধুরী, এড. এ এফ এম মোঃ জুবায়ের হোসেন, ফয়সাল আহমেদ খান সাবেক সহ-সাধারণ সম্পাদক হবিগঞ্জ সদর সমিতি, হবিগঞ্জ বৃন্দাবন সরকারি কলেজ অ্যালামনাই এসোসিয়েশন যুক্তরাষ্ট্র এর সাবেক সাধারণ সম্পাদক আব্দুল ওয়াহেদ ও নাজনীন হোসেন প্রমুখ।

অনুষ্ঠানে প্রবাসে ও দেশে হবিগঞ্জ জেলার অসুস্থ ব্যক্তিদের রোগমুক্তি ও মৃত ব্যক্তিদের জন্য দোয়া এবং সংগঠনের সার্বিক কল্যান কামনা করে দোয়া পরিচালনা করেন রুহুল আমীন সিদ্দিক।

# কুলাউড়ায় জমকালো আয়োজনে 'মেয়র কাপ ফুটবল টুর্নামেন্ট'র উদ্বোধন



**ঢাকা ডেস্কঃ** মৌলভীবাজার জেলার কুলাউড়ায় 'মেয়র কাপ ফুটবল-২৩' টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে। গত ১৪ মার্চ মঙ্গলবার বিকালে পৌরসভার আয়োজনে কুলাউড়া এনসি স্কুল মাঠে উৎসবমুখর পরিবেশে শান্তির প্রতীক পায়রা ও বেলুন উড়িয়ে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ টুর্নামেন্টের উদ্বোধন করেন মৌলভীবাজার জেলার পুলিশ সুপার মোহাম্মদ জাকারিয়া।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, যুব সমাজকে সুপথে পরিচালনায় খেলাধুলা ও শিক্ষার বিকল্প নেই। তাদের জন্য খেলাধুলা ও শিক্ষার সুব্যবস্থা তৈরি করে দিতে না পারলে জাতির ভবিষ্যৎ অন্ধকার হয়ে যাবে। কুলাউড়া পৌরসভার মেয়র অধ্যক্ষ সিপার উদ্দিন আহমদের সভাপতিত্বে ও ক্রীড়া সংগঠক এহসান আহমদ টিপুর পরিচালনায় উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন উপজেলা চেয়ারম্যান অধ্যক্ষ একেএম সফি আহমদ সলমান, উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম রেনু ও কাউন্সিলর কায়ছার আরিফ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন কুলাউড়া সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার দীপংকর ঘোষ, কুলাউড়া থানার ওসি মো. আব্দুছ ছালেক, উপজেলা ভাইস চেয়ারম্যান কাজী মাও. ফজলুল হক খান সাহেদ, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ফাতেহা ফেরদৌস চৌধুরী পপি, জেলা পরিষদ সদস্য বদরুল আলম সিদ্দিকি নানু, নবীন চন্দ্র সরকারি মডেল উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আমির হোসেন, কুলাউড়া প্রেসক্লাব সভাপতি এম শাকিল রশীদ চৌধুরী ও সম্পাদক মো. খালেদ পারভেজ বখশ, যুক্তরাজ্যস্থ কমিউনিটি লিডার মোস্তফা মালিক, কুলাউড়া ক্রীড়া সংস্থার সাবেক সম্পাদক এনামুল ইসলাম, উপজেলা স্কাউটের সাবেক সম্পাদক মো. ফয়জুর রহমান ছুরুক, অ্যাড. এটিএম মান্নান, জাপা নেতা মবশ্বির আলী, ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আতিকুর রহমান আখই, উপজেলা ক্রীড়া সংস্থার যুগ্ম সাধারণ সম্পাদক কাবুল পাল, কুলাউড়া সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক সাইদুল হাসান সিপন, টুর্নামেন্ট পরিচালনা কমিটির আহবায়ক কাউন্সিলর সাইফুর রশীদ সুমন ও সদস্য সচিব কাউন্সিলর আতাউর রহমান চৌধুরী ছোহেল প্রমুখ।আবদুল বারী চৌধুরী স্পোর্টস একাডেমির পৃষ্ঠপোষকতায় উদ্বোধনী খেলায় হোসেনপুর ফ্রেন্ডস ক্লাব কাদিপুর ২-১ গোলে ভূকশিমইল ফুটবল একাদশকে পরাজিত করে বিজয়ী হয়।







TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

# বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS
Direct Lender
Low Closing Cost Good Rate
Call 718-507-LOAN for Approval
70-17, 37th Ave. Suite# 2F, Jackson Heights, NY 11372
Licensed Mortgage Banker of New York
M. Kamal, MLO CPA





বক্তব্য রাখছেন এমদাদ চৌধুরী

## বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস পালন

**বাংলা পত্রিকা রিপোর্ট:** ব্যতিক্রমী আয়োজনে বিশেষ দোয়া মাহফিলের মধ্য দিয়ে নিউ-ইয়র্ক মহানগর আওয়ামী লীগ 'জাতির জনক' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন এবং **(বাকি অংশ ৪০ পাতায়)**

## অনুষ্ঠান অনুস্মরনিকা

চট্টগ্রাম এসোসিয়েশন অব নর্থ আমেরিকার সদস্য সংগ্রহ অভিযানের শেষ দিন ১৯ মার্চ রোববার। পবিত্র রমজান উপলক্ষ্যে নিউ-ইয়র্ক-বাংলাদেশ প্রেসক্লাবের ইফতার ও দোয়া মাহফিল ২৫ মার্চ শনিবার জ্যামাইকার হিলসাইড এভিনিউস্থ খলিল বিরিয়ানী হাউজে। **(বাকি অংশ ৩৬ পাতায়)**

## বাড়ী ক্রয়ের প্রস্তুতি



এম. কামাল: নিউইয়র্কে বাড়ী ক্রয় করা যতনা সহজ বাড়ী রক্ষা বা বাড়ীর রক্ষণাবেক্ষণ তত কঠিন। তবে এজন্য বাড়ীর মালিককে শিল্পী হওয়ার প্রয়োজন নেই। কিন্তু এ সম্পর্কে **(বাকি অংশ ৩৬ পাতায়)**

# চাঁদ দেখা সাপেক্ষে বৃহস্পতিবার রোজা

**বাংলা পত্রিকা রিপোর্ট:** পবিত্র রমজান সমাগত। চাঁদ দেখা সাপেক্ষে আগামী ২৩ মার্চ বৃহস্পতিবার থেকে নিউইয়র্ক সহ উত্তর আমেরিকায় রোজা শুরু হওয়ার কথা। ফলে মুসলিম কমিউনিটিতে চলছে রজমানের প্রস্তুতি। বিশেষ করে বিভিন্ন মসজিদ কমিটির পক্ষ থেকে প্রকাশ করা হয়েছে রমাজান ক্যালেন্ডর, নিয়োগ করা হচ্ছে খতম তারাবীর নামাজের জন্য হাফেজ, চলছে তারাবীর নামাজ সহ ইফতার আয়োজনের প্রস্তুতি। তবে এসব আয়োজনে মহামারী করোনা পরিস্থিতি সামনে রাখা হচ্ছে। পাশাপাশি গ্রোসারী স্টোরগুলোতে রমজান মাসের প্রতিদিনের নিত্য প্রয়োজনীয় দ্রব্যসামগ্রী মজুত করা হচ্ছে। নিউইয়র্ক সিটির কুইন্সের জ্যামাইকা মুসলিম সেন্টার, **(বাকি অংশ ৪০ পাতায়)**

## সিটি হলে বাংলাদেশের স্বাধীনতা দিবস উদযাপনের সিদ্ধান্ত

**বিশেষ প্রতিনিধি:** চার শতাধিক বছরের পুরনো নিউইয়র্ক সিটির ইতিহাসে প্রথম নারী-মুসলমান কাউন্সিলওম্যান হিসেবে নির্বাচিত হবার পর থেকেই শাহানা হানিফ বিশ্বের রাজধানী খ্যাত এই সিটির ইতিহাসে নবতর অধ্যায়ের সংযোজন ঘটাচ্ছেন একের পর এক। গত ২১ ফেব্রুয়ারীর স্বীকৃতির পর ২৬ মার্চকে **(বাকি অংশ ৩৬ পাতায়)**

## ওয়াশিংটন দূতাবাসের ১ লাখ ৪৬ হাজার ডলার আত্মসাত, তদন্ত শুরু

মিজানুর রহমান: ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসের একটি অ্যাকাউন্ট থেকে ১ লাখ ৪৬ হাজার ডলার বেহাত হওয়ার অভিযোগ উঠেছে। সন্দেহজনক **(বাকি অংশ ৩৯ পাতায়)**

### টাইম টেলিভিশন'র উদ্যোগে ক্বেরাত প্রতিযোগিতা

# নতুন প্রজন্মের ব্যাপক অংশগ্রহণ

**বাংলা পত্রিকা রিপোর্ট:** পবিত্র মাহে রমজান উপলক্ষ্যে টাইম টেলিভিশন-এর উদ্যোগে প্রথমবারের মতো ক্বেরাত প্রতিযোগিতা-২০২৩ আয়োজন করা হয়েছে। এতে নতুন প্রজন্মে ব্যপক অংশগ্রহণ লক্ষ্য করা গেছে। এই আয়োজনের প্রথম পর্বে রোববার (১৯ মার্চ) টাইম টিভি'র নিজস্ব স্টুডিতে প্রতিযোগিরা অংশ নেন। এদিনে ৭টি প্রতিষ্ঠানের ২১জন প্রতিযোগী অংশগ্রহণ করেন। আগামী ২৬ মার্চ রোববার দ্বিতীয় পর্ব অনুষ্ঠিত হবে। আগ্রহী প্রতিযোগীদেরকে অংশগ্রহণ করার জন্য টাইম টেলিভিশন-এর পক্ষ থেকে অনুরোধ জানানো হয়েছে। রোববারের প্রতিযোগিতা পরিচালনায় ছিলেন নিউইয়র্কের জামেয়া কুরআনিয়া একাডেমী, জিএমসি উস্তাদ **(বাকি অংশ ১৮ পাতায়)**



*পবিত্র রমজান উপলক্ষে টাইম টিভি আয়োজিত ক্বিরাত প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের সাথে সমন্বয়কারী মাওলানা রশিদ আহমদ*

## অ্যাসাল'র আলবেনি ক্যাপিটেল রিজিওন চ্যাপ্টারের বর্ণাঢ্য অভিষেক

**বাংলা পত্রিকা ডেস্ক:** যুক্তরাষ্ট্রে এশিয়ার ৮ দেশীয় প্রবাসীদের অধিকার প্রতিষ্ঠার সংগঠন অ্যালায়েন্স অব সাউথ এশিয়ান আমেরিকান লেবার-অ্যাসাল'র আলবেনি ক্যাপিটেল রিজিওন চ্যাপ্টারের অভিষেক অনুষ্ঠিত হয়েছে। গত ১১ মার্চ আলবেনিতে নিউইয়র্ক স্টেট এএফএল-সিআইও'র হেডকোয়ার্টার কনফারেন্স হলে ২০২৩-২০২৪ সালের নয়া কমিটির এ অভিষেক হয়। কমিটির কর্মকর্তাদের **(বাকি অংশ ৪৪ পাতায়)**

## নারমিন রহমানের দাফন সম্পন্ন

**নিউইয়র্ক (ইউএনএ):** নিউইয়র্কে বাংলাদেশী কমিউনিটি পরিচিত মুখ, সাংস্কৃতিক ব্যক্তিত্ব ডা. নার্গিস রহমানের কন্যা, প্রবাসের উদীয়মান নৃত্যশিল্পী ও রেজিস্টার্ড নার্স 'নারমিন রহমান'-এর নামাজে জানাজা গত ১৫ মার্চ বুধবার বাদ মাগরিব (সন্ধ্যা ৭টা) জ্যামাইকা মুসলিম সেন্টারে অনুষ্ঠিত হয়। পরদিন বৃহস্পতিবার তার মরদেহ লং আইল্যান্ডস্থ ওয়াশিংটন মোমোরিয়াল **(বাকি অংশ ৪১ পাতায়)**



## দাওয়াত ও সংশোধনকারীর বৈশিষ্ট্য

জাফর আহমাদ

আল্লাহ তা'আলা বলেন, ("হে নবী!) কোমলতা ও ক্ষমার পথ অবলম্বন করো। সৎকাজের **(বাকি অংশ ৪৪ পাতায়)**

### খেলার খবর

## আইপিএল শুরুর আগেই বোমাফাটালেন গেইল

**স্পোর্টস ডেস্ক:** ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ (আইপিএল) শুরুর আগেই নিজের সাবেক দল রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুকে নিশানা করলেন ক্রিস গেইল। ওয়েস্ট ইন্ডিজের ক্রিকেটারের অভিযোগ, দলে মাত্র তিনজন ক্রিকেটারকে **(বাকি অংশ ৪৪ পাতায়)**

### হেলথ টিপস

## ভুল ভঙ্গিতে ঘুম নয়

**বাংলা পত্রিকা ডেস্ক:** ঘাড়ে, পিঠে ব্যথা হলে বিছানায় কিছুক্ষণ শুয়ে থাকার পরামর্শ দেন অনেকেই। কিন্তু এই বিছানায় শোয়ার দোষেই যে ঘাড় ও মেরুদন্ডে এমন ব্যথা হয়, তা কি **(বাকি অংশ ৩৬ পাতায়)**

### বিনোদন

## আরেফিন শুভর রোমান্স শুরু

বিনোদন ডেস্ক: এ সময়ের ব্যস্ত নায়কদের মধ্যে অন্যতম আরেফিন শুভ। গত কয়েক বছর ধরে অ্যাকশন সিনেমায়ই তাকে বেশি দেখা যাচ্ছে। গত বছরের শেষদিকে অ্যাকশন **(বাকি অংশ ৪৪ পাতায়)**

GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেলথ কেয়ার এজেন্সী
HHA/PCA & CDPAP SERVICE
Call: 718-775-7852
646-591-8396

ডায়াগনস্টিক এর জন্য লোক আবশ্যক
ব্রঙ্কসের পার্কচেস্টারে অবস্থিত স্বনামধন্য স্টারলিং ডায়াগনস্টিক এর জন্য জরুরী ভিত্তিতে Nurse Practitoner, Physician Assistant, Medical Assistant এবং Mammogram Technician আবশ্যক। বেতন আলোচনা সাপেক্ষ। শুধুমাত্র আগ্রহী প্রার্থীগণ যোগাযোগ করুন।
M.Ali: 267-342-1481
Email: info@starlingdiagnostics.com
starling diagnostics

বাংলা পত্রিকায় বিজ্ঞাপন দিন

ZAKIR CPA, PLLC
Certified Public Accountants
Accurate, Fast & Reliable Services
929-207-1516
1506 Castle Hill Ave,
2nd Floor, Bronx, NY-10462
Zakir Choudhury, CPA
Founder & CEO
www.zakircpa.com info@zakircpa.com

জ্যাকসন হাইটসে
মেঘনা ট্রাভেলস
718-478-1920
718-930-1494
বিস্তারিত ৩০ পাতায়

Largest & Most Reliable Travel Agent
CONCORDE Travel Inc
Jackson Heights: 347-448-6175
Manhattan: 212-563-2800
Call: 917-355-7374
বিস্তারিত ৩১ পাতায়

ট্রাভেল ব্যবসায় দীর্ঘদিন অভিজ্ঞতার আলোকে ওজনপার্কের প্রাণকেন্দ্রে অবস্থিত গ্লোবাল এয়ার সার্ভিস আপনাকে দিচ্ছে নিরাপদ এবং ঝামেলামুক্ত আকাশ ভ্রমণের সুযোগ
গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
হজ্জব্রত পালনকারীরগণ গ্রহণ করুন সর্বোত্তম সেবা ওমরা ও মূল হজ্ব
Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
76-01, 101 AVE, OZONE PARK, NY 11416
FAX: 718-296-8259, EMAIL: GLBL001@YAHOO.COM

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com